আজকাল

www.aajkaal.in | কলকাতা ২৮ আশ্বিন ১৪৩৩ শুক্রবার ১৬ অক্টোবর ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১৪ পাতা | পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা

For Retail and Wholesale Orders : • **VIP** - 98300 11120 • **Burra Bazar** - 98300 11135/98300 11136 • **Brabourne Road** - 98300 11139 • **Misti Hub** - 98300 11138 • **Sealdah** - 98300 11140 • **Hazra** - 98300 11137 • **Kankurgachi** - 98300 11134 • **Elliot Road** - 98300 11141 • **Metiabruz** - 8017038182 • **G. T. Road** - 98756 11243 • **Sodepur** - 98756 11168 • **Barrackpore** - 98300 11192 • **Kharagpur** - 98756 11174 • **Siliguri** - 98300 11143

AVAILABLE AT YOUR NEAREST STORE, IN FOOD MARTS AT LEADING SHOPPING MALLS AND ON ALL MAJOR ONLINE PLATFORMS

Corporate Office : Haldiram Bhujiawala Limited, VIP Main Road, Kolkata - 52 | Email : enquiry@prabhujipurefood.com

PrabhujiPureFood | **For Business Enquiry & Corporate Booking : +91 98300 11127** | **For Trade Enquiry, Call : 98756 11111**

*'PURE' does not represent its true nature. Due to its compound ingredients products.

www.prabhujipurefood.com

Scan to visit our website

হারানো/প্রাপ্তি

• এতদ্বারা জানানো হইতেছে যে, শ্রীমতি কাবেরী সরকারের মূল দলিলখানি তাহার নিকট হইতে হারাইয়া গিয়াছে, যাহা রেজিস্ট্রি অফিস ARA-I Kolkata, রেজিস্ট্রিকৃত বই নং ১, ভল্যুম ১৫, পৃষ্ঠা ৩৬৮৭ হইতে ৩৭০৯, দলিল নম্বর ০৭৭৭৭/২০১৩-তে লিপিবদ্ধ রহিয়াছে। এই সম্পর্কে ১২/১০/২০২৬ তারিখে ফুলবাগান থানায় ডায়েরী করা হইয়াছে। যাহা জি.ডি.ই নং ৯৯১/২৬ রূপে নথিভুক্ত হইয়াছে। কেহ পাইয়া থাকিলে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করিয়া ফেরৎ দিলে বাধিত থাকিব। **বিদিশা ভট্টাচার্য্য, অ্যাডভোকেট, ফোন নং ৯০৫১২৫৩২৯৬**

বিজ্ঞপ্তি

সাধারণ বিজ্ঞপ্তি

•মোকাম অতিরিক্ত জেলা ক্রেতা সুরক্ষা দফতর রাজারহাট, নিউটাউন, জেলা- দঃ ২৪ পরগনা, কমপ্লেন্ট কেস নং ৩৪২/২০২৪

শ্রী অজিত ঘোষ ... অভিযোগকারী

- বনাম -

মেসার্স এস. টি কনস্ট্রাকশান এবং অন্যান্য ...অপরপক্ষ

এতদ্বারা জানানো যাইতেছে যে, শ্রী অজিত ঘোষ, পিতা- স্বর্গীয় শরৎ চন্দ্র ঘোষ, সাকিন- ২৪/২/১৮, মন্ডল পাড়া লেন, থানা- বরাহনগর, কলিকাতা- ৭০০০৫০, জেলা- উত্তর ২৪ পরগনা, বর্তমানে ফ্ল্যাট নং ২০১, তৃতীয় তল, হোল্ডিং নং ৪৫ (৩০৫), দমদম কাশীপুর রোড, থানা- দমদম, কলিকাতা- ৭০০০৭৪, একটি মামলা দায়ের করিয়াছেন মেসার্স এস. টি কনস্ট্রাকশন এবং অন্যান্যদের বিরুদ্ধে উক্ত বর্ণিত অভিযোগকারীর ফ্ল্যাট রেজিস্ট্রেশন করিবার জন্য। উক্ত বিষয়ে উক্ত অপর পক্ষ ও অন্য কাহারো কোন আপত্তি থাকিলে অদ্য হইতে ৩০ দিনের মধ্যে তারক চৌধুরী, সুদিপ ব্যানার্জি, অপরাজিতা সাহা ও ঋতুপর্ণা সাহা মধ্যে আপত্তি দাখিল করিতে হইবে, অন্যথায় আইন অনুযায়ী শুনানী হইবে। **অনুমত্যানুসারে Sujit Mitra, সেরেস্তাদার অতিরিক্ত জেলা ক্রেতা সুরক্ষা দফতর রাজারহাট নিউটাউন, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।**

• District- South 24 Parganas In the Court of Ld. District Judge, At Alipore Act 39 Case No. 10 of 2026 (Probate) Basabi Sur Roy Daughter of Late Brojodulal Sur Roy, of 28, Lake East 3rd Road, P.O Santoshpur, P.S Purba Jadavpur, formerly Kasba, Ward No 103, Kolkata 700075, District-South 24 Parganas, Applicant / Petitioner.

Notice is hereby given that the applicant has filed this petition before this Court to obtain probate for the Will executed by her father Late Brojodulal Sur Roy, who was residing at 28, Lake East 3rd Road. P.O. Santoshpu P.S Purba Jadavpur formerly Kasba, Ward No 103, Kolkata 700075, District- South 24 Parganas. If anyone has any statement or objection regarding this matter, they must appear in person or submit a written objection through an advocate within 30 (thirty) days from the publication of this notice. Otherwise, the case will be disposed of ex-parte. **Sincerely Susanta Saha, 05/10/26 Sheristadar District Judge's Court Alipore, South 24 Parganas**

• মোকাম বারাকপুরের প্রথম সিভিল জজ (জুনিয়র ডিভিশন) আদালত মিস কেস নং- ২৭/২০২২ টাইটেল এক্সিকিউশন নং- ১১/২০২২

অনিল ঠাকুর, পিতা- ৺প্রেমচাঁদ ঠাকুর, সাং-৮১, প্যাটারসন রোড, পোঃ গরিফা থানা-নৈহাটী, জিলা-উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩১৬৬ ... দরখাস্তকারী

-বনাম-

১ (এ) শ্রীমতি উষা দে, স্বামী- ৺গৌরাঙ্গ দে, ১ (সি) শ্রী মানিক দে, ১ (ডি) শ্রীমতী সাবিত্রী দে, ১ (ই) শ্রীমতী সীমা দে, ১ (এফ) শ্রীমতী ঝুনি দে, সকলের পিতা- ৺গৌরাঙ্গ দে, সর্ব সাং- ৫, চন্দ্রশেখর রায় রোড পোঃ- গরিফা, থানা- নৈহাটী, জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭৪৩১৬৬ ... প্রতিপক্ষ

এতদ্বারা প্রতিপক্ষগণ আপনাদিগকে জানান হাইতেছে যে, উক্ত দরখাস্তকারী আপনাদিগের বিরুদ্ধে পুলিশ সাহায্যে দখল পাইবার জন্য উক্ত নম্বর মিসকেস দাখিল করিয়াছেন। উক্ত নম্বর মামলায় পরবর্তী তারিখে 23.11.26 সকাল ১০-৩০ মিনিটে আপনারা স্বয়ং অথবা উকিল বাবু মারফত হাজির হইবেন নতুবা আপনাদের বিরুদ্ধে মামলা একতরফা বিচার হইবে। **আদেশানুসারে Quazi Md. Imtiaz Ali সেরেস্তাদার প্রথম সিভিল জজ (জুনিয়র ডিভিশন) আদালত বারাকপুর, উত্তর ২৪ পরগনা।**

NAME CORRECTION

I, Prakash Sarkar, S/O Late Narayan Sarkar, R/O Gangpur Uttarpara, P.O.: Jotram, P.S.: Saktighar, dist.: Purba Bardhaman, West Bengal-713104. In my son's birth certificate, our names are wrongly recorded as Prakash Das, Son Raja Das, wife Alpana Das. Vide affidavit no. 8/16, dt-12/10/2026 in the court of Purba Bardhaman declared that Prakash Das and Prakash Sarkar, Raja Das and Raja Sarkar, Alpana Das and Alpana Sarkar both are the same and one identical person.

বিজ্ঞপ্তি

• জেলাঃ দক্ষিণ ২৪ পরগণা মোকাম আলিপুরের মহামান্য ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, এ্যাক্ট ৩৯ কেস নং ১৩৮/২০২৬ (প্রবেট)

আরতী দত্ত, ...মৃত ব্যক্তি

সোমনাথ দত্ত,

পিতা- সুকমল দত্ত, ঠিকানা- ৬৫/১বি, বেনিয়া পাড়া লেন, এন্টালী, পোষ্ট অফিস- এন্টালী, থানা- বেনিয়াপুকুর, কোলকাতা- ৭০০০১৪, জেলা- দক্ষিণ ২৪ পরগণা।

... আবেদনকারী

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, অত্র দরখাস্তকারী তাহার শুভাকাঙ্ক্ষী, মৃত আরতী দত্ত, স্বামী- মৃত সনৎ কুমার দত্ত এবং পিতা- মৃত প্রভাস চন্দ্র দে, ঠিকানা- ৫এফ, গোপাল নগর রোড, পোষ্ট অফিস-আলিপুর, থানা- আলিপুর, কোলকাতা- ৭০০০২৭, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, মহাশয়ার ত্যক্ত বিগত ইংরাজী ০৪/০২/২০১৬ তারিখে সম্পাদিত উইলের প্রবেট লইবার জন্য অত্র আদালতে উক্ত মোকদ্দমা দায়ের করিয়াছেন।

ইহাতে কাহারো কোন আপত্তি থাকিলে অত্র নোটিশ প্রকাশের ৩০ দিনের মধ্যে উক্ত আদালতে হাজির হইয়া জানাইবেন, নচেৎ মোকর্দ্দমাটি এক তরফা শুনানি হইবে। **অনুমত্যানুসারে সুশান্ত সাহা, সেরেস্তাদার মোকাম আলিপুর ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, দক্ষিণ ২৪ পরগণা 09/10/26**

• মহামান্য জেলা ও দায়রা আদালত, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

মিসলেনিয়াস কেস নং-৩০৭/২০২৫

দরখাস্তকারী:-

শ্রী তাপস কবিরাজ, পিতা- প্রয়াত খিরোদ বিহারী কবিরাজ, সাকিন- জাফরপুর পঞ্চানন পাঠাগার, পোঃ- নোনাচন্দন পুকুর, থানা- মোহনপুর জেলা- উত্তর ২৪ পরগনা, পিন- ৭০০১২১। এতদ্বারা সর্বসাধারনকে জানাইতেছে যে, উত্তর ২৪ পরগনা জেলার মোহনপুর থানার অধীন, নোনাচন্দন পুকুর পোষ্ট অফিস ভুক্ত জাফরপুর পঞ্চানন পাঠাগার গ্রাম নিবাসী শ্রী তাপস কবিরাজ উপরোক্ত আদালতে তাহার আপন বড়ভাই প্রয়াত জয়ন্ত কবিরাজ, পিতা- প্রয়াত খিরোদ বিহারী কবিরাজ এর কন্যা তৃষা কবিরাজ, ডিসএ্যাবেলড এবং মেন্টালি ইল পারসন এর ব্যক্তি ও সম্পত্তির লিগাল গার্জিয়ান সার্টিফিকেট পাইবার জন্য দরখাস্তকারী উপরোক্ত মোকদ্দমা আনয়ন করিয়াছেন। উক্ত বিষয়ে কাহারো বা ব্যক্তিগণের আপত্তি থাকে তাহা হইলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে উপরোক্ত আদালতে দাখিল করিবেন, অন্যথায় আইন আমলে আসিবে। **অনুমত্যানুসারে সব্যসাচী মিত্র, সেরেস্তাদার জেলা জজ কোর্ট, বারাসাত, উত্তর ২৪ পরগনা।**

• জেলা:- দক্ষিণ ২৪ পরগনা মোকাম আলিপুরের মহামান্য ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, ৫ম সিভিল জজ, সিনিয়র ডিভিশন, আলিপুর, এ্যাক্ট ৩৯ কেস নং ০৪ অফ ২০২৫

১) শ্রীমতি রীতা চ্যাটার্জী, স্বামী- শ্রী তপন কুমার চ্যাটার্জী, সাকিন-৩বি, গোবিন্দ ঘোষাল লেন, থানা- কালিঘাট, কলকাতা-৭০০০২৫

২) শ্রীমতি নিবেদিতা দে, স্বামী- স্বর্গীয় স্বপন দে, সাকিন-৬৬, শরৎ বোস রোড, থানা- বালিগঞ্জ, কলকাতা- ৭০০০২৫

৩) শ্রীমতি মিতা দত্ত, স্বামী- শ্রী কৌশিক দত্ত, সাকিন-১৩১, এন.এস.সি বোস রোড, ব্লক-৯, ফ্ল্যাট নং-৫, থানা- রিজেন্ট পার্ক, কলকাতা-৭০০০৪০ ...আবেদনকারীগণ

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে উক্ত আবেদনকারী গণ যৌথভাবে তাহাদের কাকীমা- স্বর্গীয়া পলি দে, সাকিন-৬৬, শরৎ বোস রোড, থানা- বালিগঞ্জ, কলকাতা- ৭০০০২৫ এর ত্যক্ত ৩৮,৪৪,০০২/- (আটত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার দুই) টাকার সাকসেশন সার্টিফিকেট পাইবার জন্য অত্র আদালতে দরখাস্ত করিয়াছেন। ইহাতে যদি কাহারও কোনও আপত্তি থাকে তাহা হইলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে স্বয়ং বা উকিলবাবু দ্বারা লিখিত আপত্তি দাখিল করিবেন অন্যথায় একতরফা শুনানী হইবে। **অনুমত্যানুসারে সুশান্ত সাহা, সেরেস্তাদার মহামান্য ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, আলিপুর, কলিকাতা-৭০০০২৭ 13.10.2026**

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, মোকাম: ডিস্ট্রিক্ট ডেলিগেট, [illegible]

বিজ্ঞপ্তি

[illegible]

সুকান্ত মৌলিক (সেরেস্তাদার) ডিস্ট্রিক্ট ডেলিগেট, আলিপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা

বিজ্ঞপ্তি

• State Consumer Disputes Redressal Commission, West Bengal Kreta Suraksha Bhawan, Ground Floor, 11A, Mirza Ghalib Street, Kolkata -700067

NOTICE

To

(1) M/s Skyview Construction, a partnership Firm, having its office at 68/1, Station Road, Dhakuria, P.S. Jadavpur, Kolkata- 700031.

(2) Sri Anup Mondal, son of Sri Sudhangsu Bhusan Mondal, Partner of M/s. Skyview Construction, residing at 68/1, Station Road, Dhakuria, P.S.- Jadavpur, Kolkata -700031.

3) Sri Anup Dasgupta, son of Late Nani Gopal Dasgupta, Partner of M/s. Skyview Construction, residing at 4/21, Bijaygarh, P.S.- Jadavpur, Kolkata- 700032.

(4) Sri Aloke Kumar Mitra,

(5) Sri Ashok Kumar Mitra, both sons of Late Satish Chandra Mitra,

(6) Smt. Manjusree Goswami, wife of Late Krishna Sachin Goswami and daughter of late Satish Chandra Mitra, all are residing at 5/1/2C, Cornfield Road, P.S. Gariahat, Kolkata-700 019,

(7) Smt. Kalpasree Chakraborty, wife of Sri Swapan Chakraborty, residing at 82/7F, Ballygunge Place, P.S.- Gariahat, Kolkata-700019,

(8) Smt. Suvasree Samajdar, wife of Sri Jayanta Samajdar, residing at 11B, Dakshin Behala Road, P.S.- Behala, Kolkata- 700 061,

(9) Smt. Chabbi Mitra, widow of Late Debobrata Mitra,

(10) Smt. Parama Bhattacharya, widow of Late Debobrata Mitra, both are residing at 5/1/2C, Cornfield Road, P.S.-Gariahat, Kolkata-700019.

Whereas Smt. Bipasa Ghosh, since deceased sabstituted as per order No.18 dated 29.08.2022 represented by her Legal Heirs Sri Amarlal Ghosh, Sri Saikat Ghosh and Smt. Aiswarya Ghosh have instituted an execution application being No. SC/19/EA/79 of 2024 against you.

Therefore, you are hereby summoned to appear before the Hon'ble Bench-II of this commission in person or by a pleader or by authorized representative on the 13.11.2026 at 10.30 O'clock in the forenoon, failing which the case will be heard and considered in your absence.

Given under my hand and seal on behalf of the Commission, this 1st day of October, 2026.

Sd/- By order Registrar,
Sd/- Registrar In-Charge
State Consumer Disputes Redressal Commission, West Bengal

• আমি ASMOTARA KHATUN, পিতা ISRAFIL SK, ঠিকানা– গ্রাম ও পোষ্ট– দক্ষিণ আলিপুর, থানা– বিষ্ণুপুর, জেলা- দঃ ২৪ পরগনা, পিন- 743503, রাজ্য– পশ্চিমবঙ্গ। গত 30.09.2026 তারিখে আলিপুর কোর্টের ফার্স্ট ক্লাস জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের এফিডেভিট (নং-75970) বলে আমি স্বেচ্ছায় ও স্বজ্ঞানে ইসলাম ধর্ম ত্যাগ করিয়া সনাতন হিন্দু ধর্ম গ্রহণ করিয়াছি এবং আমার পূর্বতন নাম ASMOTARA KHATUN এর পরিবর্তে নূতন নাম PRIYA BAR গ্রহণ করিয়াছি। বর্তমানে আমি বিবাহসূত্রে SATADAL BAR এর স্ত্রী এবং স্থায়ী ঠিকানা- গ্রাম– অমরাবতী, পোস্ট-লক্ষ্মীপুর প্রবর্তক, থানা- ফ্রেজারগঞ্জ কোস্টাল, দঃ ২৪ পরগনা, পিন- 743357, রাজ্য পশ্চিমবঙ্গ, ভবিষ্যতে সর্বক্ষেত্রে ও সকল নথিপত্রে আমি PRIYA BAR নামে পরিচিত হইব। ASMOTARA KHATUN এবং PRIYA BAR এক ও অভিন্ন ব্যক্তি।

● জেলা : দক্ষিণ ২৪ পরগণা
মোকাম আলিপুরের ৯ম অতিরিক্ত জেলা জজ আদালত ম্যাট্রিমোনিয়াল স্যুট নং ২২৪০ অফ ২০২৬ মনীষা মন্ডল স্বামী রানা মন্ডল পিতা দেবাশীষ দাস সাকিন ১৪৭/২, চাকদা পঞ্চাননতলা, থানা রিজেন্ট পার্ক, কলি ৯৩ ....দরখাস্তকারী বনাম রানা মন্ডল পিতা হরি মন্ডল সাকিন প্রযত্নে পরিতোষ নস্কর, চাকদা সাহাপাড়া, থানা রিজেন্ট পার্ক, কলি ৯৩ ....বিবাদী এতদ্বারা জানানো যাইতেছে যে, উপরোক্ত দরখাস্তকারী বিবাদীর বিরুদ্ধে উপরোক্ত আদালতে বিবাহ বিচ্ছেদের একটি মামলা আনয়ন করিয়াছেন। এই বিষয়ে কাহারও কোনো আপত্তি থাকিলে এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে আদালতে নিজে উপস্থিত হইয়া অথবা আইনজীবী মারফৎ বক্তব্য দাখিল করিবেন, নতুবা মোকদ্দমাটি একতরফাভাবে নিষ্পত্তি হইবে। আদেশানুসারে, পবিত্র কুমার মন্ডল সেরেস্তাদার আলিপুরের ৯ম অতিরিক্ত জেলা জজ আদালত দক্ষিণ ২৪ পরগণা

বিজ্ঞপ্তি

আমার মক্কেল আবুল হাসান মোল্লা পিতা আব্দুল হাই মোল্লা সাং কানখুলি থানা রবীন্দ্রনগর কলি-700066. 2920 নম্বর দলিলমূলে থানা মহেশতলা মৌজা চট্টাকালিকাপুর JL.22.L.R. Khatian 3154 LR Dag 4314 উক্ত দাগে 03 কাঠা জমি খরিদ করেন উক্ত দলিলের দাতাগনের পক্ষে নিযুক্ত আমমোক্তার SHH REAL ESTATE DEVOLOPER PVT. LTD পক্ষে ডাইরেক্টর সেখ আসগার আলি পিতা মৃত সেখ সওকাত আলি সাং 5/1 জয়কৃষ্ণ মোল্লা রোড কলি-63. উক্ত আমমোক্তার নামটি ইং 26/03/2021 সালে A.D.S.R Behala অফিসে রেজিষ্ট্রিকৃত Book No. 1 Volume No. 1607-2021 Page No. 187617 To 187636 Beeing No. 5008 এ বাবারে কাহারো কোন আপত্তি থাকলে T.M. Block Behala অফিসে যোগাযোগ করুন।

আমার মক্কেল **সিমান্ত সাহা**, পিতা- স্বর্গীয় শঙ্কর সাহা, ঠিকানা- মধ্যমুরালী, পোঃ- বাদু, থানা- বারাসাত, কোলকাতা-৭০০১২৪। আমার মক্কেল তার ১০৫১/২০১২৪ নং জমির সংযোগ দলিলটি হারিয়ে ফেলেছেন এবং এ বিষয়ে তিনি বারাসাত থানায় ডায়রি দাখিল করেছেন যাহার নং-২৪৫৯, তাং-২৫/০৩/২০২৬। সরকারি নিয়ম অনুযায়ী, আমার মক্কেল দৈনিক সংবাদপত্রে একটি নিখোঁজ বিজ্ঞপ্তি প্রকাশ করতে যাচ্ছেন। উক্ত দলিলখানি কোন সহৃদয় ব্যক্তি খুজিয়া পান তাহলে উক্ত মোবাইল নাম্বারে যোগাযোগ করিবেন। **মোঃ রাজ্জাক আলী গাজী এ্যাডভোকেট, বারাসাত জজ কোর্ট, কোলকাতা-৭০০১২৪। মোঃ 7797675940**

বিজ্ঞপ্তি

মোকাম ব্যারাকপুর ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, জেলা উত্তর ২৪ পরগণা

মিস কেস নং ১৪৪/২০২১ (লেটার অফ - এ্যাডমিনিস্ট্রেশন)

শ্রী অতনু ভট্টাচার্য্য, পিতা - স্বর্গীয় উমাপদ ভট্টাচার্য্য, সাং - জি-১২, নবাদর্শ কো-অপারেটিভ হাউসিং সোসাইটি, পোষ্ট - বিরাটী, থানা - এয়ারপোর্ট, কোলকাতা - ৭০০০৫১, জেলা উত্তর ২৪ পরগণা। .....দরখাস্তকারী

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে স্বর্গীয়া স্নেহলতা ভট্টাচার্য্য, স্বামী - মৃত উমাপদ ভট্টাচার্য্য-এর চরম ইচ্ছাপত্র, যাহা এ.ডি.এস.আর কাশীপুর দমদম অফিসে রেজিষ্ট্রীকৃত, বুক নং -৩, ভল্যুম নং -৫ পাতা - ১৫৩ থেকে ১৫৮ নম্বরে লিপিবদ্ধ যাহার নং- ১৭৫, তারিখ ০১/০৯/২০০৮। উক্ত ইচ্ছাপত্রের লেটার অফ এ্যাডমিনিস্ট্রেশন পাইবার জন্য উপরোক্ত দরখাস্তকারী উক্ত মামলা দায়ের করিয়াছেন। ইহাতে কাহারো কোনরূপ আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লিখিত আপত্তি দাখিল করিবেন। অন্যথায় অত্র মোকদ্দমার একতরফা শুনানি হইবে। তপশীল সম্পত্তির পরিচয় : জেলা উত্তর ২৪ পরগণা, থানা - এয়ারপোর্ট স্থিত ৫ কাঠা জমি, আর.এস দাগ নং ১১০১, ১৫৩৬ এবং ১১৪, আর, এস খতিয়ান নং ৬২॥ ও ৫২৩, জে এল নং ৫, মৌজা - বিশরপাড়া, হোল্ডিং নং ১৫০/১২২, ওয়ার্ড নং ১, উত্তর দমদম পৌরসভার অন্তর্গত, প্লট নং জি-১২, নবাদর্শ কো-অপারেটিভ হাউসিং সোসাইটি ও তদুপরিস্থিত পাকা গৃহাদী যাহা উক্ত মোকদ্দমার বিষয় বস্তু।

আদেশানুসারে
Quazi Md. Imtiaz Ali, সেরেস্তাদার ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত, ব্যারাকপুর

মোকাম ৫ম সিভিল জাজ জুনিয়র ডিভিশন আদালত, হাওড়া দেওয়ানী মোকদ্দমা নং ১২১৪/২০২৪

হাবিবর মিদ্দে দীগর বনাম ...বাদী গণ

হাবিবর রহমান লস্কর দীগর ...বিবাদী গণ

বিজ্ঞপ্তি

এতদ্বারা হাবিবর রহমান লস্কর, পিতা মৃত ইউনুস আলী লস্কর সাং ৬১/৩, ইডেন হাসপাতাল রোড, থানা বড়বাজার, জেলা কলকাতা জানান যাইতেছে যে উপরোক্ত মামলাটি অত্র আদালতে বিচারাধীন রয়েছে। আপনার উপর সাধারণ পদ্ধতিতে সমন জারী করা সম্ভব না হওয়ায়, অত্র আদালত থেকে আপনাকে নির্দেশ দেওয়া হচ্ছে যে, আপনি অত্র বিজ্ঞাপন প্রকাশের ৩০ দিনের মধ্যে অত্র আদালতে স্বয়ং বা আইনজীবী দ্বারা হাজির হইয়া উপরোক্ত মামলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন, নতুবা একতরফা বিচার হইবে।

SCHEDULE-A

All that piece and parcel of Land measuring about 24.5 decimal comprised in old Khatian no. 765, Hal Khatian no, 2221 Dag no.2739 & 2740, Mouza-Sankrail gram, P.S. Sankrail, District Howrah District Howrah.

SCHEDULE-B

All that piece and parcel of Land measuring about 16.5 decimal comprised in old Khatian no. 765, Hal Khatian no. 2221, Dag no.2739 & 2740, Mouza-Sankrail gram, P.S. Sankrail, District Howrah District Howrah. **Anup Bhowmik**
সেরেস্তাদার, 07.10.2026
মোকাম ৫ম সিভিল জাজ জুনিয়র ডিভিশন আদালত, হাওড়া

–আমমোক্তার নামা বিজ্ঞপ্তি–

আমি, আনন্দ দে (পিতা– অমল দে), সাং– পাল্টুপাড়া, রানাঘাট, নদীয়া, ৭৪১২০১। নদীয়া জেলার অন্তর্গত, রানাঘাট পৌরসভার ১৫৫ নম্বর রানাঘাট মৌজায় আর.এস. ১৯৪৪ ও ১৯৪৮, এল. আর. ৫৫৭১ ও ৫৫৭৭ নম্বর দাগে, এল.আর. ৪৫৭৭৫ নম্বর খতিয়ানে আমার নামীয় সম্পত্তিতে অবস্থিত যে ফ্ল্যাট রহিয়াছে তাহা হস্তান্তর, রেজিষ্ট্রীকরণ ও রেকর্ড সংক্রান্ত কার্য্যাদির জন্য আমি ১) সঞ্জীব অধিকারী (পিতা– কালীদাস অধিকারী), সাং– দে চৌধুরীপাড়া, রানাঘাট, নদীয়া, ৭৪১২০১, পশ্চিমবঙ্গ, ২) সুদীপ্ত দে (পিতা– সুশীল কুমার দে) সাং– শ্যামবাবু খিড়কী লেন, রানাঘাট, নদীয়া, ৭৪১২০১, পশ্চিমবঙ্গ, মহাশয়দ্বয়কে ইং ২৫/০৩/২০২৫ তারিখে রানাঘাট ১ নং এ. ডি. এস. আর. অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ২২৮৯/২৫ নম্বর ডেভেলপমেন্ট পাওয়ার অফ এ্যাটর্নী দলিল মূলে আমমোক্তার হিসাবে ক্ষমতা প্রদান করিয়াছি। তাহারা উক্ত ক্ষমতা বলে ১) বিকাশ চন্দ্র জোয়ার্দ্দার (পিতা- বিজয় কৃষ্ণ জোয়ার্দ্দার), সাং– হরিনগর পশ্চিমপাড়া, রানাঘাট, নদীয়া, পশ্চিমবঙ্গ, ৭৪১২০১ কে ইং ০৫/১০/২৬ তারিখে নদীয়া জেলা সদর অফিসের রেজিষ্ট্রীকৃত ৯৪৫৯/২৬ নং দলিল মূলে, ২) কল্পনা অধিকারী দাস (স্বামী– সঞ্জীব অধিকারী) সাং– দে চৌধুরী স্ট্রীট, রানাঘাট, নদীয়া, পশ্চিমবঙ্গ, ৭৪১২০১ কে ইং ১৩/১০/২০২৬ তারিখে ঐ অফিসের রেজিষ্ট্রীকৃত ৯৮৩৬/২৬ নং দলিল মূলে, ৩) রমেন সাহা (পিতা– রাধারমন সাহা) ও স্বাতী সাহা (স্বামী- রমেন সাহা) সাং– খিদিরপুর পশ্চিমপাড়া, বেথুয়াডহরী, নাকাশীপাড়া, নদীয়া, পশ্চিমবঙ্গ, ৭৪১১২৬ কে ইং ০৯/১০/২০২৬ তারিখে ঐ অফিসের রেজিষ্ট্রীকৃত ৯৭২৬/২৬ নং দলিল মূলে সম্পত্তি বিক্রয় করিয়াছেন, উক্ত বিক্রয় বিষয়ে আমার কোনরূপ আপত্তি নাই। এই মর্মে অদ্য ঘোষণাপত্র জনসাধারণ পক্ষে দাখিল করিলাম।

কৃষ্ণগোপাল সরকার
এ্যাডভোকেট
রানাঘাট কোর্ট, নদীয়া।

My client Mrs. Shelly Kundu intends to sell property ALL THAT piece and parcel of land measuring total 6.25 (Six Point Two Five) Decimal more or less ALONGWITH Two Storied Pucca Marble Flooring residential Structure standing thereon, measuring an area about total 1269 Sq.ft. (wherein Ground Floor area 528. Sq.ft. and Mezzanine Floor area 224 Sq.ft. and First Floor area 517 Sq.ft.) TOGETHER WITH One Car Parking Space with Cemented Flooring, measuring an area about 182 Sq.ft. more or less, under Plot No. E, comprised in Khatian No. 293 and 221, corresponding to Present L.R. Khatian No. 771 under Dag No. 311 and 316 corresponding to Dag Nos. 1289 & 1290, corresponding to L.R. Dag Nos. 311/1288 (measuring area of Shali Land: 2.25 Decimal) and 316/1289 (measuring area of Bastu Land: 04 Decimal), which is situated in Mouza- Abdalpur, J.L. No. 53, Re. Su. No. 35, Pargana-Anwarpur, Holding No. 95 of Abdalpur Colony, under Ward No.-4, within the local limits of Madhyamgram Municipality, under P.S. Barasat at Present Madhyamgram, if any person having any interest in respect of the above property must contact SMT. SOMA DHAR, ADVOCATE within 15 days.

ADVOCATE SOMA DHAR
CIVIL BAR LIBRARY,
DISTRICT BAR ASSOCIATION,
NORTH 24 PARGANAS,
BARASAT, KOLKATA- 700124.
MOBILE: +919830164728 / +919330743253

বিজ্ঞপ্তি

• This is to notify that my client, SMT. CHHAYA MITRA, wife of Sri Shankar Mitra, residing at 5 No. Surya Sen Pally, P.O-Nabapally, Dist- North 24-Pgs, who has purchased 1 Katha 4 Chhataks 5 sq.ft. of being Sale deed No. 01868/10, Dt. 16.04.2010, at ADSR office, Kadambagachi, Dag No. 268, Khatian No-1388, Mouza- Paschim Ichapur from JHUMA KARMAKAR has filed a petition being Mutation case No. MN 2026/1502/41843 before Barasat-I B.L. & L.R.O. Two chain Dalils are enclised herewith No. 3550/08. 3325/06, If any objection from anybody is appeared, he/she may appear before the Ld. B. L. & L.R.O. office and file objection within 30 days of PUBLICATION of this advertisement failing which the matter shall proceed exparte in accordance with law.

Supriya Sengupta. Adv.
Barasat Judges' Court
15.10.26

NOTICE FOR MUTATION OF LAND

An application for land mutation has been filed before the office of the B.L. & L.R.O., Magrahat -1 Block in respect of land i.e. Mouza Tulyan, J.L. No. 119, Dag No. 1317, area of 20 Decimals, which is being transferred through Power of Attorney, namely Daiyan Gayen in favour of Md. Ismail Akhan vide Deed No. 1330/2021. Any person having objection, claims or interest in the property may submit their written objection to the undersigned authority within 15 days of this publication.

Issued by the applicant
Name-Md. Ismail Akhan
Son of Late Sahalam Akhan,
Address: Vill - Tala Tulyan, P.O. Sangrampurhat, P.S. - Usti, District South 24 Parganas, Pin 743355

নাম পদবি পরিবর্তন

• আমি Jhuma Das Rajbanshi w/o Somnath Das D/o Tarak Rajbanshi বিবাহ পূর্বে আমার নাম ছিল , Jhuma Rajbanshi ও ভোটার কার্ডে Jhuma Das (Rajbanshi) রেকর্ড আছে। গত ১৪/১০/২০২৬ তারিখ ব্যারাকপুর ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এফিডেভিট (নং:- ৯৬) দ্বারা আমি Jhuma Das Rajbanshi নামে পরিচিত হইলাম

• আমি Shabnam Banu w/o Sekh Apu Kalam,আমার পুত্র Sk. Ashique এর বার্থ সার্টিফিকেটে আমার নাম Swapna Begam রেকর্ড আছে। গত ০৬/০৮/২০২৬ তারিখে ব্যারাকপুর 1st Class J.M কোর্টের এফিডেভিটে আমি Shabnam Banu নামে পরিচিত হইলাম ও উভয় নাম একই ব্যক্তি

• আমি Jayanta Chatterjee (আধার নং - ৯৬৩৬৯৯৯৩৫১০৫) S/O Lt• Bankim Chandra Chatterjee, ঠিকানা- ৯০ বাবুপাড়া রোড। পোঃ + থানা - ভাটপাড়া, ভাটপাডা (M),জেলা ২৪ পরগনা (উঃ) পিন-৭৪৩১২৩; আমার নাম Higher Secondary Examination (vide Roll-Bhat, No-3 in the year 1974) Jayanta Chattopadhyay, S/O Bankim Chandra Chattopadhyay রেকর্ড আছে এবং আমার নাম B.Com (Two Year Pass) Examination তে Jayanta Chattopadhyay, S/O Bankim Chandra Chattopadhyay রেকর্ড আছে (vide Roll-300/MXPC/0328 in the year 1991) এবং আমার নাম Marriage Certificate তে (No-1606 Dt-16/12/1992) Jayanta Chattopadhyay, S/O Bankim Chandra Chattopadhyay রেকর্ড আছে| গত ০১/১০/২০২৬ তারিখে ব্যারাকপুর ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টের এফিডেভিট নং -122 দ্বারা Jayanta Chatterjee S/O Lt• Bankim Chandra Chatterjee এবং Jayanta Chattopadhyay S/O-Bankim Chandra Chattopadhyay একই ব্যক্তি।

• আমি Samar Kumar Biswas পিতা, Sisir Kumar Biswas নিবাস CollegePally West, পোস্ট :- Sewli থানা:- Mohanpur, পিন:-700121 গত 06/10/2026তারিখে বারাকপুরকোর্ট ফার্স্টক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের নিকট এফিডেভিটবলে জানাইতেছিযে আমার ড্রাইভিংলাইসেন্সে (নং:- WB23 20100098217) আমার পিতার নাম Sisir Kr Biswar আছে। আমার পিতা Sisir Kumar Biswas ও Sisir Kr Biswar এক ও অভিন্নব্যক্তি।

• আমি RUMA BHOUMICK @ RUMA CHOWDHURY, পিতা - শ্রী DIPAK CHOWDHURY, সাং - ১,কালীচরণঘোষ রোড, পোস্ট -সিঁথি, থানা -বরানগর, জেলা -উত্তর২৪পরগনা, পিন -৭০০০৫০, আমার বিবাহেরপূর্বের নাম RUMA CHOWDHURY রেকর্ডছিলো,ও বিবাহেরপর আমারনাম RUMA BHOWMICK CHOWDHURY স্বামী- শ্রী ASHIM BHOUMICK রেকর্ডহলো এবং ০৩/০৭/২০২৬তারিখে ব্যারাকপুরকোর্ট থেকে ডিভোর্স হওয়ারপর আমি গত ১২/১০/২০২৬তারিখে ব্যারাকপুরকোর্টের 1stclass জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এফিডেভিটেবলে RUMA CHOWDHURY, RUMA BHOWMICK , RUMA BHOUMICK এবং RUMA BHOWMICK CHOWDHURY উভয় একইব্যক্তি, এস.এল.নং-২৪৮.

নাম পদবি পরিবর্তন

• আমি BAPAN GHARAMI, S/O MANORANJAN GHARAMI, ঠিকানা; নবজীবনপল্লি, বাণীপুর, থানা–হাবড়া, জেলা–উঃ ২৪ পঃ, পিন–743233। আমার আধার ও প্যান কার্ডে আছে BAPAN BISWAS, S/O MANORANJAN BISWAS। গত 7/10/2026 জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (ফার্স্ট ক্লাস) বারাসাত কোর্টের এফিডেভিট (নং–20935) বলে আমার সঠিক নাম BAPAN GHARAMI, S/O MANORANJAN GHARAMI হয়েছি। BAPAN GHARAMI ও BAPAN BISWAS ও আমার বাবা MANORANJAN GHARAMI ও MANORANJAN BISWAS এক ও অভিন্ন ব্যক্তি।

• আমি SANKAR SINGHA, S/O-SANTOSH SINGHA, গ্রাম–পাটুলী ঘোষপাড়া, পোঃ–আব্দালপুর, থানা– মধ্যমগ্রাম, জেলা–উত্তর ২৪ পরগনা, পিন–৭০০১৫৫। আমার খরিদাকৃত সাফ বিক্রয় কোবালা দলিলে যাহার দলিল নং–08671, dated-31/07/1991, registered at A. D. S. R. O. Barasat। ইহাতে ভুলবশত আমার নাম SANKAR KUMAR SINGHA, S/O SANTOSH KUMAR SINGHA হইয়াছে। বিগত ইংরাজী 23.09.2026 তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (ফার্স্ট ক্লাস) বারাসাত কোর্টের এফিডেভিট নং–16 409 বলে আমার সঠিক নাম SANKAR SINGHA, S/O SANTOSH SINGHA এক ও অভিন্ন ব্যক্তি।

• আমি KALIPADA ROY গত 10/8/2023 তারিখে চুঁচুড়া জুডিসিয়াল কোর্টে এফিডেভিট বলে Kalipada Roy ও Bhuban Roy এক এবং অভিন্ন ব্যক্তি।

• আমি Papri Dutta Seal, স্বামী Arnab Dutta, ঠিকানা - 41, ব্যানার্জী লেন, রানাঘাট, নদীয়া। আমার সঠিক নাম Papri Dutta Seal যা আমার আধার কার্ড (No.4139 7661 2972) ও দরকারী কাগজপত্রে উল্লেখ আছে। বিয়ের পর আমি Papri Dutta নামে পরিচিত হই। আমার মেয়ে Sanghita Dutta জন্ম সার্টিফিকেটে আমার নাম Papri Dutta হয়ে যায়। গত 24.09.2026 তারিখ Ld. জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (1st Class) রানাঘাট কোর্টে এফিডেভিট (No.38509) বলে আমি Papri Dutta Seal ও Papri Dutta এক ও অভিন্ন ব্যক্তি বলে পরিচিত হইলাম।

• আমি রোমিও দাশ, পিতা সুনীল বিহারী দাশ, ঠিকানা ১৯/১, ঝামাপুকুর লেন, কোলকাতা ৭০০০০৯, থানা- আমহার্স্ট স্ট্রীট, ২৪শে জুন, ২০২৬ কোলকাতা নোটারী এভিডেভিটে আমি জানাচ্ছি আমার মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ডে পিতার নাম সুনীল বিহারী দাশ আছে। কিন্তু আমার আধার কার্ড, প্যান কার্ড ও ভোটার কার্ডে পিতার নাম সুনীল দাশ আছে। আমার পিতা সুনীল বিহারী দাশ ও সুনীল দাশ এক ও অভিন্ন ব্যক্তি।

• I, SUHANA ISLAM D/O SHEIKH SARIFUL ISLAM & W/o MD AZIM RESIDENT OF PREMISES NO. 49A, BRIGHT STREET, P.O-CIRCUS AVENUE P.S. KARAYA, KOLKATA-700017 DO HEREBY DECLARE THAT MY HUSBAND HAVE CHANGED HIS NAME FROM MD AJIM (OLD NAME) TO MD AZIM (NEW NAME) AND HENCEFORTH HE SHALL BE KNOWN AS MD AZIM (NEW NAME) IN ALL PURPOSE, VIDE AFFIDAVIT NO. 21368 SWORN BEFORE THE LD. 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT SEALDAH ON 14.10.2026. MY HUSBAND MD AZIM (NEW NAME) AND MD AJIM (OLD NAME) BOTH ARE SAME AND ONE IDENTICAL PERSON.

• MY ACTUAL NAME PROVARANI MRIDHA, D/O- NIROD MRIDHA. R/O-124/1/1, TAKI ROAD NORTH, KALIKAPUR P.O- BARASAT, P.S- BARASAT, DIST-NORTH 24 PARGANAS, PIN-700124. STATE WEST BENGAL, WRONGLY MY NAME IN SOME VALUABLE DOCUMENT RECORDED AS PROVARANI MAITRA, D/O-NIROD BIHARI MAITRA, VIDE AFFIDAVIT (SL NO. 19720) DATED ON 17.09.2026 LD. 1ST CLASS JUDICIAL MAGISTRATE, BARASAT COURT DECLARED THAT PROVARANI MRIDHA, D/O- NIROD MRIDHA AND PROVARANI MAITRA, D/O-NIROD BIHARI MAITRA IS THE SAME AND ONE IDENTICAL PERSON.

• I Arpita Neogi, W/o Ranadhir Neogi, D/O Swadesh Majumder & Minati Majumder, of 12/1A, Judu Bhattacharya, Lane, P.S. Kalighat, Kol.-26. That in my Aadhaar Card and Pan Card my name has been recorded as Arpita Neogi. That in my Voter Card and Passport my name has been recorded as Arpita Majumder. That Arpita Neogi and Arpita Majumder both are the same and identical person as per Affidavit before the Notary Public at Alipore being S. L. No. 52 dated 15.10.2026.

• I, Sri Tapan Karan, alias Bimal Karan, S/o. Late Mrityunjay Karan, residing at 9/1, Vivekananda Park, Bansdroni, Police station Bansdroni, Kolkata 700070, District South 24 Parganas vide an Affidavit No. 24622 before the Learned 1st class Judicial Magistrate at Alipore, that Tapan Karan and Bimal Karan is the same and one identical person belongs to me.

নাম/পদবি পরিবর্তন

আমি MONJU GHOSH আমার স্বামী উত্তম কুমার ঘোষ, আমার পিতা সুশীল কুমার পাল। আমার স্থায়ী ঠিকানা Block -A, 26/2 N.R.S CO-OPERATIVE NAYABAD kolkata-700094 ভুলবশত আমার সব ডকুমেন্টে আমার নাম MANJU GHOSH হয়ে গিয়েছে। আমি (Bank Shall Court) 1st class জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের সামনে একটি এফিডেভিট দিয়েছি তার Sl No:362 12th oct 2026, এখানে ঘোষণা করা হয়েছে যে, MANJU GHOSH ও MONJU GHOSH, -দুজনেই একই ব্যক্তি, আমিই MONJU GHOSH Mob:6291634001

McLEOD RUSSEL
Believe in tea

ম্যাকলয়েড রাসেল ইন্ডিয়া লিমিটেড

কর্পোরেট আইডেন্টিটি নম্বর: L51109WB1998PLC087076
রেজিস্টার্ড অফিস: চার ম্যাঙ্গো লেন, সুরেন্দ্র মোহন ঘোষ সরণি, কলকাতা–৭০০০০১
ফোন: ০৩৩–২২১০–১২২১, **ফ্যাক্স:** ০৩৩–২২৪৮–৩৬৮৩
ই–মেল: administrator@mcleodrussel.com; **ওয়েবসাইট:** www.mcleodrussel.com

শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি

ফিজিক্যাল শেয়ারের ডিম্যাটেরিয়ালাইজেশন এবং ট্রান্সফার রিকোয়েস্ট পুনরায় জমা দেওয়ার জন্য বিশেষ উইন্ডো

৩০ জানুয়ারি, ২০২৬ তারিখের সেবি সার্কুলার নং HO/38/13/11 (2)2026–MIRSD–POD/I/3750/2026 অনুযায়ী, কোম্পানি ফিজিক্যাল শেয়ারের ডিম্যাটেরিয়ালাইজেশন এবং শেয়ার ট্রান্সফার রিকোয়েস্ট পুনরায় জমা দেওয়ার জন্য একটি বিশেষ উইন্ডোর সুবিধা প্রদান করেছে। বিশেষ উইন্ডোটি ৪ ফেব্রুয়ারি, ২০২৭ পর্যন্ত খোলা থাকবে। এই বিশেষ উইন্ডোর সুবিধাটি শুধুমাত্র সেইসব ট্রান্সফার রিকোয়েস্ট জমা দেওয়া এবং ফিজিক্যাল শেয়ারের ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য প্রযোজ্য যেখানে ১ এপ্রিল, ২০১৯–এর আগে ট্রান্সফার ডিড সম্পাদিত হয়েছিল বা ক্ষেত্রবিশেষে শেয়ার বিক্রি/ক্রয় করা হয়েছিল, তা ১ এপ্রিল, ২০১৯–এর আগে জমা দেওয়া হোক বা না হোক এবং মূল শেয়ার সার্টিফিকেট(গুলি) উপলব্ধ থাকে।

যোগ্য শেয়ারহোল্ডাররা মূল শেয়ার সার্টিফিকেট(গুলি) এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র সহ তাদের ট্রান্সফার রিকোয়েস্ট কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) মাহেশ্বরী ডাটামেটিক্স প্রাইভেট লিমিটেড, ইউনিট: ম্যাকলয়েড রাসেল ইন্ডিয়া লিমিটেড, ২৩ আর.এন. মুখার্জি রোড, ৫ম তলা, কলকাতা ৭০০০০১, টেলিফোন: +৯১ ৩৩ ২২৪৮ ২২৪৮/২২৪৩ ৫০২৯, ই–মেল: contact@mdplcorporate.com–এ জমা দিতে পারেন।

অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে শেয়ারগুলি ট্রান্সফারির অ্যাকাউন্টে বাধ্যতামূলকভাবে শুধুমাত্র ডিম্যাট মোডেই ক্রেডিট করা হবে এবং হস্তান্তরের নিবন্ধনের তারিখ থেকে এক বছরের জন্য লক–ইন–এর অধীনে থাকবে এবং উক্ত লক–ইন সময়কালে তা হস্তান্তরযোগ্য/লিয়েন–মার্ক/বন্ধকযোগ্য হবে না।

ম্যাকলয়েড রাসেল ইন্ডিয়া লিমিটেড–এর পক্ষে
স্বা/–
স্থান: কলকাতা **অলোক কুমার সামন্ত**
তারিখ: ১৫ অক্টোবর, ২০২৬ **কোম্পানি সেক্রেটারি**

বামার লরী ইনভেস্টমেন্টস লিমিটেড

(ভারত সরকারের একটি সংস্থা)
CIN: L65999WB2001GOI093759
রেজিস্টার্ড অফিস ঃ ২১, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০ ০০১
ফোন ঃ (০৩৩) ২২২২ ৫২২৭, ই-মেল ঃ lahoti.a@balmerlawrie.com
ওয়েবসাইট ঃ www.blinv.com

শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি

ফিজিক্যাল সিকিউরিটিজ স্থানান্তর এবং ডিমেটিরিয়ালাইজেশন (ডিম্যাট)-এর জন্য ৫ই ফেব্রুয়ারি ২০২৬ থেকে ৪ঠা ফেব্রুয়ারি ২০২৭ তারিখ পর্যন্ত স্পেশাল উইন্ডো

অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়ার ৩০শে জানুয়ারি ২০২৬ তারিখের সার্কুলার, রেফারেন্স নং HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 এবং রেজিস্ট্রার্স টু অ্যান ইস্যু অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্টদের জন্য ৬ই ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মাস্টার সার্কুলারের সেকশন-IV-এর ১৭নং অনুচ্ছেদের সঙ্গে পঠিত ফিজিক্যাল সিকিউরিটিজের স্থানান্তর এবং ডিমেটিরিয়ালাইজেশন (ডিম্যাট)-এর জন্য ৫ই ফেব্রুয়ারি ২০২৬ থেকে ৪ঠা ফেব্রুয়ারি ২০২৭ তারিখ পর্যন্ত একটি স্পেশাল উইন্ডো চালু করা হয়েছে।

যোগ্যতা, পদ্ধতিগত প্রয়োজনীয়তা, অন্যান্য শর্তাবলি এবং বিস্তারিত তথ্য উল্লিখিত সেবি সার্কুলারগুলিতে পাওয়া যাবে, যা নিচের নিচের লিঙ্কগুলির মাধ্যমে দেখা যেতে পারে ঃ

(ক) ৩০.০১.২০২৬ তারিখের সার্কুলার - **https://www.sebi.gov.in/web/?file=https://www.sebi.gov.in/sebi_data/attachdocs/jan-2026/1769772850270.pdf#page=1&zoom=page-width,-15,842**

(খ) ০৬.০২.২০২৬ তারিখের মাস্টার সার্কুলার - **https://www.sebi.gov.in/web/?file=https://www.sebi.gov.in/sebi_data/attachdocs/feb-2026/1770374720586.pdf#page=1&zoom=page-width,-15,842**

যে কোনো জিজ্ঞাসা/লজিং অনুরোধের জন্য শেয়ারহোল্ডাদের কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট, মেসার্স এমইউএফজি ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (ইউনিট ঃ বামার লরী ইনভেস্টমেন্টস লিঃ)-এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। ঠিকানা ঃ রসোই কোর্ট, ৬ষ্ঠ তল, ২০, স্যার আর. এন. মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১, ভারত, টেলিফোন নং ঃ (০৩৩) ৬৯০৬ ৬২০০, ই-মেল ঃ investor.helpdesk@in.mpms.mufg.com

বামার লরী ইনভেস্টমেন্টস লিমিটেড-এর তরফে
স্বাঃ
অভিষেক লাহোটি
স্থান ঃ কলকাতা কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার
তারিখ ঃ ১৬ই অক্টোবর, ২০২৬ এসিএস ২৫১৪১

কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল–২

জীবনসুধা বিল্ডিং, ৭ নং ফ্লোর, ৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা–৭০০০৭১

কেস নং: টিআরসি/১২৯/২০২৬

ইউকো ব্যাঙ্ক
বনাম
দেবজ্যোতি দে এবং অন্যান্য

বিক্রয় বিজ্ঞপ্তি

মহামান্য রিকভারি অফিসার, ডিআরটি–২, কলকাতা কর্তৃক প্রদত্ত ৩০.০৭.২০২৬ তারিখের আদেশনামা মোতাবেক নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করা হবে :

AAII D/BLK-10–তে সম্পূর্ণা নামে নির্মাণ হতে যাওয়া/নির্মাণের অধীন প্রস্তাবিত এইচআইজি স্কিম প্রোজেক্টের ব্লক/টাওয়ার নম্বর তৃতীয়া টাওয়ার IV এর ফিফথ ফ্লোরে ১৮২০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার টাইপ এ ফ্ল্যাট নং ৫০১ এর সমগ্র, একটি কার পার্কিং স্পেস সহ, প্রেমিসেস নং ০১–০৭০৯, অ্যাকশন এরিয়া IID নিউ টাউন, থানা নিউ টাউন, কলকাতা–৭০০১৫৭, জেলা উত্তর ২৪ পরগনা।

‘যেখানে যেমন যেভাবে আছে’ ভিত্তিতে ই–নিলামের মাধ্যমে যা এই ট্রাইবুনালের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষ হবে। ই–নিলামে অংশ নেওয়ার জন্য আগ্রহী ক্রেতাগণকে সংরক্ষণ মূল্যের ১০% হারে ‘Recovery Officer, DRT-II, Kolkata’–এর অনুকূলে ডিমান্ড ড্রাফ্ট/ পে–অর্ডার রূপে অথবা সার্টিফিকেট ধারক ব্যাঙ্কের সঙ্গে পরামর্শক্রমে নেটব্যাঙ্কিংয়ের মাধ্যমে ইএমডি অর্থাঙ্ক জমা দিতে হবে যা সফল দরদাতার ক্ষেত্রে সমন্বয় করা হবে এবং অন্যান্যদের ক্ষেত্রে ই–নিলাম রিপোর্ট প্রাপ্তির পরেই ফেরত দেওয়া হবে। সফল ক্রেতা হিসেবে ঘোষণা করার পর এবং ই–নিলাম সম্পন্ন হওয়ার পরে পরবর্তী কাজের দিনের মধ্যে (পরবর্তী কাজের দিনটি রবিবার বা ছুটির দিন হলে তার পরবর্তী প্রথম কর্মদিবসে) অর্থাৎ, বিকেল ৪টার মধ্যে সফল দরদাতাকে ইএমডি সমন্বয়ক্রমে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক জমা দিতে হবে, যেমনটা করতে তিনি ব্যর্থ হলে তাঁর তরফে জমা দেওয়া ইএমডি বাবদ অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে। ক্রেতা নিলাম বিক্রির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে সম্পত্তির বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক জমা দেবেন। যে পরিমাণ সংরক্ষণ মূল্যের কমে ওপরে লেখা সম্পত্তি বিক্রি করা হবে না, তা হল **₹১,১৩,২০,৫০০/– (এক কোটি তেরো লক্ষ কুড়ি হাজার পাঁচশো টাকা মাত্র)**। বিড বাড়ানোর মূল্য হবে সংরক্ষণ মূল্যের ১%। অন্যান্য শর্ত ও নিয়মাবলি এই মামলা অর্থাৎ, টিআরসি/১২৯/২০২৬–এর প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী দ্বারা জারিকৃত **১৪.১০.২০২৬** তারিখ সংবলিত বিক্রির ঘোষণাপত্রের অনুরূপ হবে।

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে, ওপরে বর্ণিত সম্পত্তি অনলাইন নিলামের (ই–অকশন) মাধ্যমে **২০.১১.২০২৬ তারিখে দুপুর ৩টা থেকে বিকেল ৪টার মধ্যে** প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের সীমাহীন স্বতঃসম্প্রসারণে **http://drt.auctiontiger.net** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে আয়োজিত হবে। সম্ভাব্য দরদাতারা **http://drt.auctiontiger.net** ওয়েব পোর্টাল থেকে এই বিক্রয়ের ঘোষণাপত্র এবং বিক্রয় বিজ্ঞপ্তি ডাউনলোড করে নেবেন এবং এবং এই ই–নিলামে অংশ নেওয়ার জন্য **১৭.১১.২০২৬** তারিখ বা তার আগে এই ওয়েব পোর্টালে তাঁদের নাম রেজিস্টার করবেন। ই–নিলামে অংশ নিতে হলে তাঁদের নিজস্ব প্রস্তাবের সঙ্গে ‘Recovery Officer, DRT-II, Kolkata’–এর অনুকূলে কাটা ও কলকাতা–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্ট/ পে–অর্ডাররূপে ইএমডি জমা দিতে হবে।

অবশ্য নিম্নস্বাক্ষরকারী নিলামের সময়ে নেটওয়ার্কের মাধ্যমে সঙ্ঘটিত কোনও ত্রুটির জন্য দায়ী থাকবেন না।

অনলাইনের মাধ্যমে লগইন এবং নিলামে অংশগ্রহণের জন্য ই–অকশন ব্যবস্থাপক কোম্পানির মাধ্যমে আরও নির্দেশাদি (যদি থাকে) সমেত রেজিস্টার্ড অংশগ্রহণকারীগণ/আগ্রহী ক্রেতাদের কাছে সরাসরি ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাঠানো হবে।

নিলামের অনুমোদিত পরিষেবা প্রদানকারী সংস্থা সম্পর্কিত তথ্য: ই–প্রোকিওরমেন্ট টেকনোলজিস লিমিটেড, মোবাইল: ৯৯৭৮৫৯১৮৮৮, ই–মেল: support@auctiontiger.net.

আগ্রহী বিডাররা শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত আরও বিস্তারিত তথ্য এবং ই–নিলাম সম্পর্কিত অন্য সহায়তা পেতে http://drt.auctiontiger.net দেখতে পারেন। পরিদর্শন এবং অন্যান্য বিবরণের জন্য অনুগ্রহপূর্বক এখানে যোগাযোগ করবেন: **মিসেস স্বর্ণালী দত্ত, ফোন নম্বর–৯৮৭৫৩৮৮৭৮২।**

স্থান: কলকাতা **(ওম কুমার)**
তারিখ: ১৪.১০.২০২৬ **রিকভারি অফিসার**

यूको बैंक UCO BANK

(A Govt. of India Undertaking)

জোনাল অফিস, শিলিগুড়ি

রজনী বাগান, হিল কার্ট রোডের ওপর, ওয়ার্ড নং ১১, শিলিগুড়ি, (পশ্চিমবঙ্গ)–৭৩৪০০১
ইউকো ব্যাঙ্ক, লোহাপুর শাখা,
কাটগড়িয়া মোড়ের কাছে, পোঃঅঃ লোহাপুর, বীরভূম, পশ্চিমবঙ্গ– ৭৩১২৩৭

পরিশিষ্ট–IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, **ইউকো ব্যাঙ্ক, লোহাপুর শাখার (১৭০৮)** অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের শাখার **ঋণগ্রহীতা(গণ) মেসার্স রোকসানা এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর: মিঃ সাবের শেখ, গ্রাম তিথিডাঙ্গা, পোঃঅঃ গোপালচক, তিথিডাঙ্গা জুম্মা মসজিদের কাছে, থানা নলহাটি, জেলা বীরভূম, পশ্চিমবঙ্গ পিন: ৭৩১২৩৭, মিঃ সাবের শেখ, পিতা: গোলাম মোস্তফা, মেসার্স রোকসানা এন্টারপ্রাইজ–এর প্রোপ্রাইটর, নিবাস গ্রাম তিথিডাঙ্গা, পোঃঅঃ গোপালচক, তিথিডাঙ্গা জুম্মা মসজিদের কাছে, থানা নলহাটি, জেলা বীরভূম, পশ্চিমবঙ্গ পিন: ৭৩১২৩৭ এবং জামিনদার মিসেস খতেমা বিবি, স্বামী: গোলাম মোস্তফা, নিবাস গ্রাম তিথিডাঙ্গা, পোঃঅঃ গোপালচক, তিথিডাঙ্গা জুম্মা মসজিদের কাছে, থানা নলহাটি, জেলা বীরভূম, পশ্চিমবঙ্গ পিন: ৭৩১২৩৭–এর প্রতি ০৯.০৭.২০২৬** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **০৯.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে ব্যাঙ্কের পাওনা বাবদ ₹১১,৩১,৮৭২.০৬ (এগারো লক্ষ একত্রিশ হাজার আটশো বাহাত্তর টাকা এবং ছয় পয়সা মাত্র) [২৮.০২.২০২৬ পর্যন্ত সুদ ধরা আছে],** তৎসহ পরবর্তীতে এর ওপর পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচাপাতি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের প্রতি জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **১৪ অক্টোবর, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) ও জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন ০৯.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে **₹১১,৩১,৮৭২.০৬ (এগারো লক্ষ একত্রিশ হাজার আটশো বাহাত্তর টাকা এবং ছয় পয়সা মাত্র) [২৮.০২.২০২৬ পর্যন্ত সুদ ধরা আছে], তৎসহ পরবর্তীতে এর ওপর পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচাপাতি ইত্যাদি সমেত ইউকো ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।**

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

মিসেস খতেমা বিবি, স্বামী: গোলাম মোস্তফা–এর নামে গত ২০.০৩.২০১৮ তারিখের দলিল নং I–২৭৮৫ মারফত নিবন্ধীকৃত আবাসিক জমি এবং ভবনের অপরিহার্য সমগ্র পরিমাণ, যার স্থিতি ও বিবরণ: গ্রাম তিথিডাঙ্গা, তিথিডাঙ্গা জুম্মা মসজিদের কাছে, শীতলগ্রাম পঞ্চায়েতের অধীনে, পোঃঅঃ গোপালচক, থানা নলহাটি, জেলা বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন– ৭৩১২৩৭, মৌজা– কামালপুর, এল আর প্লট নং ৬৯৮, এল আর খতিয়ান নং ১৪৫৬, জে এল নং ১৪৩, সাব রেজিস্ট্রার অফিস নলহাটিতে নিবন্ধীকৃত, যার মোট পরিমাপ ১০.০০ ডেসিমেল। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– গোলাম মোস্তফার সম্পত্তি; পশ্চিম– ৬ ফুট রাস্তা; পূর্ব– গোলাম মোস্তফার সম্পত্তি; দক্ষিণ– স্বত্বধারকের সম্পত্তি তারপর রেজাউল শেখের ভবন।

তারিখ: ১৪.১০.২০২৬ **অনুমোদিত আধিকারিক,**
স্থান: লোহাপুর **ইউকো ব্যাঙ্ক**

সেঁজুতি হাসপাতাল
NABH স্বীকৃত
কম খরচে সঠিক চিকিৎসা পরিষেবা
৯৭৩২৫ ৯৭৬৫৩, ৯০৭৩৮ ৮১৮৭৪,
৯৩৩৯৭ ৫৪৪৩০, ৯৭৩৩০ ২৫০৫২
মৌলালী, তালতলা, কলকাতা-১৩

আজকাল

Extent
Medical & Surgical Centre
24x7-Multi Speciality Medical facility
Barabazar, Chandannagar, Hooghly
Near_ (HDFC BANK)
033-26832115, 6290205359
E-MAIL- info@wwhc.in

www.aajkaal.in কলকাতা ২৮ আশ্বিন ১৪৩৩ শুক্রবার ১৬ অক্টোবর ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১৪ পাতা পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা

কলেজ স্কোয়্যারের মণ্ডপে ভিড়। বৃহস্পতিবার। ছবি: তপন মুখার্জি

পঞ্চমীতে পথে প্লাবন

সব্যসাচী সরকার

পুজোর কেনাকাটার শেষ লগ্নের সঙ্গে প্রতিমাদর্শনের পর্বও শুরু হয়ে গেল বৃহস্পতিবার, পঞ্চমীর দিন থেকে। অধিকাংশ প্রতিমারই উদ্বোধন হয়ে গেছে। শহর কলকাতা ও জেলা জুড়ে আলোকসজ্জা। এককথায়, এ বছরের পুজো এখন থেকেই পারফেক্ট! তৃতীয়া, চতুর্থী থেকে একটু একটু করে ভিড় হচ্ছিল বাছাই-করা প্রতিমা ও মণ্ডপ দেখার জন্য। নিত্যযাত্রীরাও অফিস সেরে বাড়ি ফেরার ফাঁকে হাতের কাছে দু-চারটে মণ্ডপ ঘুরে নিয়েছেন। পঞ্চমীর দিন একেবারে সপরিবার। এ বছর কয়েক হাজার দুর্গাপুজো বেশি হচ্ছে। রাজ্য জুড়ে পুজোর সংখ্যা ইতিমধ্যেই ৫৮ হাজার পার! থিম নয়, বাংলায় ১৪৩৩ এসেছে সাবেকি পুজোর আবহ নিয়ে। সেই সঙ্গে পঞ্জিকা, তিথিনক্ষত্র মেনে যথাবিহিত আচার-অনুষ্ঠান। লক্ষণীয়, মণ্ডপে মণ্ডপে তারস্বরে মাইক বা বক্সের হুঙ্কার কম। ডিজে আগেই নিষিদ্ধ। সুতরাং, ডিজের কানফাটানো চিৎকার এই বাংলায় আর হবে না। স্বস্তি শিশু থেকে বয়স্ক, সকলেরই। হঠাৎ হঠাৎ রাতবিরেতে আপন খেয়ালে চকোলেট বোমা ফাটানোর উৎসাহে আপাতত ইতি।

রুচিশীল, সংস্কৃতিমনস্ক বাঙালি দুর্গাপুজো ঘিরে যে সারস্বত সাধনায় মাতে, এ বছর শহর থেকে দূরবর্তী গ্রাম, মফস্‌সলেও সেই আনন্দ উৎসব। কলকাতার নামী পুজোগুলির মণ্ডপে দুপুরের পর থেকেই ভিড়। এখনই দেখে নিতে হবে। কে ক'টা মণ্ডপ দেখল, সেই 'র‍্যাঙ্কিং'-এ বন্ধুদের থেকে এগিয়ে থাকতে হবে। এই হল শরতের দিনে এক আশ্চর্য দ্বৈরথ।

● এরপর ৬ পাতায়

ভাবাচ্ছে বৃষ্টি

আজকালের প্রতিবেদন

এবারের মতো বর্ষা বিদায় নিল। তবে মাঝেমধ্যে বৃষ্টি চিন্তা বাড়াচ্ছে। পুজোর দিনগুলোয় বৃষ্টি হবে না তো? আবহাওয়া দপ্তর জানিয়েছে, বৃহস্পতিবার সারা দেশের পাশাপাশি এ রাজ্যের বাকি অংশ থেকেও বর্ষা বিদায় নিয়েছে।

● এরপর ৬ পাতায়

মুখ্যমন্ত্রী বললেন শুধু ভাতা নয়, সংস্কারও কাজ

প্রদীপ দে

বহরমপুর, ১৫ অক্টোবর

কথা দিয়েছিলেন। কথা রাখলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রেজিনগরে এক প্রার্থীর প্রচার মিছিলে ছ'বছরের নাবালিকা জেসমিনা খাতুন পদপিষ্ট হয়ে মারা যায়। বৃহস্পতিবার মৃত শিশুর পরিবারের হাতে মুখ্যমন্ত্রী আর্থিক সাহায্য তুলে দেন। পাশাপাশি, কিছুদিন আগেই কর্ণসুবর্ণ রেলগেটে দুর্ঘটনায় চার খুদে পড়ুয়া ও এক বৃদ্ধের মৃত্যু হয়। আর্থিক সাহায্যের পর এবার মৃত তিনজনের পরিবারের একজন করে সদস্যকে দিলেন চাকরির নিয়োগপত্র। মুখ্যমন্ত্রী বললেন, 'আমরা কথা দিলে কথা রাখি। শুধু ভাতা নয়, সরকারের কাজ সংস্কারও।' এরপর মুখ্যমন্ত্রী সমাজমাধ্যমে লেখেন, 'রেজিনগর বিধানসভার উপনির্বাচনে প্রচার চলাকালীন এক মর্মান্তিক দুর্ঘটনায় প্রাণ হারায় লোকনাথপুর গ্রামের ছ'বছরের ছোট্ট শিশু জেসমিনা খাতুন। ১ অক্টোবর আমি তার পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেছি। জেসমিনার বাবা দুলাল মল্লিকের কাছ থেকে সেই দিনের হৃদয়বিদারক ঘটনার কথা শুনেছি। ওঁদের এই অপূরণীয় ক্ষতি কোনও ভাবেই পূরণ করা সম্ভব নয়। তবুও এই কঠিন সময়ে পরিবারের পাশে দাঁড়ানো আমাদের কর্তব্য। আজ রাজ্য সরকারের পক্ষ থেকে জেসমিনার মায়ের হাতে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল থেকে ১০ লক্ষ টাকার আর্থিক সাহায্য এবং তাঁর বাবার হাতে সিভিক ভলান্টিয়ারের চাকরির নিয়োগপত্র তুলে দেওয়া হল। রাজ্য সরকার এই কঠিন সময়ে তাদের পরিবারের পাশে আছে।'

- **রেজিনগরে মৃত নাবালিকার মায়ের হাতে চেক**
- **রেল দুর্ঘটনায় ৩ মৃতের পরিবারের একজনকে চাকরি**
- **ভাগীরথীতে সেতুর শিলান্যাস হবে**

রেজিনগরের উপনির্বাচন উপলক্ষে ২৭ সেপ্টেম্বর গণতান্ত্রিক তৃণমূল কংগ্রেস প্রার্থীর প্রচারের সময় চকোলেট কুড়োতে গিয়ে পদপিষ্ট হয় ছ'বছরের জেসমিনা। কলকাতায় নিয়ে যাওয়া হলেও বাঁচানো যায়নি। ২৯ সেপ্টেম্বর মারা যায় জেসমিনা। ১ অক্টোবর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রেজিনগরে প্রচারে আসার সময় লোকনাথপুরে মৃত নাবালিকার বাবা-মায়ের সঙ্গে দেখাও করেন। তখন শুভেন্দু বলেছিলেন, 'নির্বাচনী বিধি উঠে গেলে আমি কিছু করবই।' সেইমতো বৃহস্পতিবার বহরমপুরে জেসমিনার মা সুমিতা বিবির হাতে ১০ লক্ষ টাকার চেক তুলে দেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর হাত থেকে চেক নিয়ে কান্নায় ভেঙে পড়লেন সুমিতা বিবি। বললেন, 'আমার মেয়েকে আর ফিরে পাব না। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী যেভাবে পাশে দাঁড়ালেন, কোনও দিন ভুলব না। এর আগে আমার বাড়িতে গিয়েও বলেছিলেন, বোন আমি পাশে আছি। আমরা কৃতজ্ঞ।'

১৭ জুলাই কর্ণসুবর্ণ রেলগেটে দুর্ঘটনায় মৃত্যু হয় চার জন খুদে পড়ুয়া ও এক বৃদ্ধের। ২৩ জুলাই মুখ্যমন্ত্রী গোবিন্দপুরে গিয়ে মৃত শিশুদের পরিবারের পাশে দাঁড়িয়ে আর্থিক সাহায্যও করেন। আর এদিন বহরমপুরে মৃত তিনজনের পরিবারের একজন করে সদস্যের হাতে তুলে দিলেন সিভিক ভলান্টিয়ারের নিয়োগপত্র। চাকরি পেলেন মৃত ছাত্র ঈশানুর রহমানের বাবা আফজালুর রহমান, জেসিকা শবনমের বাবা শাহিদ আলি ও বৃদ্ধ জামশেদ শেখের ছেলে ফরিদ হোসেন।

● এরপর ৭ পাতায়

৫ পাতায় বাংলা-সহ ১৭ রাজ্যে নভেম্বর থেকে ভোটার তালিকার বিশেষ সংশোধন

মৃত জেসমিনা খাতুনের মায়ের হাতে চেক তুলে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বহরমপুরে, বৃহস্পতিবার। ছবি: চয়ন মজুমদার

আরশোলাদের জায়গা নেই বাংলায়: শুভেন্দু

যজ্ঞেশ্বর জানা

পাঁশকুড়া, ১৫ অক্টোবর

'বাংলায় আরশোলাদের জায়গা নেই। দেশের উদারপন্থী নীতির সুযোগ নিয়ে দেশের ভেতর থেকেই দেশকে দুর্বল করা এবং সাংবিধানিক প্রতিষ্ঠানগুলির ওপর আক্রমণ চালানো হচ্ছে।' বৃহস্পতিবার পূর্ব মেদিনীপুরে পুজো উদ্বোধন করতে এসে এই মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এ প্রসঙ্গে তিনি আরও বলেছেন, 'এই ধরনের তৎপরতার বিরুদ্ধে গোটা দেশের মানুষ জেগে উঠলে এরা ঘুরে দাঁড়াতে পারবে না। সরকারকে আরও শক্ত হাতে এর মোকাবিলা করতে হবে এবং জনগণও এটাই চাইছে— প্রয়োজনে শীর্ষ আদালত পর্যন্ত মার্চ করা হবে।' সেই সঙ্গে তিনি বলেন, 'আমাদের রাজ্যে এই ধরনের ঘটনা ঘটতে দেওয়া হবে না। এখানে আরশোলা ও ছারপোকাদের দমন করা হবে।'

এদিন সন্ধে থেকে রাত পর্যন্ত পূর্ব মেদিনীপুরের পাঁচটি পুজোর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। প্রথমে পাঁশকুড়ার সমাজশিক্ষা কেন্দ্র ও ব্যবসায়ীবৃন্দের পুজো উদ্বোধন করার পর, পাঁশকুড়ার

● এরপর ৭ পাতায়



আজকাল

৪৬ বর্ষ ২০৪ সংখ্যা ২৮ আশ্বিন ১৪৩৩ শুক্রবার ১৬ অক্টোবর ২০২৬

ফেরা

এ হল ফেরার সময়। পরবাস থেকে ঘরে ফেরা। একটা সময় ছিল, রুজি-রোজগারের টানে বড় শহর বা ভিন্‌রাজ্যে চলে যাওয়া মানুষ বাক্সপ্যাঁটরা বেঁধে এ সময় দেশ-গাঁয়ের বাড়িতে ফিরতেন। ট্রেন, স্টিমার, নৌকো— হরেক যান আর অনেক পথ পেরিয়ে একটু একটু করে ঘরের দিকে এগোনো। কপালে থাকলে দুগ্গা মায়ের মতোই মেয়েরাও সময়-সময় বাপের বাড়ি আসার ছাড় পেতেন। এসব মনোরম আখ্যান আমরা কত-যে শুনেছি, পড়েছি। আখ্যান? এর সবটাই কি বাঙালির ফেলে-আসা দিনের কথা? অনেকটাই। চালচিত্রটা বদলে গেছে তো বটেই। তবে, এখনও নিশ্চয়ই বাংলার ছেলেমেয়েরা কাজের টানে বাইরে যায়। বেশিই যায়। কেউ কেউ পাড়ি দেয় ঢের বেশি দূরে, দেশান্তরে। পুজোর সময় ছুটিছাটা পেলে কেউ কেউ ঘরেও ফেরে। কিন্তু অনেকেই পারে না। আবার অনেকেই নতুন দেশকেই ঘরবাড়ি করে নেয়। তা বলে ফেলে-আসা সময়, বাড়িঘর, বাবা-মা, বন্ধুস্বজন তাদেরও কি এ সময় কিছুটা পেছনমুখো করে তোলে না? এই পারা বা না-পারা— সবটাই মনে করিয়ে দেয়, এ হল ফেরার সময়। এ এক আশ্চর্য উৎসব। পুজো-আচ্চার দিক তো একটা থাকেই— সেখানে শাস্ত্রীয় রীতকানুন থাকে, মন্ত্রপাঠ, সাজসজ্জা থাকে। কিন্তু তার বাইরেও, বা তারও গভীরে থাকে বাঙালির এক আপন গল্প। মা দুর্গার আপন বাড়ি ফেরার গল্প। অবিশ্বাসীজনও সে গল্পকে এড়াতে পারে না। আর, কোথাও যদি ফিরতে নাও পারে, সম্পর্কের পুরনো সুতোগুলো যদি একটু একটু করে কেটেও যায়, হারিয়ে যায় পুরনো ঘরদোর, তা হলেও কেউ কেউ হয়তো মনে মনে বেরিয়ে পড়ে পথে। যে পথ গেছে ভিতর পানে। শিকড়ের টানে।

প্রিয় সম্পাদক

ঐতিহাসিক

৪ বছর পর! ফের এশিয়ান গেমসের মহামঞ্চে মহিলাদের হকিতে স্বর্ণপদক জিতে নিল ভারত। ফাইনালে চীনকে ১–০ গোলে হারিয়ে ভারতীয় মেয়েদের এই ঐতিহাসিক সাফল্য গোটা দেশের ক্রীড়াপ্রেমীদের সত্যিই বেশ আবেগাপ্লুত করে তুলেছে। এবার নাগোয়ার মাটিতে টুর্নামেন্টের শুরু থেকেই ভারতীয় দল চমৎকার ছন্দে ছিল। ধারাবাহিক ভাবে গ্রুপ লিগ থেকে সেমিফাইনাল অবধি প্রতিটি ম্যাচেই মাঠে নেমে দাপুটে নৈপুণ্য প্রদর্শন করে বিপক্ষ শিবিরে ভয় ধরিয়ে দিয়েছিলেন সালিমা টেটে–রা। ফাইনালে প্রতিপক্ষ চীন ম্যাচ শুরুর আগে বিশেষজ্ঞদের খাতায়–কলমে ফেবারিট হিসেবে থাকলেও ভারতীয় মেয়েদের চোয়ালচাপা লড়াই এবং সুকঠিন আত্মপ্রত্যয় এবার জাপানের মাটিতে ছবিটাকে পাল্টে দিল। এর আগে মাত্র একবারই, ১৯৮২ সালে দিল্লিতে অনুষ্ঠিত এশিয়াডে মেয়েদের হকিতে সোনা জিতেছিল ভারত। তারপর দু’বার (১৯৯৮, ২০১৮) ফাইনালে পা রেখেও শেষরক্ষা করতে পারেননি ভারতীয় মেয়েরা। সবচেয়ে বড় প্রাপ্তি, নাগোয়ায় এবারের সোনা ভারতীয় দলকে এনে দিল আর বছর দুয়েক পরের লস অ্যাঞ্জেলেস হকিতে খেলার ছাড়পত্র। হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর ফাইনালে চীনকে এবার হারাল ভারত। ম্যাচের ১০ মিনিটে করা লালরেমসিয়ামির গোলই ফারাক গড়ে দিল দুই দলের। বাকি সময়টাতে চীনা মেয়েরা প্রাণপণ লড়েও ম্যাচে সমতা ফেরাতে পারেননি। ২০২০ সালের টোকিও অলিম্পিকে অল্পের জন্য পদক হাতছাড়া হয়েছিল ভারতীয় মেয়েদের। শেষ চারে উঠেও শেষপর্যন্ত চতুর্থ স্থানেই সন্তুষ্ট থাকতে হয়েছিল সেবার রানি রামপাল, নভজ্যোৎ কাউর, বন্দনা কাটারিয়াদের। জাপানের মাটিতে এবার ভারতীয় মহিলা হকি দলের ইতিহাসের অন্তর্ভুক্ত হয়ে পড়া সাফল্যের অন্যতম নেপথ্য কান্ডারি গোলরক্ষক বিচু দেবী। প্রায় সব ম্যাচেই অতন্দ্র প্রহরীর মতো দলের রক্ষণদুর্গ সামলেছেন তিনি। ২০২৮ সালের অলিম্পিকেও ওঁর দিকে আলাদা করে নজর রাখতেই হবে।

● *সুনেত্রা দাশগুপ্ত*
শিলিগুড়ি

ট্রফি রাখার ক্যাবিনেট

মহিলা ক্রিকেটের রথ কিন্তু তরতরিয়ে এগিয়ে যাচ্ছে। বিশেষ করে সীমিত ওভারের ক্রিকেটে। এবার জাপানের এশিয়াডে হরমনপ্রীত কাউররা আবার এশিয়া কাপ জিতল। এর আগে দুবাইয়ে এশিয়া কাপ জিতেছিল, ৭২ রানে শ্রীলঙ্কাকে হারিয়ে। এই নিয়ে আটবার চ্যাম্পিয়ন হলেন ওঁরা। ধারাবাহিকতা আনার ব্যাপারে জোর দিয়েছিলেন কোচ অমল মুজুমদার। সবচেয়ে বড় কথা, রিচা ঘোষের মতো মারকুটে ব্যাটাররা উঠে আসায় ভারতের মহিলা ক্রিকেট দল অপ্রতিরোধ্য হয়ে উঠেছে। এখন আর কেউ বিস্মিত হয়ে যাচ্ছেন না, মহিলা ক্রিকেটাররা বড় কোনও ট্রফি জিতলে। আমরা আশা করছি, একই ভাবে টেস্ট ক্রিকেটের গ্রহেও স্মৃতি মান্ধানারা আরও ট্রফি জিতবে। মুম্বইয়ের বোর্ড অফিসে সত্যিই কিন্তু মহিলা তারকাদের জন্য নতুন নতুন ক্যাবিনেট তৈরি করতে হবে বোর্ডকে, ওই ট্রফিগুলো রাখার জন্য।

● *প্রকাশ কেলকর*
বান্দ্রা, মুম্বই

নারীশক্তির জয়

জাপানের আইচি–নাগোয়ায় সম্প্রতি যবনিকা পড়ল বিংশতিতম এশিয়ান গেমসের। ভারতীয় দলের পারফরমেন্স মোটের ওপর খুব খারাপ বলা যাবে না। ক্রিকেট, কবাডির মতো দলগত খেলায় পুরুষ ও মহিলা— দুই বিভাগেই প্রত্যাশামাফিক সোনার পদক জিতে নিয়ে ভারতীয় খেলোয়াড়রা ক্রীড়াপ্রেমীদের আশ্বস্ত করেছেন। তবে, ব্যক্তিগত বিভিন্ন খেলায় বিশেষ করে ভারতীয় মেয়েদের সাফল্য আলাদা করে নজর কেড়ে নিয়েছে সকলের। মানু ভাকেরের মতো ঝলমলে তারকা শুটারের পারফরমেন্স তুলনামূলক ভাবে কমজোরি থাকলেও নতুন প্রতিভা নীরু ধানদা চমকে দিয়েছেন জোড়া সোনা গলায় ঝুলিয়ে। অ্যাথলেটিক্সের ট্র্যাক ইভেন্টে যেমন বিত্যা রামরাজের সাফল্য আলাদা করে উল্লেখ করার মতোই ছিল। ৪০০ মিটার হার্ডলসে ব্রোঞ্জ জেতার কয়েকদিন পর ৪×৪০০ মিটার রিলে রেসেও ভারতের সোনাজয়ের অন্যতম কান্ডারি ছিলেন তিনি। বক্সিং রিং–এ নতুন করে সাফল্যের উজ্জ্বল আলোয় উদ্ভাসিত লভলিনা বরগোহাঁই। মহিলাদের ৭৫ কেজি বিভাগে স্বর্ণপদক জিতে ইতিহাসে নিজের নামটি তুলে ফেললেন অসমের এই দামাল মেয়ে। মেরি কমের পর তিনিই দ্বিতীয় ভারতীয় মহিলা বক্সার, যিনি এশিয়াডের উঠোনে সোনা জিতে নিলেন। সর্বোপরি, ভারতীয় মহিলা হকি দলের অবিস্মরণীয় সোনাজয়ের আখ্যানও তো লাল হরফেই খোদিত হয়ে থাকবে। সব মিলিয়ে বলা যেতেই পারে, এবারকার এশিয়াডে বেশ কয়েকটি ইভেন্টে ভারতীয় মেয়েদের জবরদস্ত পারফরমেন্স ক্রীড়াক্ষেত্রে নারীশক্তির উত্তরণের বার্তাই যেন নতুন করে ঘোষণা করল।

● *অতসী সামন্ত*
বারুইপুর, দঃ ২৪ পরগনা

সিংহহৃদয় হরমনপ্রীত

নিজেই একবার একটা সাক্ষাৎকারে বলেছিলেন, তিনি হারতে শেখেননি। মাথা নীচু করে পরাজয় বরণ করে যুদ্ধক্ষেত্র ছেড়ে যাওয়াটাকে ঘোর অপছন্দ করেন তিনি। কেরিয়ারের অনেকটা পথ হেঁটে এসে হরমনপ্রীত কাউর প্রমাণ করলেন, নিজে যা বিশ্বাস করেন, কাজেও তা করে দেখান! গত এক বছরের মধ্যে ভারতীয় মহিলা ক্রিকেট দল তাঁর নেতৃত্বে যে সাফল্য তুলে নিয়েছে, তাকে ‘অভাবনীয়’ বললেও বোধহয় কম বলা হয়। গত নভেম্বরে দেশের মাটিতে আইসিসি ৫০ ওভারের বিশ্বকাপে প্রথমবার ট্রফিজয়, তারপর এই ২০২৬–এ মাত্র কয়েক সপ্তাহের ব্যবধানে এশিয়া কাপ এবং জাপানের আইচি–নাগোয়াতে সদ্য শেষ হওয়া এশিয়ান গেমসে সোনা! বেশ কিছুদিন ধরেই শোনা যাচ্ছিল, ভারতীয় ক্রিকেট বোর্ড হরমনকে নেতৃত্ব থেকে সরিয়ে দিতে পারে। নিজেও জানতেন, এমন উড়ো খবর হাওয়ায় ভাসছে। তাই, আর ঝুঁকি নিলেন না। স্ব–ইচ্ছায় নিজেই ঘোষণা করলেন, আন্তর্জাতিক আসরে সব ধরনের ফরম্যাট থেকে ভারতীয় দলের অধিনায়কত্ব ছাড়ার কথা। হরমন ঠিক এই জায়গাতেই অন্য অনেকের চেয়ে অনন্য। আসলে ঠিক কোথায় থামতে হয়, স্পষ্ট ভাবে জানা খুব জরুরি। স্বয়ং সানি গাভাসকার এ ব্যাপারে পথিকৃৎ। সেই পথই যেন অনুসরণ করলেন ভারতীয় মহিলা ক্রিকেটের সর্বকালের সফলতম অধিনায়ক। মেয়েদের আইপিএল আসরে দু–দু’বার মুম্বই ইন্ডিয়ান্সকে খেতাব জিতিয়েছেন। চোখ–ঝলসানো সাফল্যকে সম্বল করেও নিজেই জাতীয় দলের ক্যাপ্টেন্সি ছাড়ার সিদ্ধান্ত প্রকাশ্যে এনে তিনি যেন নতুন করে বুঝিয়ে দিলেন, তাঁর শিরদাঁড়ার জোর ঠিক কতটা। বিশ্বকাপ ছাড়াও হরমনের ঝুলিতে চারটি এশিয়া কাপ ও দুটি এশিয়াড সোনা। সর্বোপরি, তাঁর নেতৃত্বে মেয়েদের টেস্ট আসরে ভারতীয় দল ঐতিহাসিক সাফল্য পেয়েছিল ক্রিকেটের মক্কা লর্ডসে, প্রথম জয় তুলে নিয়ে। মোট ২১১টি আন্তর্জাতিক ম্যাচে দেশকে নেতৃত্ব দিয়েছেন। টেস্টে পাঁচটির মধ্যে চারটিতে জয়। ৫১ ওডিআই ম্যাচে ৩০টিতে জয়। এবং, ১৫৫ টি২০ ম্যাচে ৯২ জয়। বোঝাই যাচ্ছে, সিংহহৃদয় হরমনপ্রীত কাউর প্রমীলাদের আন্তর্জাতিক ক্রিকেটে সব অর্থেই এক মহানক্ষত্র।

● *ঈশানী দাশগুপ্ত*
টালিগঞ্জ

চিঠি লিখুন ইমেলেও priyo_sampadak@aajkaal.net

৩০০ বছরের প্রাচীন গুড়বাড়ি গ্রামের পুজো এখন সল্টলেকে মৌ-এর দুর্গাবাড়িতে

আজকালের প্রতিবেদন

হুগলি জেলার গুড়বাড়ি গ্রাম। পুকুর, আমবাগান, গাছপালায় ঘেরা রায়চৌধুরী পরিবারের পাশাপাশি দুটি বাড়ি। প্রায় ৩০০ বছরের পুরনো এই বাড়িতেই এক সময়ে আরাধ্যা হয়েছেন মা দুর্গা। ধুমধাম করে হওয়া সেই পুজো ‘রায়চৌধুরীবাড়ির পুজো’ নামে সুপরিচিত ছিল। মানুষের আনন্দোৎসব ছিল। আড়াইশো বছর পর আবার সেই পুজো ফিরে এসেছে কলকাতার সল্টলেকে, মৌ–এর দুর্গাবাড়িতে (জিডি ব্লকের ২৭৯ নম্বর)। গত বছর থেকে এখানে মাতৃ আরাধনা শুরু হয়েছে। এবারও আয়োজন হয়েছে ভক্তিভরে, মহাসাড়ম্বরে।

বহু প্রজন্ম পর এই দুর্গাপুজোকে ফিরিয়ে এনেছেন রায়চৌধুরী বংশের উজ্জ্বল সন্তান সত্যম রায়চৌধুরী। তিনি টেকনো ইন্ডিয়া গ্রুপের প্রতিষ্ঠাতা এবং ম্যানেজিং ডিরেক্টর। তিনি বলেন, ‘অনেক প্রজন্ম পর, সময়ের নতুন স্রোতে দাঁড়িয়ে মায়ের স্বপ্নাদেশে আবার শুরু করেছি সেই মাতৃশক্তির আরাধনা। গুড়বাড়ির সেই পুজোর ঐতিহ্যকে হৃদয়ে ধারণ করে সল্টলেকের ‘মৌ–এর দুর্গাবাড়ি’তে শুরু দুর্গোৎসবের। এ যেন অতীত আর বর্তমানের সেতুবন্ধন। পূর্বপুরুষের হাত ধরে আসা ভক্তি ও সংস্কৃতির মিলনস্থল। এই পুজো তাই আমার কাছে শুধু উৎসব নয়, আমাদের পরিবারের ঐতিহ্যের পুনর্জন্ম, ভক্তির উত্তরাধিকার আর স্মৃতির মহাকাব্য।’

গুড়বাড়ি গ্রামে রায়চৌধুরী পরিবারে পুজো হত পরম ভক্তিতে আর ধুমধাম করে। পরে দুটি বাড়ির একটিতে প্রতিষ্ঠিত হন রাধাগোবিন্দ জিউয়ের বিগ্রহ। প্রতিষ্ঠা করেছিলেন সত্যম রায়চৌধুরীর পূর্বপুরুষ রামনারায়ণ রায়চৌধুরী। অন্য বাড়িতে প্রতিষ্ঠিত হয় লক্ষ্মীনারায়ণ জিউয়ের বিগ্রহ। তার প্রতিষ্ঠাতা আরেক পূর্বপুরুষ ইন্দ্রনারায়ণ রায়চৌধুরী। সেই সময় রাধাগোবিন্দ জিউয়ের বাড়ি ‘বড়বাড়ি’ এবং লক্ষ্মীনারায়ণ জিউয়ের বাড়ি ‘ছোটবাড়ি’ নামে পরিচিত ছিল। রায়চৌধুরী বাড়ির প্রবেশপথের দরজা ছিল বিশাল, যেন বুলন্দ দরওয়াজার ছোট সংস্করণ। দরজা দিয়েই ঢুকেই বাঁ দিকে ছিল অতিথিদের বসার জায়গা। তার পাশে ওপর–নীচ মিলিয়ে চারখানি ঘর। সেই ঘরের পাশেই ছিল দুর্গাদালান। সেখানেই পূজিত হতেন দুর্গা–দুর্গতিনাশিনী। খুব ধুমধাম হত। দুর্গাদালান আলোকিত হত হাজার প্রদীপে। বাইরে থেকে আসা অতিথিরা থাকতেন। পুজোয় পশুবলি দেওয়ার চল ছিল। সেই সময় ওই পুজো ছিল গ্রামজীবনের প্রাণ। শঙ্খধ্বনি, উলুধ্বনি, ঢাকের বাদ্যিতে মৃন্ময়ী মূর্তিতে হত প্রাণের সঞ্চার। এখন এ–সবই অতীত। দুর্গাদালান, পুজো— সবই কালের অতলে তলিয়ে গেছে।

মৌ-এর দুর্গাবাড়ির প্রতিমা। সল্টলেকের জিডি ব্লকে। ছবি: অভিজিৎ মণ্ডল

সেই দুর্গাপুজো বন্ধ হয়ে যাওয়ার ইতিহাস আছে। সে ইতিহাস অবশ্য একটু অন্য রকম। সত্যমবাবুর কথায়, ‘কথিত আছে, আমাদের কুলপুরোহিত এবং পূর্বপুরুষ রামনারায়ণ চৌধুরী একই দিনে স্বপ্নাদিষ্ট হলেন, আমি কলকাতার জগন্নাথঘাটের পাশে গঙ্গাতীরে যে অনেক পাথর পড়ে আছে, সেইখানে পড়ে আছি। ওখানে গিয়ে দেখবি যে পাথরটি রোদ লেগে ঘামছে, সেইটি আমি। রোদ–বৃষ্টিতে আমার ভীষণ কষ্ট হচ্ছে, আমায় নিয়ে গিয়ে প্রতিষ্ঠা করার ব্যবস্থা কর। স্বপ্নাদেশ পেয়েই রামনারায়ণ চৌধুরী জগন্নাথঘাটে গিয়ে অনেক খুঁজে ঘর্মাক্ত পাথরটি পেয়ে সেটি নিয়ে বাড়ি ফেরেন। কথিত আছে, ওই পাথরের গায়ে আবছা আঁকা ছিল শ্রীকৃষ্ণের মূর্তি। তার পর বেনারস থেকে কারিগর এনে একটিমাত্র কালো কষ্টিপাথরে খোদাই করে শ্রীকৃষ্ণের মূর্তি নির্মাণ করা হয়। চল্লিশ সের ওজনের অষ্টধাতুর রাধারানির মূর্তিও নির্মিত হয়। ঠাকুরবাড়ির পশ্চিম দিকে রাধাকৃষ্ণের ঠাকুরদালান। সেখানেই পূজিত হতেন রাধাকৃষ্ণ। রাস, দোল ধুমধামের সঙ্গে পালিত হত। রাধাগোবিন্দের এই মূর্তি প্রতিষ্ঠার পর থেকেই বন্ধ হয়ে যায় দুর্গাপুজো। আজ থেকে আড়াইশো বছর আগে। কারণ, বিধান অনুযায়ী, যে বাস্তুভিটেতে মূর্তিপ্রতিষ্ঠা করা হয়, সেই ভিটেয় প্রতিমাপুজো করা যায় না। তখনকার ব্রাহ্মণদের দেওয়া বিধান মেনে তার পর থেকে আজ পর্যন্ত ওই ভিটেতে প্রতিমাপুজো হয়নি। ১৯৯২ সালের ২৭ ফেব্রুয়ারি অষ্টধাতুর রাধারানির সেই মূর্তি চুরি হয়ে যায়। বহু দিন পরে মূর্তির কিছু অংশ উদ্ধার হয় ধনেখালি থানায়। অ্যান্টিক হিসেবে ওই মূর্তির দাম ছিল বিরাট। গোটা অবস্থায় পাচার করতে না পারায় টুকরো করা হয়েছিল মূর্তিটাকে। পদ্মফুলের ওপর দণ্ডায়মান রাধারানির নাভির অংশ পর্যন্ত ধনেখালি থানায় এখনও রাখা আছে।’

হুগলির গুড়বাড়ির রায়চৌধুরীদের পুজোর ইতিহাস এখানেই শেষ হতে পারত। কিন্তু গল্পের সমাপ্তি ঘটাতে চাননি সত্যমবাবু। নিজের মতো করে সেই দিনগুলোয় ফিরে যেতে চেয়েছেন তিনি। তবে একা নয়, রায়চৌধুরী পরিবারের যাঁরা এখনও রয়েছেন, সবাইকে নিয়ে। তাই তো বহু প্রজন্ম পর নতুন করে সল্টলেকে শুরু হয়েছে সেই মাতৃ আরাধনা। পুজোর ক’দিন আবার ভরে উঠেছে ঠাকুরদালান, ঢাকের বাদ্যির সঙ্গে তাল মিলিয়ে শঙ্খধ্বনি আর উলুধ্বনি। পুজোর মন্ত্রোচ্চারণ, চণ্ডীপাঠের মধ্যে দিয়ে মিশে যাচ্ছে অতীত আর বর্তমান।

এ বছরও সেই আয়োজন সম্পূর্ণ।

মিনি কলকাতা চিত্তরঞ্জন পার্কের পুজোয় দিল্লিবাসীর মহামিলন

আবু হায়াত বিশ্বাস
দিল্লি, ১৫ অক্টোবর



উদ্বোধনের অপেক্ষায়। দিল্লির চিত্তরঞ্জন পার্কে কালীবাড়ির পুজো। ছবি: সংগৃহীত

দিল্লির পুজো

শরতের আকাশে সাদা মেঘের ভেলা। বাতাসে শিউলির গন্ধ। দূর বাংলার নদী, মাঠ, কাশবন পেরিয়ে উৎসবের ঢেউ এসে আছড়ে পড়েছে রাজধানীর বুকে। দিল্লির মিনি কলকাতা, চিত্তরঞ্জন পার্কে শুধুই অপেক্ষার প্রহর। মণ্ডপে মণ্ডপে শেষ মুহূর্তের প্রস্তুতি। কোথাও শিল্পের কারুকাজে ফুটে উঠছে সৃজনের বিস্ময়, কোথাও সাবেকিয়ানার আবহে ফিরে আসছে শিকড়ের টান। বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজোকে ঘিরে চিত্তরঞ্জন পার্কে এখন সাজ সাজ রব। এবার উত্তর ভারতের বৃহত্তম দুর্গাপ্রতিমা, ২২ ফুটের মা দুর্গাকে ঘিরে বাড়তি উন্মাদনা মেলা গ্রাউন্ডের পুজোয়। বি ব্লকের পুজোয় আবার থিম ‘ভাবনায় রবীন্দ্রনাথ’। জোড়াসাঁকোর বাড়ির আদলে মণ্ডপ তৈরি হয়েছে। প্রতি বছরই চিত্তরঞ্জন পার্কের পুজোয় লাখো মানুষের সমাগম হয়। এবারও তার ব্যতিক্রম হবে না বলেই আশায় বুক বাঁধছেন উদ্যোক্তারা।

চিত্তরঞ্জন পার্কের পুজো মানে শুধু দেবীর আরাধনা নয়, এ যেন এক টুকরো বাংলার সঙ্গে রাজধানীর নাড়ির যোগ। পঞ্চাশ পেরিয়ে একান্ন বছরে পা দেওয়া বি ব্লকের দুর্গাপুজো সমিতি, তিন দশকের ডি ব্লক সর্বজনীন পুজো, পকেট ৪০–এর নবপল্লী, পকেট ৫২–র দক্ষিণপল্লী কিংবা সিআর পার্ক কালীবাড়ি— প্রত্যেকেই নিজস্ব বৈশিষ্ট্যে উজ্জ্বল। ভক্তি, ঐতিহ্য, শিল্প আর সম্প্রীতির মেলবন্ধনে উৎসবের রং ছড়িয়ে পড়েছে গোটা এলাকায়। মেলা গ্রাউন্ডের পুজোয় এবার মণ্ডপসজ্জার মূল উপকরণ ফোম। শিল্পের ছোঁয়ায় সেই উপকরণেই তৈরি হচ্ছে চোখ–ধাঁধানো আয়োজন। পুজো কমিটির সম্পাদক নারায়ণ দে জানালেন, ‘পাঁচ দশকেরও বেশি সময় ধরে এই পুজো দিল্লির বাঙালি সমাজের আবেগের সঙ্গে জড়িয়ে রয়েছে। মণ্ডপসজ্জা থেকে আলোকসজ্জা— সবেতেই বাঙালি শিল্পীদের হাতের ছোঁয়া। বাংলা থেকে প্রায় ২০০ জন কারিগর এসে সাজিয়ে তুলছেন মণ্ডপ। প্রতিদিন প্রায় ১০ হাজার মানুষের প্রসাদ বিতরণের ব্যবস্থা রয়েছে। প্রবীণ নাগরিকদের পাত পেড়ে ভোগ খাওয়ানোর আয়োজনও থাকছে।’ তাঁর আশা, প্রতিদিনই মণ্ডপে উপচে পড়বে দর্শনার্থীদের ভিড়।

ডি ব্লকের পুজোয় এবার মাটির সঙ্গে মিশেছে শিল্পের মাধুর্য। মণ্ডপ জুড়ে টেরাকোটার কাজ। তিন দশকের এই পুজোয় ধর্মীয় রীতিনীতি মেনেই দেবীর আরাধনা হয়। বাড়ি বাড়ি ভোগ পৌঁছে দেন উদ্যোক্তারা। প্রবীণদের জন্যও রয়েছে বিশেষ ব্যবস্থা। চিত্তরঞ্জন পার্কের সভাপতি তথা ডি ব্লক সর্বজনীন পুজো সমিতির সম্পাদক সুজয় ঘোষের কথায়, ‘পুজোর চার দিন ধরে চলবে ভোগ বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এবার বেনারস থেকে আসছেন পাঁচজন পণ্ডিত, যাঁরা গঙ্গার ঘাটে আরতি করেন। তাঁদের উপস্থিতিতে মণ্ডপে বিশেষ আয়োজনের পাশাপাশি স্বয়ংক্রিয় যন্ত্রের সাহায্যে হবে পুষ্পবৃষ্টি।’ বি ব্লকের পুজোয় উঠে এসেছে জোড়াসাঁকোর ঠাকুরবাড়ি। পুজো কমিটির সহ–সভাপতি আশিস সোম জানালেন, মণ্ডপ জুড়ে যামিনী রায়ের আঁকা ছবি থাকবে। চারদিন ধরে ভোগ বিতরণ করা হবে। ৯০ থেকে ১০০ বছর বয়সি প্রবীণদের আলাদা ভাবে ভোগের বন্দোবস্ত থাকে।

এদিকে, ডিডিএ ফ্ল্যাট কালকাজির সর্বজনীন দুর্গাপুজোয় সাবেকিয়ানার ছোঁয়া। মাত্র ৩০টি পরিবারকে নিয়ে ৪৭ বছর আগে এর পথচলা শুরু। এই পুজোর শুরু ১৯৭৯ সালে। আজ সেই উদ্যোগ প্রায় ৪০০ পরিবারের সম্মিলিত উৎসব। উদ্যোক্তা অভিজিৎ সাহার কথায়, কোনও ভেদাভেদ নেই। সকলের জন্যই খোলা উৎসবের দুয়ার। আর অন্যতম আকর্ষণ বসিয়ে ভোগ খাওয়ানোর আয়োজন। অন্য দিকে, সিআর পার্ক কালীবাড়িতে মায়ের আরাধনার প্রস্তুতি শুরু হয়েছে দু’মাস আগে থেকে। চার দিন ধরে চলবে সাংস্কৃতিক অনুষ্ঠান। দর্শনার্থীদের জন্য থাকছে ভোগ। উদ্যোক্তাদের কথায়, পুজোর চারদিন মন্দিরে এসে কেউ অভুক্ত থাকেন না। সারা বছরই এখানে মায়ের ভোগ পাওয়ার ব্যবস্থা রয়েছে। নবপল্লী ও দক্ষিণপল্লীর পুজোও এবার দর্শকদের টানবে বলে আশাবাদী উদ্যোক্তারা।

আমেরিকায় মন্দিরে হামলার ছক, ধৃত যুবক

সংবাদ সংস্থা
ওয়াশিংটন, ১৫ অক্টোবর

আমেরিকার ইলিনয়ে হিন্দু মন্দিরে হামলার ছক কষার অভিযোগে ১৯ বছরের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযুক্তের নাম আলেক্সান্দ্রোস পাপোরাকিস। বাড়ি ইলিনয়ের পালাটাইন শহরে। পালাটাইন ও মাউন্ট প্রসপেক্ট পুলিশ যৌথ অভিযান চালিয়ে ১১ অক্টোবর পাপোরাকিসকে গ্রেপ্তার করে। তদন্তকারীদের দাবি, এক সহকর্মীর সঙ্গে কথা বলার সময় মন্দিরে হামলার পরিকল্পনার কথা বলেছিল আলেক্সান্দ্রোস। উদ্ধার হয়েছে একটি নথিও। নথিটিতে বর্ণবাদী উস্কানিমূলক কথা ও চরমপন্থী মতাদর্শের উল্লেখ ছিল। দক্ষিণ এশীয়, বিশেষ করে ভারতীয় বংশোদ্ভূতদের বিরুদ্ধে হিংসার কথাও ছিল বলে তদন্তকারীদের অভিযোগ। বুধবার রোলিং মেডোজের কুক কাউন্টি আদালতে পাপোরাকিসকে হাজির করা হয়। বিচারক তাকে হেফাজতে রাখার নির্দেশ দেন। আগামী ৩০ অক্টোবর ফের তাকে আদালতে হাজির করানোর কথা। মাউন্ট প্রসপেক্ট পুলিশ সম্ভাব্য গণহত্যার এই ছক সম্পর্কে পালাটাইন পুলিশকে তথ্য দেয়। উদ্বেগজনক কিছু ইলেকট্রনিক বার্তা পাওয়ার পর বিষয়টি জানতে পারে পুলিশ। তদন্তকারীরা জানিয়েছেন, হামলার পরিকল্পনা লেখা একটি নথি শেয়ার করেছিল পাপোরাকিস। সঙ্গে ছিল রাইফেল, ম্যাগাজিন, বর্ম এবং অন্যান্য সরঞ্জামের ছবি। গোয়েন্দাদের সন্দেহ, ১১ অক্টোবর রবিবার হামলার পরিকল্পনা ছিল তার। সম্ভাব্য লক্ষ্য ছিল অরোরা এলাকার ওই হিন্দু উপাসনালয়। তবে ঠিক কোন স্থানে হামলা করার পরিকল্পনা ছিল, তা এখনও নিশ্চিত করতে পারেনি পুলিশ। পাপোরাকিসের বিরুদ্ধে ১৬ ইঞ্চির কম দৈর্ঘ্যের নলযুক্ত রাইফেল বেআইনি ভাবে রাখার একটি অভিযোগ আনা হয়েছে।

বাংলাদেশে ভাঙচুর, মন্দিরে হামলার ৩৪ ঘটনা

সমীর দে
ঢাকা, ১৫ অক্টোবর

দুর্গাপুজোর আগে বাংলাদেশের বিভিন্ন জায়গায় প্রতিমা ভাঙচুর, মন্দিরে হামলা ও সঙ্ঘাত–হিংসার ৩৪টি ঘটনা ঘটেছে বলে জানিয়েছে বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদ। পরিষদের সাধারণ সম্পাদক সন্তোষ শর্মা বলেন, ‘নিরাপত্তা শুধু পুজোর পাঁচ দিনের চিন্তা হতে পারে না। বছরের ৩৬৫ দিনই সবার জন্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে।’ এসব ঘটনায় করা ১১টি মামলায় ইতিমধ্যে কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও জানিয়েছেন তাঁরা।

বৃহস্পতিবার রাজধানীর ঢাকেশ্বরী মন্দিরে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে সন্তোষ শর্মা বলেন, ‘সম্প্রতি সিলেট, রাজবাড়ি, পঞ্চগড়, নেত্রকোনা ও টাঙ্গাইল–সহ বিভিন্ন জেলায় এসব হিংসার ঘটনা ঘটেছে। এ বছর বাংলাদেশে মোট ৩৩ হাজার ৮৫১টি মণ্ডপে দুর্গাপুজো অনুষ্ঠিত হবে। এর মধ্যে ঢাকা মহানগরে রয়েছে ২৫৮টি মণ্ডপ।’

পুজোর সময় নিরাপত্তা রক্ষায় জেলা ও উপজেলা পর্যায়ে ২২ দফা নিরাপত্তা–নির্দেশনা জারির কথা জানিয়েছে পূজা উদ্‌যাপন পরিষদ। এসব নির্দেশনার মধ্যে রয়েছে সার্বক্ষণিক স্বেচ্ছাসেবী মোতায়েন, সম্ভব হলে সিসিটিভি ক্যামেরা বসানো, পর্যাপ্ত আলোকসজ্জা ও অগ্নিনির্বাপক সরঞ্জামের ব্যবস্থা করা এবং কোনও অপ্রীতিকর ঘটনা ঘটলে দ্রুত কর্তৃপক্ষকে জানানো।

তথ্য

রবীন্দ্রনাথ ঠাকুর কোন ঋতুর গান সবচেয়ে বেশি লিখেছেন জানেন? হেমন্তের গান ৫টি, শীতের ১২টি, গ্রীষ্মের ২৫টি, শরতের ৩০টি আর বসন্ত নিয়ে গান লিখেছেন ৯৬টি। তবে সবচেয়ে বেশি লিখেছেন বর্ষার গান, ১১৫টি।

দে মু

আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে অরুণকুমার ঘোষ কর্তৃক বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও অফিস ব্লক, জি–২১২, সিটি সেন্টার, শিলিগুড়ি–৭৩৪০১০ থেকে প্রকাশিত এবং আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও সিইআই প্রিন্ট সলিউশন প্রাঃ লিঃ, ৪ মাইল, সেবক রোড, পোঃঅঃ– শালুগাড়া (শালুগাড়া রিলায়েন্স মার্কেটের বিপরীতে), শিলিগুড়ি–৭৩৪০০৮ থেকে মুদ্রিত। **সম্পাদক: অশোক দাশগুপ্ত**। Published from BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; Office Block, G–212, City Centre, Siliguri–734010 and printed at Aajkaal Publishers Pvt. Ltd., BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; CEI Print Solution Pvt. Ltd., 4 Mile, Sevoke Road, P.O. Salugara (Opposite to Salugara Reliance Market), Siliguri–734008 by Arun Kumar Ghosh On behalf of Aajkaal Publishers Pvt. Ltd. **Editor: Asoke Dasgupta**. ফোন: (০৩৩) ২৩৬৭৫৫১১ Phone: (033) 23675511, E-mail: mail@aajkaal.net **REGD. NO. KOL RMS/243/2019–2021 RNI NO: R.N. 37263/81**

যন্তর মন্তরে বিক্ষোভে ‘না’, কেন্দ্রকে নোটিস

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৫ অক্টোবর

দিল্লির যন্তর মন্তরকে বিক্ষোভস্থল হিসেবে বাতিল করার সরকারি সিদ্ধান্তের বিরুদ্ধে দায়ের–করা আবেদনের শুনানিতে বৃহস্পতিবার কেন্দ্রীয় সরকারের বক্তব্য জানতে চেয়ে নোটিস দিল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ জানতে চেয়েছে, আদালতের মৌখিক পর্যবেক্ষণের ভিত্তিতেই কি যন্তর মন্তরকে বিক্ষোভস্থলের তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে, নাকি জায়গাটির কার্যকারিতা নিয়ে স্বাধীন ভাবে বিবেচনা করা হয়েছিল? এদিন সুপ্রিম কোর্টে কেন্দ্রের তরফে সলিসিটর জেনারেল তুষার মেহতা দাবি করেন, আদালতের রায় এই সিদ্ধান্তের ভিত্তি নয়। তাঁর বক্তব্য, বিকল্প বিক্ষোভস্থল খতিয়ে দেখতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের গঠিত কমিটি আগেই কাজ শুরু করেছিল এবং সেই কমিটি বিস্তারিত রিপোর্ট দিয়েছে। এদিন মামলাকারীর পক্ষে সিনিয়র আইনজীবী মুক্তা গুপ্তা বলেন, শান্তিপূর্ণ প্রতিবাদ মৌলিক অধিকার। যন্তর মন্তরের মতো প্রশাসনিক কেন্দ্রের কাছাকাছি জায়গা থেকে বিক্ষোভস্থল সরিয়ে দিলে মানুষের বক্তব্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পৌঁছোনোর সুযোগ কমতে পারে। আবেদনকারীর বক্তব্য, শুধু নির্দিষ্ট কোনও জায়গায় জমায়েতের অনুমতি থাকলেই প্রতিবাদের অধিকার কার্যকর হয় না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বক্তব্য পৌঁছোনোর সুযোগও গুরুত্বপূর্ণ। আইনজীবী গোপাল শঙ্করনারায়ণও যন্তর মন্তরকে ফের বিক্ষোভস্থল হিসেবে স্বীকৃতির আবেদন জানান। আদালত কেন্দ্রকে নোটিস দিয়ে হলফনামা দাখিলের নির্দেশ দিয়েছে।

এদিকে, শুক্রবার দিল্লির কনট প্লেসের সেন্ট্রাল পার্কে ‘লহরা দো তিরঙ্গা’ মিছিলের ডাক দিয়েছেন ককরোচ–প্রধান অভিজিৎ দীপকে। এর বিরোধিতা করে দিল্লি হাইকোর্টে আবেদন করেছেন ব্যবসায়ী অনিলকুমার গুপ্ত। তাঁর আশঙ্কা, মিছিলের কারণে কনট প্লেসের ব্যবসা–বাণিজ্য ও যান–চলাচল ব্যাহত হতে পারে। এদিকে, দিল্লিতে এদিন সাংবাদিক বৈঠক করে সিজেপি–আইসা–এসএফআই। ছিলেন আইনজীবী প্রশান্ত ভূষণও।

এদিন আইসা নেত্রী নেহা বোরার একটি মন্তব্য ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। ২০২৪ সালে বাংলাদেশের জেন জি আন্দোলন থেকে ভারতের যুবসমাজ অনুপ্রেরণা পেয়েছে বলে মন্তব্য করেন নেহা। আর এর পরেই বিজেপি তীব্র আক্রমণ করেছে। নেহার ‘বাংলাদেশ আমাদের পথ দেখিয়েছে’ মন্তব্য এবং আইনজীবী প্রশান্ত ভূষণের ‘রেজিম চেঞ্জ’ বা সরকার পরিবর্তনের আহ্বান ঘিরে রাজনৈতিক বিতর্ক শুরু হয়েছে। বিজেপির অভিযোগ, রাহুল গান্ধীরা দেশে অস্থিরতা তৈরি করে সরকার বদলের পরিবেশ গড়তে চাইছেন।

বাংলা-সহ ১৭ রাজ্যে নভেম্বর থেকে ভোটার তালিকার বিশেষ সংশোধন

আবু হায়াত বিশ্বাস

দিল্লি, ১৫ অক্টোবর

এসআইআর নিয়ে বিতর্কের আবহেই পশ্চিমবঙ্গ–সহ বিভিন্ন রাজ্যে ভোটার তালিকার বার্ষিক বিশেষ সংশোধনের (স্পেশ্যাল সামারি রিভিশন— এসএসআর) কাজ শুরু করতে চলেছে নির্বাচন কমিশন। যোগ্য ভোটারদের নাম বাদ দেওয়ার অভিযোগ এবং মুখ্য নির্বাচন কমিশনারের ইস্তফার দাবিতে রাজনৈতিক চাপানউতোরের মধ্যেই বাংলা–সহ ১৭টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার এই সংশোধন অভিযানের নির্ঘণ্ট ঘোষণা করল কমিশন। ২০২৭ সালের ১ জানুয়ারিকে যোগ্যতা নির্ধারণের তারিখ ধরে এই প্রক্রিয়া চলবে। নতুন ভোটারদের নাম অন্তর্ভুক্তি, মৃত ও স্থানান্তরিত ভোটারদের নাম বাদ দেওয়া এবং নির্ভুল তালিকা নিশ্চিত করাই এই অভিযানের লক্ষ্য। এই অভিযানে এসআইআরে নাম বাদ পড়া যোগ্য ভোটারদেরও তালিকায় নাম তোলার সুযোগ মিলবে।

বৃহস্পতিবার কমিশন ১৭টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে সামারি রিভিশন করার নির্দেশ দিয়েছে। এই তালিকায় রয়েছে: পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, বিহার, পাঞ্জাব ও তামিলনাড়ুর মতো গুরুত্বপূর্ণ রাজ্য। কমিশনের নির্দেশিকা অনুযায়ী, ১২ নভেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে। ১২ নভেম্বর থেকে ১১ ডিসেম্বর পর্যন্ত নাম অন্তর্ভুক্তি, সংশোধন ও আপত্তি জানানোর সুযোগ থাকবে। ২৮ ডিসেম্বরের মধ্যে সমস্ত দাবি ও আপত্তির নিষ্পত্তি করতে হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২০২৭ সালের ৪ জানুয়ারি। ১৮ বছর পূর্ণ করতে চলা তরুণ–তরুণীদের পাশাপাশি যোগ্য হলেও ভোটার তালিকায় নাম নেই, এমন নাগরিকরা আবেদন করতে পারবেন। ২০২৭ সালের ১ এপ্রিল, ১ জুলাই ও ১ অক্টোবর যাঁদের বয়স ১৮ বছর পূর্ণ হবে, তাঁরাও আবেদন করতে পারবেন। কমিশন জানিয়েছে, ভোটার তালিকায় নাম তোলা বা সংশোধনের জন্য যথাক্রমে ফর্ম–৬ ও ফর্ম–৮ ব্যবহার করা যাবে। নাম বাদ দেওয়ার আবেদন করতে ফর্ম–৭। অনলাইনে ভোটার সার্ভিস পোর্টাল বা ইসিআইনেট অ্যাপের মাধ্যমেও আবেদন করা যাবে। কমিশন স্পষ্ট করেছে, আধার নম্বর দেওয়া বাধ্যতামূলক নয়। আধার দিতে না পারার কারণে আবেদন বাতিল বা ভোটার তালিকা থেকে তাঁর নাম বাদ দেওয়া যাবে না।

এবার রিডেব্‌ল পিডিএফে

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৫ অক্টোবর

বিরোধীদের দীর্ঘ দিনের চাপের মুখে পড়ে অবশেষে অবস্থান বদলাতে চলেছে নির্বাচন কমিশন। এতদিন ভোটার তালিকার সফট কপি দেওয়া হত ছবিযুক্ত তথ্য বাদ দিয়ে ইমেজ পিডিএফ ফরম্যাটে। ফলে তালিকার তথ্য সহজে পড়া, খোঁজা বা বিশ্লেষণ করার ক্ষেত্রে সমস্যা হত। এবার সেই ব্যবস্থায় বদল এনে ভোটার তালিকার খসড়া ও চূড়ান্ত সংস্করণ রিডেব্‌ল পিডিএফ ফরম্যাটে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কমিশন। বৃহস্পতিবার কমিশনের তরফে এই পরিবর্তনের কথা জানানো হয়েছে। ২০২৭ সালের বিশেষ সংক্ষিপ্ত সংশোধন (এসএসআর) প্রক্রিয়ায় এই নতুন ব্যবস্থা কার্যকর হবে। এছাড়া, এতদিন প্রতি সপ্তাহের তালিকায় মূলত নতুন তথ্যই যুক্ত হত। এবার নতুন তালিকার সঙ্গে আগের সপ্তাহগুলির মুদ্রিত তালিকাও দিতে হবে সংশ্লিষ্ট নির্বাচনী নিবন্ধন আধিকারিককে। ফলে কোনও নাম সংযোজন, বিয়োজন বা সংশোধনের বিষয়টি ধারাবাহিক ভাবে পর্যবেক্ষণ করা সহজ হবে। নতুন নিয়মে ভোটের সময় প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা রিটার্নিং অফিসার বা জেলা নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে চাহিদা ও নির্ধারিত মূল্য সাপেক্ষে পেনড্রাইভ বা অন্য বৈদ্যুতিন মাধ্যমে বর্ণানুক্রমে সাজানো ভোটার তালিকার রিডেব্‌ল পিডিএফ পেতে পারবেন।

অভিনেতা ইমরানকে দেশ ছাড়ার নোটিস

সংবাদ সংস্থা

মুম্বই, ১৫ অক্টোবর

মার্কিন নাগরিক তিনি। ওভারসিজ সিটিজেন অফ ইন্ডিয়া (ওসিআই) কার্ড নিয়ে ভারতে রয়েছেন। অভিবাসন এবং বিদেশি আইন লঙ্ঘন করে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের অপসারণের দাবিতে বিক্ষোভে যোগ দিয়েছিলেন। এই অভিযোগে অভিনেতা ইমরান খানকে ২৮ অক্টোবরের মধ্যে ভারত ছাড়ার নোটিস ধরাল মুম্বই পুলিশ। নোটিসকে চ্যালেঞ্জ করে অভিনেতা ইমরান খান বম্বে হাইকোর্টের দ্বারস্থ হবেন। আমির খানের ভাগ্নে অভিনেতা ইমরান খানের বিরুদ্ধে এই পদক্ষেপের বিরুদ্ধে সরব কংগ্রেস, শিবসেনা, এনসিপি (এসপি)–সহ অন্যান্য বিরোধী রাজনৈতিক দল। ১০ অক্টোবরের ঘটনা। জ্ঞানেশ কুমারের অপসারণের দাবিতে মুম্বইয়ের আগস্ট ক্রান্তি ময়দানের প্রতিবাদ আন্দোলনে যোগ দেন ইমরান। ছিলেন অভিনেত্রী লেখা ওয়াশিংটন ও তুতোবোন জেইন মেরি খান। ইমরান ও তাঁর সঙ্গীদের আটক করে মুম্বই পুলিশ। পরে তাঁরা মুক্তি পান।

ভারতের জিডিপি হিসেবের পদ্ধতিতে সায় আইএমএফের

সংবাদ সংস্থা

ওয়াশিংটন, ১৫ অক্টোবর

ভারতে জিডিপির হিসেব কষার যে আধুনিক পদ্ধতি কাজে লাগানো হয়েছে, তাকে সমর্থন করল আইএমএফ। পদ্ধতির এই বদলকে স্বাগত জানিয়ে আইএমএফ বলেছে, ভারতে জিডিপি পরিমাপের যে পদ্ধতি কাজে লাগানো হয়েছে, সেটি আন্তর্জাতিক স্তরে সেরা কাজকর্মের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং আইএমএফের পরামর্শের সঙ্গে মিলে যায়। আইএমএফের এশিয়া ও প্যাসিফিক বিভাগের ডিরেক্টর কৃষ্ণা শ্রীনিবাসন এই সংশোধনকে একটা ‘ইতিবাচক বিকাশ’ হিসেবে চিহ্নিত করেছেন। ব্যাঙ্ককে তিনি সাংবাদিকদের বলেন, ‘পদ্ধতিতে যে সংশোধন করা হয়েছে, তা আমরা যে পরামর্শ দিয়েছি, এমনকী আমাদের স্ট্যাটিস্টিক্‌স বিভাগ যে পরামর্শ দিয়েছে, তার সঙ্গে সম্পূর্ণ সামঞ্জস্যপূর্ণ।’ শ্রীনিবাসন বলেন, ‘সব সময়ই উন্নতির সুযোগ রয়েছে। তবে জিডিপির স্ট্যাটিস্টিক্‌সের উন্নতির জন্য সংখ্যাতত্ত্ব ও কর্মসূচি রূপায়ণ মন্ত্রক যে ভাল কাজ করেছে, তার স্বীকৃতি দেওয়া উচিত।’ তাঁর মতে, ভারত জ্বালানি ক্ষেত্রে ধাক্কা খেলেও অর্থনীতির মৌলিক বিষয়গুলি শক্তপোক্ত। সঙ্কট সামাল দিতে ভারত ভাল কাজই করেছে। তবে ডলার ও টাকার বিনিময় হারে যে চাপ পড়েছে, সেটাকে অর্থনৈতিক ব্যর্থতা হিসাবে দেখা ঠিক হবে না।

কং সাংসদের শাস্তি চেয়ে স্পিকারের কাছে বিজেপি

জেএনইউ-কাণ্ড

আজকালের প্রতিবেদন

দিল্লি, ১৫ অক্টোবর

যৌন হেনস্থার অভিযোগে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদ থেকে বরখাস্ত হওয়া কংগ্রেস সাংসদ আঙ্গোমচা বিমল আকোইজামের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে লোকসভার স্পিকার ওম বিড়লার সঙ্গে দেখা করলেন বিজেপির মহিলা সাংসদদের একটি প্রতিনিধিদল। বৃহস্পতিবার সংসদ ভবনে স্পিকারের সঙ্গে দেখা করে সাংসদরা এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপের দাবি জানান। বৈঠকের পর বিজেপি সাংসদ ডি পুরন্দেশ্বরী সাংবাদিকদের বলেন, আকোইজামের বিরুদ্ধে ওঠা অভিযোগের বিষয়টি স্পিকারের নজরে আনা হয়েছে। বিষয়টি সংসদের এথিক্স কমিটির কাছে পাঠানো যায় কি না, তা বিবেচনা করার জন্যও আবেদন জানানো হয়েছে।

চলতি বছরের মে মাসে অন্তত ১১ জন ছাত্রী আকোইজামের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। অভিযোগকারীদের দাবি, বৈঠক বা অন্যান্য অনুষ্ঠানের অজুহাতে অধ্যাপক তাঁদের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের আবাসনে আমন্ত্রণ জানাতেন এবং সেখানে যৌন হেনস্থার চেষ্টা করতেন। কয়েকজন ছাত্রীর আরও অভিযোগ, ক্লাসের মধ্যেও তিনি অশালীন ও আপত্তিকর মন্তব্য করতেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে বরখাস্ত করেছেন।

OMKARA ASSETS RECONSTRUCTION Pvt. Ltd.

ওমকারা অ্যাসেটস রিকনস্ট্রাকশন প্রাইভেট লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ৯ নং, এম. পি. নগর, ফার্স্ট স্ট্রিট, কোঙ্গু নগর এক্সটেনশন, তিরুপুর– ৬৪১৬০৭ কর্পোরেট কার্যালয়: কোহিনুর স্কোয়ার, ৪৭ নং ফ্লোর, এন.সি.কেলকার মার্গ, আর.জি.গড়কড়ি চক, দাদার (পশ্চিম), মুম্বই– ৪০০০২৮। ফোন: +৯১ ২২ ৬৯২৩১১১১

পরিশিষ্ট–IV [রুল ৮(১)]

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–এর সহ পঠনীয় ধারা ১৩(১২) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে **ওমকারা অ্যাসেটস রিকনস্ট্রাকশন প্রাইভেট লিমিটেড (যাকে এরপর থেকে ‘ওএআরপিএল’ বলা হবে)**–এর আধিকারিক গত **২৭.০৭.২০২৬ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে মেসার্স ব্যানার্জি ব্যাটারি; মিঃ সোমনাথ ব্যানার্জি এবং মিসেস সুতপা ব্যানার্জি–কে উক্ত নোটিশ পাওয়ার ৬০ দিনের মধ্যে নোটিসে উল্লেখিত বকেয়া অর্থ অর্থাৎ ২৭.০৭.২০২৬ তারিখ অনুযায়ী মোট ₹১,৫২,২৮,৬৪৭.০৫/– (এক কোটি বাহান্ন লক্ষ আঠাশ হাজার ছশো সাতচল্লিশ টাকা এবং পাঁচ পয়সা মাত্র)** এবং তার উপর প্রযোজ্য খরচ, চার্জ ও অন্যান্য ব্যয় যৌথভাবে বা পৃথকভাবে পরিশোধ করার নির্দেশ দিয়েছেন।

২৫.০৬.২০২১ তারিখের অ্যাসাইনমেন্ট এগ্রিমেন্ট বা চুক্তি অনুযায়ী, ইন্দাসইন্ড ব্যাঙ্ক লিমিটেড (যাকে এরপর থেকে ‘আইবিএল’ বলা হবে) সারফায়েসি অ্যাক্ট–এর ৫ নং ধারা অনুযায়ী ঋণগ্রহীতাদের দেওয়া আর্থিক সহায়তা এবং তার সঙ্গে সম্পর্কিত সমস্ত সিকিউরিটি ইন্টারেস্ট বা জামানতি স্বার্থ এবং এই বিষয়ে আইবিএল–এর সমস্ত অধিকার ওমকারা অ্যাসেটস রিকনস্ট্রাকশন প্রাইভেট লিমিটেড (যাকে এরপর থেকে ‘ওএআরপিএল’ বলা হবে)–এর কাছে হস্তান্তর করেছে।

ঋণগ্রহীতা উক্ত বকেয়া অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮–এর সহ পঠনীয় উক্ত আইনের ধারা ১৩–এর উপধারা (৪)–এর অধীনে প্রদত্ত ক্ষমতাবলে ভারপ্রাপ্ত আধিকারিক আজ **১৩ অক্টোবর, ২০২৬** তারিখে নিচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

এতদ্বারা বিশেষভাবে ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে জনসাধারণকে সতর্ক করা হচ্ছে যে তাঁরা যেন উক্ত সম্পত্তি নিয়ে কোনও রকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **ওএআরপিএল (ওমকারা পিএস ০৬/২০২১–২২ ট্রাস্ট**–এর ট্রাস্টি হিসেবে কার্যকরী)–এর চার্জ বা দায়ের অধীন থাকবে, যার পরিমাণ **২৭.০৭.২০২৬ তারিখ অনুযায়ী ₹১,৫২,২৮,৬৪৭.০৫/– (এক কোটি বাহান্ন লক্ষ আঠাশ হাজার ছশো সাতচল্লিশ টাকা এবং পাঁচ পয়সা মাত্র)** এবং তার উপর প্রদেয় আরও সুদ এবং অন্যান্য খরচ, চার্জ ও ব্যয়, যা থেকে দাবি বিজ্ঞপ্তি জারির পর থেকে পরিশোধিত কোনো অর্থ (যদি থাকে) বাদ দিয়ে সম্পূর্ণ বকেয়া আদায় না হওয়া পর্যন্ত হিসাব করা হবে।

সুরক্ষিত সম্পদ বা জামানত পুনরুদ্ধার করার জন্য উপলব্ধ সময়ের বিষয়ে উক্ত আইনের ১৩ নং ধারার উপধারা (৮)–এর বিধানগুলির দিকে ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

সুরক্ষিত সম্পদের বিবরণ (সম্পত্তির তফসিল)

নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বেলেডাঙ্গা, জে এল নং ৯১, আর এস দাগ নং ১২৯০, এল আর নং ১৩৯৯, খতিয়ান নং ৮৮৮, বারিঝাটি গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা– চণ্ডীতলা, এ.ডি. এস.আর. জনাই–এর এ.ডি. সাব রেজিস্ট্রার অফিসে নিবন্ধীকৃত, থানা– চণ্ডীতলা, জেলা– হুগলী, পশ্চিমবঙ্গ, জমির পরিমাপ আনুমানিক ১১ ডেসিমেল এবং তার উপর নির্মিত কাঠামো (যদি থাকে)।

সম্পত্তির বিস্তারিত বিবরণ মিঃ সোমনাথ ব্যানার্জি (বন্দ্যোপাধ্যায়)–এর নামে ১৬.১২.২০১৩ তারিখের দানদলিল নং ৬৯০২–তে সুনির্দিষ্টভাবে বর্ণনা করা হয়েছে।

তারিখ: ১৩.১০.২০২৬
স্থান: হুগলি

স্বা/– অনুমোদিত আধিকারিক
ওমকারা অ্যাসেটস রিকনস্ট্রাকশন প্রাঃ লিঃ–এর পক্ষে
(ওমকারা পিএস ০৬/২০২১–২২ ট্রাস্ট-এর ট্রাস্টি হিসেবে ক্রিয়ারত)

Chola Enter a better life

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস: ‘চোলা ক্রেস্ট’, সি৫৪ এবং ৫৫, সুপার বি ৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই–৬০০০৩২, টি.এন

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি (কেবলমাত্র ই–বিডিংয়ের মাধ্যমে বিক্রয়)

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১)–এর অধীন জারি করা সুরক্ষিত স্থাবর সম্পত্তির বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা **জনসাধারণ** এবং বিশেষত নীচের টেবিলে **কলাম (A)**–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদারগণের প্রতি এই নোটিস জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং নীচের টেবিলে **কলাম (C)**–তে বর্ণিত স্থাবর সম্পত্তি(গুলি) সুরক্ষিত ঋণদাতা রূপে **চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর **অনুমোদিত আধিকারিক** নীচের টেবিলে **কলাম (D)**–তে উল্লেখমতো **দখল** নিয়েছেন যেগুলি নীচে দেওয়া বিশদ তথ্য অনুসারে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ ও ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। এতদ্দ্বারা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল **৮(৬)** অনুসারে জনসাধারণ এবং সম্পর্কিত ঋণগ্রহীতা/ বন্ধকদাতা(গণ)/ সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর আইনি উত্তরাধিকারী, আইনি প্রতিনিধি (জ্ঞাত বা অজ্ঞাত), বলবৎকারী(গণ), প্রশাসক(গণ), উত্তরসূরী(গণ), ভারপ্রাপ্ত(গণ) (মৃত হওয়ায়)–এর [নীচের টেবিলে **কলাম (A)**–তে উল্লেখমতো] প্রতি এই নোটিস জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক সুরক্ষিত ঋণদাতা রূপে **চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর ওয়েবসাইট অর্থাৎ, **https://cholamandalam.com এবং www.auctionfocus.in** দেখুন।

	[A]	[B]	[C]	[D]	[E] এবং [F]	[G]
ক্রম নং	লোন অ্যাকাউন্ট নং এবং ঋণগ্রহীতা(গণ) / বন্ধকদাতা(গণ) / জামিনদার(গণ)–এর নাম	পুনরুদ্ধারযোগ্য অনাদায়ী বকেয়া (সুরক্ষিত ঋণ)	স্থাবর সম্পত্তির বিবরণ / সুরক্ষিত পরিসম্পদ	দখলের প্রকৃতি	সংরক্ষণ মূল্য (₹) / বায়না অর্থাঙ্ক (₹)	নিলামের তারিখ ও সময়
১.	**লোন অ্যাকাউন্ট নং: LAP3ARM000186024** **১. মিঃ/মিসেস নারায়ণ নায়েক** **২. মিঃ/মিসেস তাপসী নায়েক** **ক্রম নং ১ ও ২ এর ঠিকানা:** প্রযত্নে অনুকুল নায়েক, রামনারায়ণপুর কাঁটালি, কাঁটালি, হুগলি, গোঘাট–এল, পশ্চিমবঙ্গ, বাস স্ট্যান্ডের নিকটে, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৬১৪ **ক্রম নং ১ ও ২ এর ঠিকানা:** খতিয়ান নং ৪১১, জে এল নং ৭৭, প্লট নং আর এস এবং এল আর ২৪১, ২৪০, গ্রাম কাঁটালি, থানা গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, পিন–৭১২৬১৪।	২৭.০৩.২০২৬ তারিখ অনুযায়ী ₹২১,২২,১৯৯/– (একুশ লক্ষ বাইশ হাজার একশো নিরানব্বই টাকা মাত্র)	খতিয়ান নং ৪১১, জে এল নং ৭৭, প্লট নং আর এস এবং এল আর ২৪১, ২৪০, গ্রাম কাঁটালি, পোঃ কাঁটালি, থানা–গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, পিন–৭১২৬১৪, কাঁটালি, গোঘাট, হুগলি–৭১২৬১৪, পশ্চিমবঙ্গ। চৌহদ্দি: প্ল্যান/দলিল/লেআউট অনুসারে: **পূর্ব**–পদ্মাবতী কামিলার ফাঁকা জমি; **পশ্চিম**–বিকাশ মণ্ডলের ফাঁকা জমি; **দক্ষিণ**–কাঁচা রাস্তা ও বাচ্চু মণ্ডল; **উত্তর**–শম্পা কুণ্ডুর ফাঁকা জমি। মূল সাইট অনুসারে: **পূর্ব**–পদ্মাবতী কামিলার ফাঁকা জমি; **পশ্চিম**–বিকাশ মণ্ডলের ফাঁকা জমি; **দক্ষিণ**–কাঁচা রাস্তা; **উত্তর**–শম্পা কুণ্ডুর ফাঁকা জমি	গঠনমূলক দখল	₹৫৭,০৯,০০০/– (সাতান্ন লক্ষ নয় হাজার টাকা মাত্র) ₹৫,৭০,৯০০/– (পাঁচ লক্ষ সত্তর হাজার নশো টাকা মাত্র)	১৯.১১.২০২৬ দুপুর ২টো থেকে বিকেল ৪টা পর্যন্ত (টেন্ডার নথির শর্তানুযায়ী প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের স্বত্ব সম্প্রসারণে)
	পরিদর্শনের তারিখ ও সময় : ১৭.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা			বিড বাড়ানোর ন্যূনতম অর্থাঙ্ক: ₹১০,০০০/–		
	বিড/ ইএমডি/ অংশগ্রহণের চিঠি জমার শেষ তারিখ: ১৮.১১.২০২৬ বিকেল ৫টা পর্যন্ত					

***ওপরে উল্লিখিত অর্থাঙ্কের সঙ্গে ঋণচুক্তির শর্ত অনুসারে পরিশোধ ও/বা আদায়ের তারিখ পর্যন্ত প্রযোজ্য উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদিও আদায় দিতে হবে।**

সম্পত্তি পরিদর্শনের জন্য কোনও সহায়তার প্রয়োজন হলে বা বিড ডকুমেন্ট পেতে বা অন্য কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড–এর এই সকল আধিকারিকের সঙ্গে যোগাযোগ করবেন: **১. ইন্দ্রনীল মুখার্জি, মোবাইল নম্বর: ৯০৫১২৭২৭০০ এবং ই–মেল আইডি : indranilm@chola.murugappa.com, ২. সন্দীপ কুমার মুখার্জি, মোবাইল নম্বর: ৭৫৮৬৯৯৩০৮২ এবং ই–মেল: sandipkm@chola.murugappa.com**। **চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরোক্ত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদের ওপর কোনও দায় বিদ্যমান নেই।

তারিখ: ১৫.১০.২০২৬
স্থান: হুগলি, পশ্চিমবঙ্গ

স্বা/–
অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেডের তরফে

YES BANK LIMITED

Regd. & Corporate Office: YES BANK House, Off Western Exp. Highway, Santacruz East, Mumbai-400055; Branch Office : 1st Floor, Stephen House, 56E, Hemanta Basu Sarani, Dalhousie, Kolkata – 700 001 CIN: L65190MH2003PLC143249, E-mail: yestouch@yesbank.in, Website: www.yesbank.in

APPENDIX IV [Refer Rule 8(1)] POSSESSION NOTICE (For Immovable Property)

যেহেতু, **ইয়েস ব্যাঙ্ক লিমিটেড (‘ব্যাঙ্ক’)**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে **‘অ্যাক্ট’** হিসেবে উল্লিখিত)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত দাবি বিজ্ঞপ্তিগুলি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণের প্রতি আহ্বান জানানো হয়েছিল। সংশ্লিষ্ট ঋণগ্রহীতা / জামিনদাতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/ জামিনদাতাগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তিগুলির **দখল** নিয়েছেন।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতা/ জামিনদাতাগণকে নিম্নোক্ত সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তিগুলি নিয়ে যে কোনও প্রকার লেনদেন নিম্নোক্ত অর্থাঙ্ক, তৎসহ সকল অন্য বকেয়া অর্থাঙ্ক সহ উদ্ভূত সুদ, মাশুল, চার্জ ও খরচাপাতি সমেত ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

এতদ্দ্বারা সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থানগুলির প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে, যেখানে এই বিষয়টি উল্লেখ করা আছে, প্রকাশ্য নিলাম/ দরপত্র/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তি বিক্রির নোটিস প্রকাশিত হওয়ার তারিখের আগে যে কোনও সময়ে যাবতীয় মাশুল, চার্জ ও সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত খরচাপাতি সমেত সুরক্ষিত ঋণদাতার যাবতীয় পাওনা অর্থাঙ্ক আপনারা সুরক্ষিত ঋণদাতাকে প্রদান করতে পারলে এই সুরক্ষিত পরিসম্পদগুলি বিক্রি বা হস্তান্তর করা হবে না এবং উক্ত সুরক্ষিত পরিসম্পদ হস্তান্তর বা বিক্রির জন্য পরবর্তী কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না।

দাবি বিজ্ঞপ্তি/ ঋণগ্রহীতা/ বন্ধক রাখা সম্পত্তি সংক্রান্ত বিশদ তথ্য

ক্রম নং	ঋণগ্রহীতা, সহ–ঋণগ্রহীতা, জামিনদার, বন্ধকদাতা/ জামিনদাতার নাম	সুরক্ষিত সম্পত্তি/ বন্ধক রাখা সম্পত্তির জামিনস্বার্থের বিশদ তথ্য	১৩(২) নোটিস অনুসারে মোট দাবিকৃত অর্থাঙ্ক	১৩(২) নোটিসের তারিখ / দখলের তারিখ
১	১. সাউ রোড লাইনস ট্রান্সপোর্ট কোং অ্যান্ড ট্রেডার্স, ২. মিঃ রাজেশ কুমার সাউ (সাউ রোড লাইনস ট্রান্সপোর্ট কোং অ্যান্ড ট্রেডার্স–এর প্রোপ্রাইটর) এবং ৩. মিসেস পুনম কুমার সাউ	৯.৩২২৫ শতক বা ৪০৬৮ বর্গফুট জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ যার অবস্থান: মৌজা–ইওরাচক, জে এল নং ৫৯, এল আর খতিয়ান নং ৮৪৩, ৮৩৯, ৮৪৪ ও ৮৩৮ (সাবেক), ১২১৪ (নতুন), আর এস এবং এল আর দাগ নং ৬০৬/১০৬৮, থানা ভাতার, জেলা পূর্ব বর্ধমান, উক্ত জমির উপর নির্মিত বিল্ডিং সহ। **চৌহদ্দি: উত্তর:** কৃষ্ণ সরকার ও রাখহরি বৈরাগ্যর সম্পত্তি; **দক্ষিণ:** কৃষ্ণ বাজাজের সম্পত্তি; **পূর্ব:** বর্ধমান–কাটোয়া রোড; **পশ্চিম:** কৃষ্ণ বাজাজের সম্পত্তি।	₹১,২৮,৫৫,১২৩.৮৯/– (এক কোটি আঠাশ লক্ষ পঞ্চান্ন হাজর একশো তেইশ টাকা এবং উননব্বই পয়সা মাত্র), **লোন অ্যাকাউন্ট নং 026184600000018–এর প্রেক্ষিতে, ১০.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে বকেয়া**	২২.০৭.২০২৬ / ১৪.১০.২০২৬
২	১. রিয়াজ এন্টারপ্রাইজ, ২. মিঃ আমির হামজা মল্লিক (রিয়াজ এন্টারপ্রাইজ–এর প্রোপ্রাইটর) ৩. মিঃ গোল হামজা মল্লিক	৩.২৫ ডেসিমেল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ যার অবস্থান: মৌজা–কোকাপুর, জে এল নং ১১, রে সা নং ২০৭, সি এস খতিয়ান নং ৯৪, আর এস খতিয়ান নং ৬০০, এল আর খতিয়ান নং ১৭০ (সাবেক), ৩০৮৪ ও ৩১৩৪ (নতুন), আর এস এবং এল আর দাগ নং ৩২৯, সাবেক নং ১৪৬, হাল তৌজি নং ১২, থানা বারাসত (পুরাতন), দত্তপুকুর (নতুন), জেলা উত্তর ২৪ পরগনা, উক্ত জমির উপর নির্মিত বিল্ডিং সহ। **চৌহদ্দি: উত্তর:** দাগ নং ৩৩১; **দক্ষিণ:** দাগ নং ৩২৯; **পূর্ব:** দাগ নং ৩৩০; **পশ্চিম:** দাগ নং ৩২৯ ও ৪ ফুট চওড়া কমন কাঁচা রাস্তা।	₹১,২১,৯৬,৫০৯.৫৫/– (এক কোটি একুশ লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশো নয় টাকা এবং পঞ্চান্ন পয়সা মাত্র), **লোন অ্যাকাউন্ট নং 047384600000662–এর প্রেক্ষিতে, ₹৫০,৮১,৭৬২.৭৭/–** (পঞ্চাশ লক্ষ একাশি হাজার সাতশো বাষট্টি টাকা এবং সাতাত্তর পয়সা মাত্র), **লোন অ্যাকাউন্ট নং 047384600000652–এর প্রেক্ষিতে, ₹১,৬৪,৭৯৪.৭৫/–** (এক লক্ষ চৌষট্টি হাজার সাতশো চুরানব্বই টাকা এবং পঁচাত্তর পয়সা মাত্র), **লোন অ্যাকাউন্ট নং 017LA43243450001–এর প্রেক্ষিতে এবং ₹১,৬৭,৯৩১.৭১/–** (এক লক্ষ সাতষট্টি হাজার নশো একত্রিশ টাকা এবং একাত্তর পয়সা মাত্র), লোন অ্যাকাউন্ট নং **017LA40240320001–এর প্রেক্ষিতে ১০.০৭.২০২৬ তারিখের ভিত্তিতে বকেয়া**	২৯.০৭.২০২৬ / ১৩.১০.২০২৬

তারিখ: ১৬.১০.২০২৬
স্থান: পশ্চিমবঙ্গ

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
ইয়েস ব্যাঙ্ক লিমিটেড

केनरा बैंक Canara Bank
भारत सरकार का उपक्रम A Government of India Undertaking
সিন্ডিকেট Syndicate

রিজিওনাল অফিস: বহরমপুর
আরিয়ান বিল্ডিং, ভাকুরি মোড়, বলরামপুর, এনএইচ–৩৪, বহরমপুর, মুর্শিদাবাদ, পিন–৭৪২১৬৫

৩১.১০.২০২৬ তারিখের ই–নিলাম

এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থান মোতাবেক দখল নেওয়া নিম্নবর্ণিত সম্পত্তিগুলি অনলাইন উপায়ে নিম্নোক্তমতো ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে:
নিম্নলিখিত শর্ত ও নিয়মাবলি অনুসারে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ক্রয়ে আগ্রহী ক্রেতাদের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ করা হচ্ছে।

ক্রম নং	ক) সুরক্ষিত ঋণদাতার নাম ও ঠিকানা খ) ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম ও ঠিকানা	ক) দায় (তৎসহ বকেয়া সুদ) খ) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) ১৩(৪) ধারাধীনে দখল বিজ্ঞপ্তির তারিখ	সম্পত্তির বিশদ বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) শাখায় যোগাযোগের ব্যক্তির নাম ও রিজিওনাল অফিস ঙ) ইএমডি জমার অ্যাকাউন্ট
১.	**ক) কানাড়া ব্যাঙ্ক, কাশিমনগর শাখা (১৬৮৮)** গ্রাম ও পোঃঅঃ– কাশিমনগর, ভায়া নিমতিতা, পোঃঅঃ– কাশিমনগর, পিন–৭৪২২২৪ **খ) ঋণগ্রহীতা: মেসার্স রানিমা হার্ডওয়্যার প্রোপ্রাইটর: আমিরুল ইসলাম,** গ্রাম– হাপানিয়া, পোঃঅঃ– দফাহাট, থানা– সুতি, জেলা– মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২২২৪ **জামিনদার: এরশাদ আলি (প্রয়াত)** পিতা– সোলেমান শেখ, নতুন মহেন্দ্রপুর, জেলা– মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২২০১ **রানি বিবি (প্রয়াত জামিনদারের আইনি উত্তরাধিকারিণী)** স্বামী– প্রয়াত এরশাদ আলি **আমিরুল ইসলাম (প্রয়াত জামিনদারের আইনি উত্তরাধিকারী)** পিতা– প্রয়াত এরশাদ আলি **বশিরুল ইসলাম (প্রয়াত জামিনদারের আইনি উত্তরাধিকারী)** পিতা– প্রয়াত এরশাদ আলি **তাসিরুল ইসলাম (প্রয়াত জামিনদারের আইনি উত্তরাধিকারী),** পিতা– প্রয়াত এরশাদ আলি, **সকলের ঠিকানা:** মহেন্দ্রপুর পশ্চিম পাড়া, মহেন্দ্রপুর, সুতি, জঙ্গিপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন–৭৪২২০১	ক) ₹৩৪,২৫,৭৩৮.২১ তৎসহ ২৮.০৫.২০২৫ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ২৫.০৩.২০২৬ গ) ০২.০৬.২০২৬	জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– হাপানিয়া, জে এল নং ৫৩, পোঃঅঃ– হাপানিয়া, থানা– সুতি, জেলা– মুর্শিদাবাদ, পিন–৭৪২২২৪, পশ্চিমবঙ্গ, **সম্পত্তির স্বত্বধারক: আমিরুল ইসলাম।** খতিয়ান নং: এল আর ৩৫১২; প্লট নং: এল আর ৬৭৪ – পরিমাপ (একরে) ০.০৪৩৩; এল আর ৬৭৫ – ০.০১৩৮; মোট: ০.০৫৭১ একর **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– আমিরুল ইসলামের নিজস্ব সম্পত্তি; দক্ষিণ– রাস্তা; পূর্ব– আবদুর রাজ্জাকের সম্পত্তি; পশ্চিম– তাশিরুল ইসলামের সম্পত্তি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** সম্পত্তি দেখতে এটি স্ক্যান করুন	ক) ₹২৮,১৭,০০০.০০ খ) ₹২,৮১,৭০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ম্যানেজার, কাশিমনগর শাখা মোবাইল: ৮৩৩৪৯ ৯৯২৪১ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹২,৮১,৭০০.০০ **BAANKNET.COM** পোর্টালে **(https://baanknet.com/)** উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে
২.	**ক) কানাড়া ব্যাঙ্ক, মালদা শাখা (১৯৫৫০)** ১৮, রামকৃষ্ণ পল্লী, এনএইচ–৩৪, জেলা– মালদা, পশ্চিমবঙ্গ, পিন–৭৩২১০১ **খ) মেসার্স আজম এন্টারপ্রাইজ প্রোপ্রাইটর: ফারুক আজম** পিতা– মহঃ নওশাদ আলি গ্রাম– মকুলপুর, পোঃঅঃ– সৈয়দপুর, থানা– কালিয়াচক, পশ্চিমবঙ্গ, পিন–৭৩২২০৬ **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: শ্রী ফারুক আজম,** পিতা– মহঃ নওশাদ আলি গ্রাম– মকুলপুর, পোঃঅঃ– সৈয়দপুর, থানা– কালিয়াচক, পশ্চিমবঙ্গ, পিন–৭৩২২০৬	ক) ₹২২,৩১,৩১৩.৬০ তৎসহ ০৬.০৮.২০২৪ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ০৮.০৮.২০২৪ গ) ২২.১১.২০২৪	সামান্য কমবেশি ৬.২০ ডেসিমেল মাপের জমি এবং এর উপরিস্থিত আবাসবাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– মোকশেদপুর, জে এল নং ১৫১, থানা– কালিয়াচক, জেলা– মালদা, জালুয়াবাধাল গ্রাম পঞ্চায়েত, কালিয়াচক–১ ব্লক (মোট জমি ৬.২০ ডেসিমেল, এলআর আরওআর অনুসারে এর মধ্যে ৪.০০ ডেসিমেল সম্পত্তি)। **সম্পত্তির স্বত্বধারক: ফারুক আজম।** এল আর খতিয়ান নং / এল আর প্লট নং / পরিমাপ (ডেসিমেল): ২৪১৪ / ৬১ / ০.৫০; ২৪১৪ / ৬২ / ৪.৯৫; ২৪১৪ / ৬৩ / ০.৭৫ **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– মহঃ নওশাদ আলির জমি; দক্ষিণ– মহঃ নওশাদ আলির জমি; পূর্ব– চলাচলের পরিসর; পশ্চিম– মহঃ নওশাদ আলির জমি। **[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** সম্পত্তি দেখতে এটি স্ক্যান করুন	ক) ₹২২,৯৩,০০০.০০ খ) ₹২,২৯,৩০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ম্যানেজার, মালদা শাখা মোবাইল: ৬২৯২২ ৪২৮৭৫ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹২,২৯,৩০০.০০ **BAANKNET.COM** পোর্টালে **(https://baanknet.com/)** উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে

ই–নিলামের তারিখ ও সময়: ৩১.১০.২০২৬, সকাল ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ১টা ৩০ মিনিট; ইএমডি জমার শেষ তারিখ: ৩০.১০.২০২৬, বিকেল ৫টা পর্যন্ত

–: শর্ত ও নিয়মাবলি :–

১. পরিসম্পদগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ ও ‘যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।
২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে পরিসম্পদগুলি বিক্রি করা হবে না।
৩. কোনও সম্পত্তির ক্ষেত্রে মাত্র একজন বিডার হলে সেই বিডার/ ক্রেতাকে সংরক্ষিত মূল্যের এক ডাক ওপরে বিড করতে হবে।
৪. আমাদের সার্ভিস প্রোভাইডারের ওয়েবসাইট অর্থাৎ, **BAANKNET.COM (https://baanknet.com/)** –এর মাধ্যমে কেবলমাত্র **‘অনলাইন ইলেকট্রনিক পদ্ধতি’**তে নিলাম/ বিডিং আয়োজিত হবে।
৫. নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১০% হারে ইএমডি বাবদ অর্থাঙ্ক সরাসরি **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড [BAANKNET.COM (https://baanknet.com/)]**–এর ই–ওয়ালেটে অথবা এখান থেকে চালান জেনারেট করে আরটিজিএস/ এনইএফটি–র মাধ্যমে উক্ত চালানে উল্লিখিত অ্যাকাউন্টে **সর্বশেষ ৩০.১০.২০২৬ বিকেল ৫টার মধ্যে** জমা দিতে হবে।
৬. সার্ভিস প্রোভাইডার **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড [BAANKNET.COM (https://baanknet.com/)]–এর সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য: ৭০৪৬৬১২৩৪৫ / ৬৩৫৪৯১০১৭২ / ৮২৯১২২০২২০ / ৯৮৯২২১৯৮৪৮ / ৮১৬০২০৫০৫১, ই–মেল আইডি: support.BAANKNET@psballiance.com**।
৭. সংশ্লিষ্ট ব্রাঞ্চ আধিকারিকদের সঙ্গে আগাম যোগাযোগের পরে **১৫.১০৭.২০২৬ থেকে ২৩.১০.২০২৬ তারিখের মধ্যে যে কোনও কাজের দিনে দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে** পরিসম্পদগুলি পরিদর্শন করা যাবে।
৮. সফল ক্রেতা/সর্বাধিক বিডারকে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (ইতিমধ্যে প্রদত্ত ইএমডি অন্তর্ভুক্ত করে) তাঁকে সর্বাধিক দরদাতা/সফল ক্রেতা ঘোষণার সঙ্গে সঙ্গে জমা দিতে হবে এবং বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক জমা দিতে হবে বিক্রয় নিষ্পত্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে। ওপরে উল্লিখিত এই নির্ধারিত মেয়াদের মধ্যে সফল দরদাতা/ ক্রেতা পুরো বিক্রয়মূল্য আদায় দিতে ব্যর্থ হলে, তাঁর তরফে জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।
৯. প্রযোজ্যমতো স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন চার্জ, যে কোনও প্রকার বিধিবদ্ধ বকেয়া/ দর/ কর/ রেজিস্ট্রেশন ফি/ বিবিধ খরচাপাতি/ সরকারি বকেয়া/ যে কোনও কর্তৃপক্ষের কাছে বকেয়া ইত্যাদি কেবলমাত্র সফল দরদাতা/ক্রেতাকেই বহন করতে হবে।
১০. তাঁদের বকেয়া পুরোপুরি আদায় না দিলে ওপরে লেখা তারিখ, সময় ও স্থানে নিলাম বিক্রি আয়োজনের ব্যাপারে উপরোক্ত ঋণ সম্পর্কিত ঋণগ্রহীতা এবং জামিনদারগণের প্রতিও এটি একটি বিজ্ঞপ্তি হিসেবে গণ্য হবে।
১১. কোনও কারণ না দেখিয়ে প্রাপ্ত যে কোনও বা সমস্ত প্রস্তাব/বিড গ্রহণ বা বাতিল করা বা এই বিক্রি বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে।
১২. এতদ্দ্বারা ওপরে লেখা ই–নিলামের নির্ধারিত তারিখের মধ্যে সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচাপাতি সমেত বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে, যেমনটা করতে তাঁরা ব্যর্থ হলে ওপরে লেখা সম্পত্তিগুলি নিলাম/বিক্রি করা হবে এবং এর পরেও যদি কোনও অর্থাঙ্ক বকেয়া থাকে, তাহলে তা সুদ ও মাশুল সমেত তাঁদের থেকে আদায় করা হবে।
১৩. বিশদ তথ্য কানাড়া ব্যাঙ্কের এই ওয়েবসাইটে দেওয়া আছে: **www.canarabank.com**।

তারিখ: ১৬.১০.২০২৬ / স্থান: বহরমপুর

অনুমোদিত আধিকারিক / কানাড়া ব্যাঙ্ক

রানিগঞ্জে ২ ব্লকে গ্যাস তুলবে এসার

আজকালের প্রতিবেদন

রানিগঞ্জে আরও দুটি নতুন গ্যাস ব্লক থেকে মিথেন গ্যাস উত্তোলনের কাজ শুরু করবে এসার অয়েল অ্যান্ড গ্যাস লিমিটেড। সম্প্রতি ভারত সরকার এই সংস্থাকে পাঁচটি নতুন কোল বেড মিথেন গ্যাসের ব্লক থেকে গ্যাস উত্তোলনের দায়িত্ব দিয়েছে। রানিগঞ্জে ৩৩০ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে মিথেন গ্যাস পাওয়া গিয়েছে। এই গ্যাস উত্তোলনের কাজ শুরু হলে ওই অঞ্চলে কর্মসংস্থানের পাশাপাশি অন্যান্য অনুসারী শিল্পেরও প্রসার ঘটবে। সংস্থার তরফে জানানো হয়েছে, ইতিমধ্যেই রানিগঞ্জে গ্যাস উত্তোলন এবং উৎপাদনের জন্য ছ'হাজার কোটি টাকারও বেশি বিনিয়োগ করেছে তারা। সম্প্রতি এ বিষয়ে সংস্থার সঙ্গে চুক্তিপত্রে সই করেছেন পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরি। বাংলার পাশাপাশি মধ্যপ্রদেশ এবং তেলেঙ্গানাতেও এসার সংস্থা গ্যাস উত্তোলনের কাজ করবে। এ বিষয়ে সংস্থার সিইও পঙ্কজ কালরা বলেন, 'দেশে নতুন পাঁচটি কোল বেড মিথেন ব্লকের দায়িত্ব দেওয়ায় আমরা খুশি। রানিগঞ্জে এর আগেও আমরা গ্যাস উত্তোলনের কাজ করেছি। দেশের জ্বালানি সরবরাহের বিষয়ে আরও শক্তিশালী পদক্ষেপের পাশাপাশি শিল্পক্ষেত্রে আমরা আরও অবদান রাখতে পারব। সংস্থার চেয়ারম্যান ভুবনচন্দ্র ত্রিপাঠী বলেন, প্রাকৃতিক গ্যাস ভারতের জ্বালানি এবং শক্তিক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় এবং তার চাহিদা ক্রমে বেড়েই চলেছে। প্রাকৃতিক গ্যাস উত্তোলন করতে পারলে দেশের জ্বালানি সংগ্রহের বিষয়ে আমরা অবদান রাখতে পারব। প্রসঙ্গত, এসার অয়েল অ্যান্ড গ্যাস লিমিটেড গোটা দেশ জুড়েই পরিকাঠামোগত ক্ষেত্রে এবং খনি বিষয়ক কাজকর্মে একটি গুরুত্বপূর্ণ সংস্থা। রানিগঞ্জ ছাড়াও মধ্যপ্রদেশের সিংগ্রাউলিতে এবং তেলেঙ্গানার গোদাবরী নদীর উপত্যকা অঞ্চলে মিথেন গ্যাসের সন্ধান পাওয়া গেছে।

এসার অয়েল অ্যান্ড গ্যাস লিমিটেডের সঙ্গে মিথেন গ্যাস উত্তোলনের চুক্তিপত্র স্বাক্ষর অনুষ্ঠানে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরি।

ডিঙ্গেলপোতা পশ্চিমপাড়া সর্বজনীন দুর্গোৎসবের ২৯ বছর। পুজোর উদ্বোধন করলেন অভিনেত্রী গার্গী রায়চৌধুরি। রয়েছেন পুজো উদ্যোক্তারা। ছবি: আজকাল

পঞ্চমীতে পথে প্লাবন

● ৩ পাতার পর

আহিরীটোলা, বাগবাজার, কলেজ স্কোয়্যার, একডালিয়া এভারগ্রিন, ম্যাডক্স স্কোয়্যার, চালতাবাগান, চেতলা, হরিদেবপুর, বেহালা— বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত ভিড় থমকে রইল মণ্ডপে। পঞ্চমী থেকেই যে ভিড়ের মিটার বাড়বে, তা আগাম আঁচ করতে পেরেছিল কলকাতা পুলিশ। তাই চতুর্থীর দিন থেকেই পুলিশের পুজোর ডিউটি একেবারে টপ গিয়ারে।

সকালে শিয়ালদায় গিয়ে দেখা গেল, সুন্দর করে সাজানো ঢাক নিয়ে ঢাকিরা এসেছেন। অনেকেরই আগামী ছ'দিনের জন্য বায়না হয়ে গেছে। ঢাকের সঙ্গে পাশে হেঁটে যাওয়া কাঁসর হাতে কিশোরের মুখে শরতের আলো পড়েছে। তার গায়ে দেখা গেল নতুন জামা। মধ্য না উত্তর— কোন কলকাতায় ভিড় বেশি? দক্ষিণ কলকাতায় ভিড় এখনও কি জমেনি? নানা প্রশ্নের মধ্যে জনজোয়ারই জবাব দিল, এ বছরের পুজোর অন্য মহিমা দেখবে বাংলা। নিমতা নতুন পল্লী উন্নয়ন সমিতির দুর্গাপুজো বাঙালির ঐতিহ্যকে এক সুতোয় বেঁধেছে। লাল-হলুদ শামিয়ানায় বিভিন্ন মাপের হাতপাখা, কুলো, ঘট, মাদুর দিয়ে সাজানো হয়েছে। মণ্ডপের বিভিন্ন অংশে ছোট ছোট মই ব্যবহার করা হয়েছে। বার্তা হল, মা দুর্গার আশীর্বাদে সকলে উন্নতি যেন মই বেয়ে ওপরে ওঠে। এ পুজোয় রয়েছে কাশফুল, যা মণ্ডপে সাজিয়ে রাখা হয়েছে অতীতকে ছুঁয়ে দেখার জন্য। হাওড়ার নটবর পাল রোডে ভারতমাতা সঙ্ঘের পুজোয় স্বাধীনতার ইতিহাস তুলে আনা হয়েছে। ১৯২৪ সালে শুরু হয়েছিল এই পুজো। সেই পুজো এবার ১০৩ বছরে। পুজোর উদ্বোধন করেছেন বিজেপি সাংসদ জগন্নাথ সরকার। ছিলেন পুজো কমিটির প্রধান পৃষ্ঠপোষক রূপায়ণ গঙ্গোপাধ্যায় ও প্রধান উদ্যোক্তা সৌম্য ঘোষ। নিউ ব্যারাকপুরের ইয়ং সেন্টারের পুজো ৪১ বছরে পা দিল। এবারের থিম মহানায়ক উত্তমকুমার— 'অরুণ থেকে মহানায়ক'। উত্তমকুমারের অভিনয় জীবনের যাত্রাপথ, কালজয়ী সিনেমার স্টিল ফটোগ্রাফ। এছাড়াও থাকছে নানা স্কেচ। উদ্যোক্তারা নীরবে অসহায় মানুষের হাতে তুলে দিচ্ছেন বস্ত্র।

আজ মহাষষ্ঠী। পঞ্চমীর দিন দুপুরের দিকে গোমড়ামুখো কিছু মেঘ এদিক-ওদিক থেকে উড়ে এসেছিল। কিছুক্ষণ এপাড়া-সেপাড়ায় বৃষ্টিও হল। কিন্তু তাতে মানুষের মণ্ডপমুখী মিছিলকে থামানো যায়নি।

ভাবাচ্ছে বৃষ্টি

● ৩ পাতার পর

তবে আরও দু'দিন, শুক্র ও শনিবার দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বিক্ষিপ্ত হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার থেকে আকাশ পরিষ্কার হতে শুরু করবে। উৎসবের দিনগুলোয় বৃষ্টি হবে না। উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে রবিবার পর্যন্ত।

বৃহস্পতিবার মাঝেমধ্যে হালকা বিক্ষিপ্ত বৃষ্টি হয়েছে। কেনাকাটা করতে বেরিয়ে অনেককেই সঙ্গে নিতে হয়েছে ছাতা। ছোট ছোট এলাকায় বৃষ্টি হচ্ছে। এক জায়গায় বৃষ্টি হচ্ছে। কিছুটা এগোনোর পর দেখা যাচ্ছে, বৃষ্টি নেই। এদিন কলকাতার পাশাপাশি দমদম, হাওড়া, বিধাননগর-সহ উপকূলের জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টি হয়। আকাশ ছিল মেঘলা। কোথাও কোথাও বিক্ষিপ্ত বজ্রপাতও হয়।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ, শুক্রবার দক্ষিণবঙ্গের পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। শনিবারে এই দুই জেলার পাশাপাশি কলকাতা-সহ উত্তর ২৪ পরগনা, হাওড়া, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে বজ্রবিদ্যুৎ-সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্য জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা কম। রবিবার, সপ্তমীর দিন থেকে আকাশ পরিষ্কার হতে শুরু করবে। কমবে বৃষ্টি। সামান্য হলেও কমবে রাতের তাপমাত্রা। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি জেলায় শনিবার পর্যন্ত হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার থেকে উত্তরবঙ্গেও বৃষ্টি কমবে।

আবহাওয়া দপ্তর জানিয়েছে, বর্ষা বিদায়ের পর হাওয়া ক্রমশ শুষ্ক হতে শুরু করবে। সামান্য কিছুটা হলেও কমবে দিন, রাতের তাপমাত্রা। বাড়বে হেমন্তের আমেজ।

মমতাকে 'চোর' বললে আমার চোখে জল আসে: জয় গোস্বামী

আজকালের প্রতিবেদন

'মমতা ব্যানার্জিকে 'চোর' বললে আমার চোখে জল আসে। আমি মনে করি, উনি কোনও দিন নিজে 'চোর' ছিলেন না। নিজে 'চোর' হবেনও না।' এক সংবাদমাধ্যমে সাক্ষাৎকারে একথা বলেছেন কবি জয় গোস্বামী। তাঁর কথায়, দীর্ঘ দিন ক্ষমতায় থাকলে মাটির সঙ্গে যে কারও যোগাযোগ ছিন্ন হয়ে যেতে পারে। প্রকৃত শুভানুধ্যায়ীদের সঙ্গেও যোগাযোগ ক্ষীণ হয়ে আসে। মমতারও সেটাই হল। এত দেরিতে বুঝলেন যে, তখন আর কিছু করার রইল না। জয় গোস্বামী সাক্ষাৎকারে বলেছেন, 'সিঙ্গুর, নন্দীগ্রাম পর্বে মমতা তথা আমাদের যাঁরা তীব্র বিরোধিতা করেছিলেন, পরে দেখা গেল, তাঁরা এসে মমতার উচ্চ প্রশংসার দ্বারা বড় বড় পদে বসে পড়লেন। আর আমাদের ক্রমশ দরজা বন্ধ হয়ে গেল।' জয় গোস্বামী বলেছেন, 'নেত্রীর জীবন সাধাসিধে। কিন্তু তাঁর পার্শ্বচরদের জীবনযাপন বিলাসবহুল। যত দিন গেল, এঁদেরই প্রভাব বাড়ল।' তিনি আরও বলেছেন, 'এই নারীর একার লড়াই, সর্বোচ্চ পদে উত্থান, মানুষের ভালবাসা পাওয়া এবং তা থেকে এমন সর্বাঙ্গীণ পতন— এ আমি আর কোথাও দেখিনি। তাঁর দুর্দশায় আমি দুঃখ পাই।'

বইয়ের স্টল করার অনুমতি পেল সিপিএম

বনগাঁয় সিপিএমকে বুক স্টল করার জন্য অনুমতি দিল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার এই অনুমতি দিলেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। তাঁর নির্দেশ, পার্টি অফিসের ১০০ মিটারের মধ্যে স্টল তৈরি করতে দিতে হবে। এই নির্দেশের ওপর রাজ্য স্থগিতাদেশ চাইলে সেটি খারিজ করে দেয় আদালত। বিচারপতি জানান, বুক স্টল তৈরি করার সময় এবং বাকি সময়েও যেন এলাকায় কোনও অশান্তি না হয়, সেদিকে নজর রাখবে পুলিশ। জেলার পুলিশ সুপারকে ২৩ নভেম্বর রিপোর্ট দিতে নির্দেশ দিয়েছে আদালত। এই নির্দেশের ওপর স্থগিতাদেশ চায় রাজ্য। প্রত্যাখ্যান করেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। অন্য দিকে, এদিন উৎসব উপলক্ষে বিভিন্ন জায়গায় বইয়ের স্টল করতে পুলিশ অনুমতি না দেওয়ায় প্রতিবাদ জানাল এসইউসিআই (কমিউনিস্ট)। সংগঠনের কলকাতা জেলা সম্পাদক নভেন্দু পাল জানান, বুক স্টল জ্ঞানচর্চা ও গণতান্ত্রিক পরিবেশ রক্ষার সহায়ক। প্রশাসনের কাছে সহযোগিতার দাবি করে, জনগণের সহযোগিতায় স্টল করা হবে বলে জানায় সংগঠন।

ইন্দ্রনীলের আগাম জামিনের আবেদন খারিজ

রাজ্যের প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেনের আগাম জামিনের আবেদন খারিজ করল কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ বৃহস্পতিবার এই আবেদন খারিজ করেছেন। বৌবাজার থানায় দায়ের হওয়া একটি এফআইআরের ভিত্তিতে আগাম জামিন চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হন ইন্দ্রনীল সেন। অভিযোগ, ইউনেস্কোর নাম ব্যবহার করে চড়া দামে দুর্গাপুজোর টিকিট বিক্রি করা হয়েছিল। আর্থিক দুর্নীতির অভিযোগ তুলেছিলেন জয়দীপ মুখার্জি। বৌবাজার থানার পুলিশ এফআইআর দায়ের করে। এর পরিপ্রেক্ষিতে আগাম জামিনের আবেদন করেছিলেন প্রাক্তন রাষ্ট্রমন্ত্রী। সেই আবেদনই খারিজ করে দিয়েছে হাইকোর্ট।

অভিষেকের মামলার দ্রুত শুনানির আবেদন খারিজ করল হাইকোর্ট

তদন্ত সংক্রান্ত তথ্য সংবাদমাধ্যমে প্রকাশের বিরোধিতা করে তৃণমূল সাংসদ অভিষেক ব্যানার্জির দায়ের করা মামলার জরুরি ভিত্তিতে শুনানির আর্জি খারিজ করে দিল কলকাতা হাইকোর্ট। তৃণমূল সাংসদের ওই মামলা দ্রুত শোনার জন্য এদিন আদালতের দৃষ্টি আকর্ষণ করেন তাঁর আইনজীবী অয়ন ভট্টাচার্য। আইনজীবী বলেন, মামলাটি ডিসেম্বর মাসে শুনানির জন্য তালিকাভুক্ত করা হয়েছে। অথচ প্রায়ই সংবাদমাধ্যমে তাঁর মক্কেলের বিরুদ্ধে তদন্ত সংক্রান্ত খবর প্রকাশিত হচ্ছে। এই পরিস্থিতিতে এখন শুনানি সম্ভব না হলে মামলাটি অবকাশকালীন বেঞ্চে পাঠানো হোক। বিচারপতি সৌগত ভট্টাচার্য আইনজীবীর এই আর্জি নাকচ করেন।

বহুতলের নীচে উদ্ধার মহিলার দেহ

বেনিয়াপুকুর থানা এলাকার বহুতলের নীচ থেকে পঞ্চমীর দিন উদ্ধার হল এক মহিলার রক্তাক্ত দেহ। একটি বহুতলের ৯ তলার বাসিন্দা ওই মহিলা। স্থানীয়রা তাঁকে দ্রুত হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। জানা গেছে, বহুতলে একটি ব্যাঙ্কের অফিস রয়েছে। ওই মহিলা সেখানেই চাকরি করতেন। তাঁর পরিচয় জানার চেষ্টা করছে পুলিশ। রাতে জানা গেছে, ওই মহিলার নাম দেবলীনা শ (২৬)। বাড়ি হাওড়ায়। এটি দুর্ঘটনা, না আত্মহত্যার ঘটনা, তা দেখা হচ্ছে। পুলিশ তদন্তে নেমেছে। ফরেনসিক টিম ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করেছে। যে ব্যাঙ্কে ওই মহিলা চাকরি করতেন, সেই ব্যাঙ্কের কর্তৃপক্ষের সঙ্গেও কথা বলছে পুলিশ।

বিজ্ঞানের পাঠশালা

আজকালের প্রতিবেদন

আজ, শুক্রবার থেকে ২১ অক্টোবর পর্যন্ত পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের উদ্যোগে চলবে বিজ্ঞানের পাঠশালা। থাকবে বুক স্টল। প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ১১টা পর্যন্ত হেদুয়া পার্কে এই পাঠশালা খোলা থাকবে। সংগঠনের পক্ষে ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষকে বিজ্ঞানের পাঠশালায় আসার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

ঋতব্রতদের হয়ে কাজ করছে পুলিশ, দোলা সেনের চিঠি ডিজি, কমিশনারকে

বিজেপির সঙ্গে গণতান্ত্রিক তৃণমূল কংগ্রেসের গোপন আঁতাত রয়েছে। বিজেপির কথা শুনে ঋতব্রত ব্যানার্জি, অরূপ রায়ের দলকে সহযোগিতা করছে পুলিশ। এমনই অভিযোগ তুলে রাজ্য পুলিশের ডিজি সিদ্ধনাথ গুপ্তা এবং কলকাতার পুলিশ কমিশনার অজয়কুমার নন্দকে চিঠি দিলেন মমতা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাংসদ দোলা সেন। চিঠিতে তিনি লিখেছেন, ওদের হয়ে থানার ওসি, আইসিরা কাজ করছেন। বিভিন্ন এলাকার তৃণমূল কর্মীদের কাছ থেকে পুলিশ ১ হাজার ১০০-র বেশি হলফনামা সংগ্রহ করেছে। হলফনামার মূল বিষয়বস্তু, তৃণমূল কর্মীরা যেন গণতান্ত্রিক তৃণমূল কংগ্রেসকে সমর্থন জানান। চিঠিতে দোলা সেন লিখেছেন, 'পুলিশের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অনুরোধ, নিচুতলার পুলিশকর্মীরা যেন ঋতব্রত ব্যানার্জি, অরূপ রায়ের হয়ে কাজ না করেন। যদি পরিস্থিতি না বদলায়, এভাবেই কাজ চলতে থাকে, তা হলে আমরা আইনগত পদক্ষেপ করব।'

লেক কালীবাড়ির দুর্গাপ্রতিমা। বৃহস্পতিবার। ছবি: আজকাল

উড়ালপুলে বসল ক্যাটস আই, রং তোলার কাজও শুরু

আজকালের প্রতিবেদন

বুধবার চিংড়িঘাটা উড়ালপুলে বাইক স্কিড করে দুর্ঘটনার পরেই উড়ালপুলে বসানো হল ক্যাটস আই। এবং গড়িয়াহাট সেতু থেকে রং ঘষে তোলার কাজও শুরু হয়েছে। রং অনেকটাই উঠে গেছে। সেদিন ৩ জন বাইক আরোহী উড়ালপুলে বাঁক নিতে গিয়ে হঠাৎই পিছলে পড়ে যান বাইক থেকে। ৩ জনেরই চোট লাগে। সে সময় হালকা বৃষ্টিও হয়েছিল। এর পরেই শুরু হয়েছে রং তোলার কাজ। প্রসঙ্গত, এই ঘটনা সামনে আসতেই কী করে দুর্ঘটনা ঘটল, তা জানার জন্য বুধবার সন্ধ্যায় পুরসভার ইঞ্জিনিয়ার, দমকল এবং ডিজি ও কলকাতা পুলিশের নগরপালের সঙ্গে কথা বলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি সংবাদমাধ্যমে জানান, রঙের জন্য বাইক স্কিড করেছে, এটা ভাবার কারণ নেই। রঙের জন্য নাও হতে পারে। জানা গেছে, এরপরেই প্রশাসনের তরফে গোটা বিষয়টা সমীক্ষা করে দেখা হয়। স্ক্র্যাপ ঘষে তোলা হয়েছে রং। অন্য দিকে, কলকাতা পুলিশের নগরপাল অজয়কুমার নন্দ বলেন, রঙের জন্য বাইক পিছলে যায়নি। ওই রাস্তা দিয়ে রিল বানানোর জন্য তাঁরা ছুটছিলেন। অসাবধানতায় দুর্ঘটনা ঘটেছে। প্রসঙ্গত, পুজোর আগে কলকাতার সৌন্দর্যায়নের জন্য উড়ালপুলগুলিতে রং করা হচ্ছিল। এবং বেশ কয়েকটি সেতুর ওপরের রাস্তায় রামধনু রং করা হয়েছিল।

শব্দরঙ্গ-৪৩৪

১				২		৩	
				৪			
		৫					
					৬		৭
৮	৯						
			১০				
১১							
			১২				

পাশাপাশি

১. বহুজনের কর্তা ৪. নির্ভুল ৫. শারদোৎসবের মাস ৬. দ্রুত, তাড়াতাড়ি ৮. ব্যাকরণে সংস্কৃত ধাতুর গণবিশেষ ১০. ভদ্রতা, শিষ্টাচার ১১. লাভজনক ১২. জমকালো, চটকদার।

উপর-নীচ

১. বিরক্তিকর অপরিহার্য বিষয় বা ব্যাপার
২. শক্ত, দৃঢ়
৩. সমান-সমান
৫. কর্ষিত
৬. নোংরা, কদর্য
৭. (আল.) চুম্বন
৯. লক্ষ্মীদেবী
১০. সুন্দর গন্ধ।

সমাধান-৪৩৩

	অ	রু	ণা	চ	ল		প
হে	ভি				প		র
	মু		বা		টা	ল	নি
মু	খ	ফোঁ	ড়				পা
গ্ধ				ভো	র	রা	ত
ন	য়	কো		ম		খ	
য়		না				ঢা	লি
নে		চে	ত	না	ত্ম	ক	

■ শুভজ্যোতি রায়

আজ টিভিতে কী দেখবেন

সিনেমা

● **জি বাংলা সোনার**



সকাল ৮-৩০ **বান্ধবী**, দুপুর ১২-০০ **চিতা**, দুপুর ২-৩০ **মামা ভাগ্নে**, বিকেল ৫-০০ **এই ঘর এই সংসার**, সন্ধে ৭-০০ **দাদার কীর্তি**, রাত ১০-০০ **পিতা**, রাত ১২-০০ **অসুর**

● **কালার্স বাংলা সিনেমা**
সকাল ১০-৩০ **ভাই আমার ভাই**, দুপুর ২-০০ **লাভ ম্যারেজ**, বিকেল ৪-৩০ **যুদ্ধ**, রাত ৯-৩০ **খোকাবাবু**

● **কালার্স বাংলা**
দুপুর ১২-৪৫ **জোর যার মুলুক তার**

● **আকাশ আট**
দুপুর ৩-০৫ **আমার বঁধুয়া**

● **ডিডি বাংলা**
দুপুর ২-৩০ **এবং তুমি আর আমি**

● **জলসা মুভিজ**
সকাল ১০-৩০ **সিঁথির সিঁদুর**, দুপুর ২-০০ **বলো না তুমি আমার**, বিকেল ৫-৩০ **পিউপা**, রাত ৯-৩০ **পতি পরমেশ্বর**

● **কালার্স সিনেপ্লেক্স**
সকাল ৭-৩০ **সোহনি মাহিওয়াল**, সকাল ১০-৩৫ **হাম দিল দে চুকে সনম**, দুপুর ২-২০ **আওয়ারা পাগল দিওয়ানা**, বিকেল ৫-০০ **হাউসফুল ৫এ**, রাত ৭-৫০ **হাউসফুল ৫বি**, রাত ১০-৪৫ **আঁসু বন গ্যায়ে ফুল**

জলসা মুভিজ
বাবা, বেবি ও...
সকাল ৭-৩০

জি সিনেমা
কমান্ডো ২
সকাল ৬-০০

● **জি সিনেমা**
সকাল ৮-১৫ **শাদী মে জরুর আনা**, সকাল ১১-০০ **ম্যায়নে প্যায়ার কিয়া**, দুপুর ২-৪৫ **সীতা অউর গীতা**, সন্ধে ৬-০০ **রাজি**, রাত ৮-৫০ **বধাই দো**, রাত ১১-৫৫ **করণ অর্জুন**

● **সোনি ম্যাক্স ২**

সকাল ৭-০০ **জাস্টিস চৌধুরী**, সকাল ৮-২২ **ডিস্কো ডান্সার**, সকাল ১১-০০ **সির্ফ: লাইফ লুকস গ্রিনার অন দ্য আদার সাইড**, দুপুর ১-৩১ **এক চাল্লিশ কি লাস্ট লোকাল**, বিকেল ৪-০০ **গ্যায়ের**, রাত ৭-৪৮ **ডোলি সাজা কে রাখনা**, রাত ১১-১১ **নাজায়জ**

বিশেষ অনুষ্ঠান

● **ঘরে এলো উমা**

শরতের নীল আকাশে সাদা মেঘের ভেলা। রৌদ্রোজ্জ্বল দিন জানান দিচ্ছে, মা এসেছেন। ষষ্ঠীর এমন সকালে ডিডি বাংলায় আগমনি গানের অনুষ্ঠান 'ঘরে এলো উমা'। উপস্থিত থাকছেন শিল্পী প্রভাতী মুখোপাধ্যায়, শ্রীকুমার চট্টোপাধ্যায়, সুস্মিতা গোস্বামী এবং অদিতি গুপ্ত।
ডিডি বাংলা: সকাল ৭-০০

ধারাবাহিক

● **দেবী নিয়ে কাণ্ড হেব্বি**

কালার্স বাংলা: রাত ১০-০০

দিনপঞ্জি

বিশুদ্ধ সিদ্ধান্ত: শুক্রবার, ২৯ আশ্বিন ১৪৩৩, ইং ১৬ অক্টোবর ২০২৬, মুং ৪ জমাদিয়ল আউল, ১৪৪৮
সূর্যোদয় ঘ ৫।৩৭।০
সূর্যাস্ত ঘ ৫।৭।৪৪
তিথি: (আশ্বিন শুক্লপক্ষ) ষষ্ঠী অহোরাত্র
নক্ষত্র: জ্যেষ্ঠা দং ২।৫৮ দিবা ঘ ৬।৪৮

অন্য পঞ্জিকা: শুক্রবার, ২৮ আশ্বিন ১৪৩৩, ইং ১৬ অক্টোবর ২০২৬, হিজরি ৪ জমাদিয়ল আউল, ১৪৪৮

প্রয়োজন

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091
অ্যাম্বুল্যান্স 102
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জন্‌স অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986
দমকল 101
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222
রাতের ওষুধ / অক্সিজেন
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888
ব্লাড ব্যাঙ্ক
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636
চক্ষুদান
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178
শববহন
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

বাংলাদেশি মহিলার কারাদণ্ডের মেয়াদ কমাল হাইকোর্ট

১৯৪৬ সালের ফরেনার্স আইনে দোষী সাব্যস্ত এক বাংলাদেশি মহিলার কারাদণ্ডের মেয়াদ কমিয়ে দিল কলকাতা হাইকোর্ট। ইতিমধ্যেই জেলে কাটানো সময়কাল পর্যন্ত ধার্য করা হয়েছে সাজা। আদালত নির্দেশ দিয়েছে, ওই মহিলাকে অবিলম্বে মুক্তি দিয়ে আইন অনুযায়ী বাংলাদেশে ফেরত পাঠাতে হবে। বিচারপতি জয় সেনগুপ্ত এই রায় দেন তনুশ্রী সরকার (পুতুল)-এর দায়ের করা একটি আপিলের শুনানিতে। জানা গিয়েছে, ২০২৫ সালের সেপ্টেম্বর মাসে উত্তর ২৪ পরগনার বনগাঁর অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক ওই মহিলাকে তিন বছরের সশ্রম কারাদণ্ড এবং ৬ হাজার টাকা জরিমানার সাজা দিয়েছিলেন। আদালত সূত্রে খবর, আবেদনকারী ইতিমধ্যেই প্রায় দেড় বছর জেল হেফাজতে কাটিয়ে ফেলেছেন।

আবহাওয়া

শুক্রবার হালকা, মাঝারি বৃষ্টির সম্ভাবনা।	সর্বোচ্চ	৩২
	সর্বনিম্ন	২৫
	ডিগ্রি সেলসিয়াস	
বৃহস্পতিবার	সর্বোচ্চ ৩৩.৬ (+১)	
বৃষ্টি ২.২ মিমি	সর্বনিম্ন ২৬.২ (+১)	
আপেক্ষিক আর্দ্রতা	৯৩%	৬০%

বাংলায় সর্বোচ্চ তাপমাত্রা **উলুবেড়িয়া ৩৫.৫°**

পাঁশকুড়ার মেচগ্রামে সিদ্ধা স্কুল মাঠে বীরেন্দ্র শারদোৎসব কমিটির পুজো উদ্বোধনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এছাড়াও বৃহস্পতিবার হলদিয়ার চৈতন্যপুরে নবতারা, সুতাহাটায় সতীশ সামন্ত চ্যারিটেব্‌ল ট্রাস্ট এবং দুর্গাচক ব্যবসায়ী কল্যাণ সমিতির পুজো উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। ছবি: আজকাল

বহরমপুরে পূর্বাশা প্রগতি ওয়েলফেয়ার সোসাইটির পুজোর উদ্বোধনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রয়েছেন রেজিনগরের বিধায়ক শাখারভ সরকার, মন্ত্রী গৌরীশঙ্কর ঘোষ, গার্গী দাস ঘোষ, বিজেপি নেত্রী মাফুজা খাতুন, জেলাশাসক আর অর্জুন। বৃহস্পতিবার। ছবি: আজকাল

মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা

আজকালের প্রতিবেদন

প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি ড. এপিজে আবদুল কালামকে শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার ছিল প্রাক্তন রাষ্ট্রপতির জন্মদিন। এদিন সমাজমাধ্যমে তাঁকে শ্রদ্ধা জানিয়ে মুখ্যমন্ত্রী লেখেন, প্রাক্তন রাষ্ট্রপতি, ভারতীয় বিজ্ঞানী, মিসাইল ম্যান অফ ইন্ডিয়া, ভারতরত্ন ড. এপিজে আবদুল কালামের জন্মদিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।

২ জেলায় পুজোর উদ্বোধনে মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

পঞ্চমীতে দুই জেলায় বিভিন্ন পুজোর উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদ ও পূর্ব মেদিনীপুর, এই দুই জেলায় পুজো উদ্বোধনে যান। সকালে মুর্শিদাবাদের লালবাগের বুধাসপাড়ায় ফ্রেন্ড একাদশ ক্লাবের পুজোয় যান। সেখান থেকে যান বহরমপুরের বাবুলবোনা সর্বজনীন দুর্গাপুজো কমিটির পুজো উদ্বোধন করতে। এরপর সেখানকার পূর্বাশা প্রগতি ওয়েলফেয়ার সোসাইটির পুজোয় যান। এরপর সন্ধেয় মুর্শিদাবাদ থেকে পূর্ব মেদিনীপুর চলে যান মুখ্যমন্ত্রী। সেখানে প্রথমে পাঁশকুড়ার মেছোগ্রাম দুর্গোৎসব কমিটির পুজোর উদ্বোধন করেন। এরপর হলদিয়ার সুতাহাটার নবতারা চৈতন্যপুর সর্বজনীন পুজো, হলদিয়া সর্বজনীন দুর্গোৎসব সমিতির পুজো, হলদিয়া নিউ মার্কেট এলাকার দুর্গাচক কলোনি বাজারের পুজোর উদ্বোধন করেন। আজ, শুক্রবার নন্দীগ্রামের বিভিন্ন পুজোর উদ্বোধন করার কথা তাঁর। এদিন সকালে মুখ্যমন্ত্রী দুর্গাপুজোর পঞ্চমীর শুভেচ্ছা জানান। তিনি সমাজমাধ্যমে লেখেন, 'সকলকে জানাই মহাপঞ্চমীর শুভেচ্ছা ও অভিনন্দন।'

কর্মবন্ধুদের মাসিক ভাতা বাড়াল রাজ্য

আজকালের প্রতিবেদন

কর্মবন্ধুদের মাসিক ভাতা ৩ হাজার টাকা বাড়াল রাজ্য। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানে কর্মরত কর্মবন্ধুদের ভাতাবৃদ্ধির সিদ্ধান্তের কথা জানিয়েছিলেন। সম্প্রতি এই ভাতাবৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করে রাজ্য সরকার। অর্থ দপ্তর থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে আংশিক সময়ে কর্মরত এই কর্মবন্ধুদের মাসিক ভাতা তিন হাজার টাকা বাড়ানোর কথা জানানো হয়েছে। এর আগে কর্মবন্ধুদের মাসিক ভাতা ছিল পাঁচ হাজার টাকা। এবার তা বেড়ে হল আট হাজার টাকা। অক্টোবর মাস থেকেই তাঁদের এই বর্ধিত হারে ভাতা কার্যকর হয়েছে বলে সরকারি ভাবে জানানো হয়েছে।

আরশোলাদের জায়গা নেই

● ৩ পাতার পর

সিদ্ধায় বীরেন্দ্র শারদোৎসব কমিটি, হলদিয়ার চৈতন্যপুরে নবতারা, সুতাহাটায় সতীশ সামন্ত চ্যারিটেব্‌ল ট্রাস্ট এবং দুর্গাচক ব্যবসায়ী কল্যাণ সমিতির পুজো উদ্বোধন করেন। পাঁশকুড়ায় ভাষণে তিনি বলেন, 'পরিবর্তনের আসল রূপ আপনারা দেখতে পাচ্ছেন। পরিবর্তনের সরকারের সময়ে নতুন করে তেরো হাজার পুজো বেড়েছে। পঁয়তাল্লিশ হাজার থেকে বেড়ে এবার পুজোর সংখ্যা দাঁড়িয়েছে আটান্ন হাজারে। পুজো করার জন্য কাউকে আদালতে ছুটতে হয়নি। এবার আমরা পিতৃপক্ষে পুজো উদ্বোধন করতে দিইনি। পশ্চিমবঙ্গে সনাতন সংস্কৃতি মেনেই দুর্গাপুজো হবে এবং পঞ্জিকায় যেভাবে নির্দেশ রয়েছে, সেই অনুযায়ীই তা পালন করা হবে।' উন্নয়নের নিরিখে পশ্চিম পাঁশকুড়াকে মডেল বিধানসভা হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'আমি আপনাদের কাছে মুখ্যমন্ত্রী নই, আমি আপনাদের বন্ধু শুভেন্দু। আমার সঙ্গে আপনাদের সম্পর্ক আগেও যেমন ছিল, ভবিষ্যতেও তেমনই থাকবে। বিগত দিনে যারা উৎপাত করত, তারা আপাতত গর্তে ঢুকে গেছে। তারা যেন চিরদিন গর্তেই ঢুকে থাকে, সেই দায়িত্ব আপনাদের হাতেই তুলে দিলাম। এখানকার বিধায়ক সিন্টু সেনাপতি প্রয়োজনীয় সমস্ত কাজের কথা আমাকে জানাবেন, সরকারের ছাড়পত্র কিংবা অর্থের কোনও ঘাটতি হবে না। আমি কথা দিয়ে গেলাম, এই বিধানসভাকে মডেল বিধানসভা করুন। এখানকার সমস্ত উন্নয়নের কাজ সম্পন্ন করুন এবং বছরের পর বছর ধরে চলা বন্যা-সহ অন্যান্য সমস্যার স্থায়ী সমাধান নিশ্চিত করুন। বিধায়কের নেতৃত্বেই এই অঞ্চলের সমস্ত উন্নয়ন সাধিত হোক।' পুজো উদ্বোধন অনুষ্ঠানগুলিতে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন জেলাশাসক নিরঞ্জন কুমার-সহ স্থানীয় বিধায়ক ও অন্যান্য বিশিষ্টজন। শুক্রবার নন্দীগ্রাম, তমলুক-সহ কয়েকটি জায়গায় পুজোর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

শুধু ভাতা নয়, সংস্কারও কাজ

● ৩ পাতার পর

এই তিনজন পরিযায়ী শ্রমিক হিসেবে কেরল, মুম্বই, সৌদি আরবে কাজ করতেন। চাকরি পাওয়ায় আর তাঁদের পরিযায়ী শ্রমিক হয়ে যেতে হবে না। মুখ্যমন্ত্রী দু-চার কথায় বলেন, 'এটি রাজ্য সরকারের মানবিক প্রয়াস। আমি রেজিনগরে প্রচারে এসে মৃত জেসমিনার বাড়িতে গিয়ে তার বাবা-মাকে বলেছিলাম, এখন নিয়ম মেনে কিছুই করতে পারব না। তবে আমার ওপর ভরসা রাখুন, কিছু করবই। আমার ত্রাণ তহবিল থেকে ১০ লক্ষ টাকা দিলাম। ওটা একটা দুর্ঘটনা। কোনও মৃত্যুর ক্ষতিপূরণ কখনই টাকা দিয়ে পূরণ হয় না। তবুও সরকারের দায়িত্ব থেকে যায়। মানবিক প্রয়াসের মধ্যে পড়ে। আর কর্ণসুবর্ণ রেলগেটের দুর্ঘটনার সময়ও আমি এসেছিলাম। কথা দিয়েছিলাম, পরিযায়ী শ্রমিকদের ফিরিয়ে আনব। ফিরিয়ে আনলাম। এখানে থেকেই সিভিক ভলান্টিয়ারের কাজ করবেন। আর কেরলে যেতে হবে না। আর ভোটের ফলাফলের দিন রেজিনগরে আসতে পারিনি। রেজিনগর রাজ্য সরকারের ওপর আস্থা রেখেছে। আমিও কৃতজ্ঞ রেজিনগরের মানুষের প্রতি। অতি সত্বর রেজিনগরে আসব। ভাগীরথী নদীর ওপর নারকেলবাড়ি ঘাটে সেতুর শিলান্যাস করব। হবে ২০০ শয্যার হাসপাতাল।'

বহরমপুর ও লালবাগে তিনটি দুর্গাপুজোর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, 'পুজো করুন শাস্ত্রীয় মতে নিয়ম মেনে। সবসময় পাশে আছি। আগে কোনও নিয়ম মানা হত না। সীমান্তে গরু পাচার, নেশার সিরাপ পাচার বন্ধ। বিএসএফ ও পুলিশ যৌথ ভাবে কাজ করছে। আমরা ইতিমধ্যে মুর্শিদাবাদে বিএসএফকে তাদের প্রয়োজনীয় জমি দিয়েছি। মুর্শিদাবাদে নাবালিকা বিয়ে বন্ধ করতেই হবে। নাবালিকার বিয়ের অর্থ হল নাবালিকা মা। শুধু প্রশাসন নয়, সাধারণ মানুষ থেকে ক্লাবকেও এগিয়ে আসতে হবে।' ছিলেন রাজ্যের মন্ত্রী, মুর্শিদাবাদের বিধায়ক গৌরীশঙ্কর ঘোষ-সহ একাধিক বিজেপি বিধায়ক।

পুজোর নিখোঁজদের খুঁজে দেবে 'বন্ধু কলকাতা'

দুর্গাপুজোয় ভিড়ে কেউ হারিয়ে গেলে তাঁকে খুঁজে বার করতে ও সাহায্য করতে পঞ্চমীর বিকেল থেকে পথে নামল 'বন্ধু কলকাতা'। পথে নামল ১০টি গাড়ি, কলকাতা পুলিশের উদ্যোগে। সেই গাড়ি শহর জুড়ে ঘুরবে। যদি ভিড়ে কেউ হারিয়ে যান, তা হলে ওই গাড়িতে থাকা পুলিশ আধিকারিকরা তাঁকে সাহায্য করবেন। পুলিশের সঙ্গে এই কাজে যোগ দিয়েছে কয়েকটি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা। প্রতিটি গাড়িতে থাকবেন একজন ইনস্পেক্টর বা সাব-ইনস্পেক্টর পদমর্যাদার অফিসার। থাকবেন একজন কনস্টেবল, একজন মহিলা কনস্টেবল এবং একজন স্বেচ্ছাসেবী সংস্থার কর্মী। গাড়ি সাজানো হয়েছে বেলুন দিয়ে, গাড়ির ভেতর থাকবে ছোটদের জন্য লজেন্স। ছোটদের পাশাপাশি যদি কোনও প্রবীণ পথ হারিয়ে ফেলেন, তাঁকেও তাঁর আত্মীয়ের কাছে ফিরিয়ে দেওয়া হবে। কোনও নিখোঁজের ঘটনা ঘটলে নিকটবর্তী থানায় জানালেই থানা থেকে 'বন্ধু কলকাতা' গাড়ির সঙ্গে যোগাযোগ করা হবে। উদ্ধার করে থানায় নিয়ে আসা হবে।

মহুয়া মৈত্রর আপত্তিকর মন্তব্য মুছে দেওয়ার নির্দেশ আদালতের

মুখ্যসচিব মনোজ আগরওয়ালের বিরুদ্ধে করা তৃণমূল সাংসদ মহুয়া মৈত্রর আপত্তিকর মন্তব্য ২৪ ঘণ্টার মধ্যে মুছে দেওয়ার নির্দেশ দিল আলিপুর আদালত। এ নিয়ে একটি মানহানির মামলা হয়েছিল। মুখ্যসচিব ওই মানহানির মামলা দায়ের করেন। বৃহস্পতিবার ওই মামলার শুনানিতে আলিপুর আদালত মহুয়া মৈত্রকে আপত্তিকর বক্তব্যগুলি মুছে ফেলার নির্দেশ দিয়েছে। মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে আগামী বছরের ৫ জানুয়ারি। এ প্রসঙ্গে বিরোধী দলনেতা ঋতব্রত ব্যানার্জি বলেছেন, 'উনি যা খুশি বলবেন, তা তো হতে পারে না। আদালতও তার মতামত জানিয়েছে।'

ফর্ম নং এনসিএলটি ৩এ
আবেদনের বিশদ বিবরণী সম্বলিত বিজ্ঞাপন
ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চের সমীপে
কোম্পানি আবেদন
সি.পি. (সিএএ) নং ৭৭/কেবি/২০২৬
সি.এ (সিএএ) নং ৩০/কেবি/২০২৬-এর সাথে সংযুক্ত কোম্পানি আবেদন

সম্পর্কিত বিষয়:
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ২৩০ (১)-এর সহ পঠনীয় ধারা ২৩২(১);
এবং:
সম্পর্কিত বিষয়:
জেনেসিস অ্যাডভার্টাইজিং প্রাইভেট লিমিটেড ... আবেদনকারী কোম্পানি / ডিমার্জড কোম্পানি / ট্রান্সফারর কোম্পানি
এবং
পিওরটেক ইন্টারনেট প্রাইভেট লিমিটেড ... অ-আবেদনকারী কোম্পানি/ রেজাল্টিং কোম্পানি
এবং
মারীচি ইনভেস্টমেন্টস প্রাইভেট লিমিটেড ... অ-আবেদনকারী কোম্পানি/ ট্রান্সফারি কোম্পানি

কোম্পানি আবেদনের শুনানির বিজ্ঞপ্তি এবং বিজ্ঞাপন
পিওরটেক ইন্টারনেট প্রাইভেট লিমিটেড (প্যান AACCP1995L) ('রেজাল্টিং কোম্পানি')-এর সাথে জেনেসিস অ্যাডভার্টাইজিং প্রাইভেট লিমিটেড (প্যান AABCG0780D) ('ট্রান্সফারর কোম্পানি/ডিমার্জড কোম্পানি')-এর ডিমার্জার এবং মারীচি ইনভেস্টমেন্টস প্রাইভেট লিমিটেড (প্যান AAMCM2096H) ('ট্রান্সফারি কোম্পানি')-এর সাথে 'ট্রান্সফারর কোম্পানি'-এর ...

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD
জোনাল অফিস: মেদিনীপুর
স্টেশন রোড, পুরনো জল ট্যাঙ্কের বিপরীতে, পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১০১

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(১) অধীনে]

যেহেতু:
ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৮ ও ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে জোনাল অফিস কলকাতা সাউথের অধীন আমাদের **সোনারপুর শাখার হাউজিং লোন অ্যাকাউন্টের** এবং **জোনাল অফিস মেদিনীপুরের অধীন আমাদের কাঁথি শাখার** ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্টের ঋণগ্রহীতা: **মেসার্স রেকন কনস্ট্রাকশন, প্রোপ্রাইটর: শ্রী অনুপ কুমার পাহাড়ি (ঋণগ্রহীতা),** প্রযত্নে অনুপ কুমার পাহাড়ি, ২৬৭/২৬৬, ওয়ার্ড নং ১২, কুমারপুর, পোঃঅঃ ও থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর, পিন-৭২১৪০১; **শ্রী অনুপ কুমার পাহাড়ি (ঋণগ্রহীতা),** পিতা- অজিত পাহাড়ি, ২৬৭/২৬৬, ওয়ার্ড নং ১২, কুমারপুর, পোঃঅঃ ও থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর, পিন-৭২১৪০১; **শ্রী অজয় কুমার পাহাড়ি (জামিনদার/বন্ধকদাতা),** পিতা- অজিত পাহাড়ি, গ্রাম- পদুরভেড়ি, পোঃঅঃ- নিজকসবা, থানা- খেজুরি, জেলা- পূর্ব মেদিনীপুর, পিন-৭২১৪৩১-এর প্রতি **১৩.০৭.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹৭৮,০৮,২৯৭.০০** (আটাত্তর লক্ষ আট হাজার দুশো সাতানব্বই টাকা মাত্র) পরিশোধ করার জন্য আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **১২ অক্টোবর, ২০২৬ তারিখে** উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **₹৭৮,০৮,২৯৭.০০** (আটাত্তর লক্ষ আট হাজার দুশো সাতানব্বই টাকা মাত্র) এবং তার উপর সুদ সমেত **ইন্ডিয়ান ব্যাঙ্ক**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
...
তারিখ: ১২.১০.২০২৬ স্থান: কাঁথি
অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড GRIHUM
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৬, 'বি' বিল্ডিং, গঙ্গা ট্রুনো, লোহেগাঁও, পুণে, মহারাষ্ট্র-৪১১০১৪
ব্রাঞ্চ অফিস ইউনিট: ২ নং ফ্লোর, ৫৩এ রফি আহমেদ কিদোয়াই রোড, বাটা মোড়, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০১৬
ই-নিলাম – বিক্রয় বিজ্ঞপ্তি
সারফায়েসি অ্যাক্টের অধীনে সুরক্ষিত স্থাবর পরিসম্পদ বিক্রি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ ও ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ('অ্যাক্ট') অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড (উক্ত অ্যাক্ট অনুসারে এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত সম্পত্তিগুলি, যা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ ও ৯-সহ পঠনীয় সারফায়েসি অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে দখল নিয়েছেন।
সুরক্ষিত এই পরিসম্পদগুলি **০৩.১১.২০২৬ তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। এতদ্দ্বারা জনসাধারণের অবগতির জন্য জানানো হচ্ছে, **https://www.bankeauctions.com** ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মে প্রকাশ্য নিলাম পরিচালিত হবে।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক জিএইচএফএল/ সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, **www.grihumhousing.com** দেখুন।

ক্রম নং	প্রোপোজাল নম্বর/ গ্রাহকের নাম {A}	দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং বকেয়া অর্থাঙ্ক {B}	দখলের প্রকৃতি {C}	সম্পত্তির বিবরণ {D}	সংরক্ষণ মূল্য {E}	ইএমডি (সংরক্ষণ মূল্যের ১০%) {F}	ইএমডি জমার শেষ তারিখ {G}	বিড বাড়ানোর মূল্য {H}	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় {I}	নিলামের তারিখ ও সময় {J}	জানা দায় / মামলা (যদি থাকে) {K}
১	লোন নং **HF0264H19100171** এবং **HF0011H21100244** **সুমন ঘোষ (ঋণগ্রহীতা) রুমকি ঘোষ (সহ-ঋণগ্রহীতা)**	**নোটিসের তারিখ: ০৯.০৬.২০২৬ মোট বকেয়া: ₹৩৪,৮৭,৩২৯.০০/-** (চৌত্রিশ লক্ষ সাতাশি হাজার তিনশো উনত্রিশ টাকা মাত্র) যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে HF0264H19100171-এ বকেয়া **₹৩০,৭৪,৭২০.০০/-** এবং HF0011H21100244-এ বকেয়া **₹৪,১২,৬০৯.০০/-** যা ০৬.০৯.২০২৬ তারিখ অনুযায়ী প্রদেয়, সাথে সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত বার্ষিক ১২.৭% এবং ১৫.২৫% হারে সুদ।	**বাস্তবিক**	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের বিবরণ: বিল্ডিংটির ফার্স্ট ফ্লোরে (পশ্চিম দিকে) আনুমানিক ১২০০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) পরিমাপের একটি ফ্ল্যাট যা আনুমানিক ২ কাঠা, ৫ ছটাক এবং ৯ বর্গফুট পরিমাপের জমির প্লটের উপর নির্মিত, দাগ নং ৯৬৭-এর অংশবিশেষ, খতিয়ান নং ১৪০, জে এল নং ৮, রে সা নং ১৯৭, তৌজি নং ৯৩-এর অধীনে, মৌজা- সাহাপুর, থানা- বেহালা, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, বর্তমানে মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৩৭, রায় বাহাদুর রোড, কলকাতা কর্পোরেশন হিসেবে পরিচিত ও চিহ্নিত। **প্লটটির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- আদ্যাপীঠ মন্দির; দক্ষিণ- ৩৩ ফুট চওড়া রায় বাহাদুর রোড; পূর্ব- কবিগুরু সরণি; পশ্চিম- প্রেমিসেস নং ১৫৩/১, রায় বাহাদুর রোড।	₹ ৩০০০০০০.০০/- (তিরিশ লক্ষ টাকা মাত্র)	₹ ৩০০০০০.০০/- (তিন লক্ষ টাকা মাত্র)	০২.১১.২০২৬ বিকেল ৫টার আগে	₹ ১০,০০০.০০	২৮.১০.২০২৬ (সকাল ১১টা থেকে বিকেল ৪টে)	০৩.১১.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ২টো)	শূন্য

নিজেদের বিড জমা দেওয়ার আগে সুরক্ষিত ঋণদাতার শাখায় এসে নিলামে তোলা সম্পত্তিগুলি পরিদর্শন করে নিজস্ব অনুসন্ধান চালিয়ে সম্পত্তি সংক্রান্ত অতিরিক্ত চার্জ, দায়ভার ও অন্যান্য তৃতীয় পক্ষের স্বার্থ সম্পর্কে জেনে নিজে সন্তুষ্ট হয়ে নেওয়ার জন্য আগ্রহী বিডার/ক্রেতাদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। সম্পত্তির ওপর নির্ধারিত সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল/ জল কর ও অন্যান্য বিধিবদ্ধ বকেয়া সফল বিডারকেই প্রদান করতে হবে।
যথেষ্ট সময় হাতে থাকতেই সম্পর্কিত পোর্টালে আগ্রহী বিডারদের নাম রেজিস্টার করিয়ে নিতে হবে এবং ই-বিডিংয়ের জন্য বাধ্যতামূলক লগইন আইডি ও পাসওয়ার্ড নিলামের সার্ভিস প্রোভাইডার সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, গুড়গাঁও, হরিয়ানা-১২২০০৩, হেল্পলাইন নম্বর: ৭২৯১৯৮১১২৪, ২৫, ২৬, সাপোর্ট ই-মেল আইডি: **Support@bankeauctions.com, যোগাযোগের ব্যক্তি: ধরণী পি, ই-মেল আইডি: dharani.p@c1india.com, যোগাযোগের নম্বর: ৯৯৪৮১৮২২২২**-এর থেকে সংগ্রহ করে নিতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, আগ্রহী বিডাররা কেবলমাত্র এঁদের থেকেই ই-নিলামের অনলাইন প্রশিক্ষণ নিতে পারবেন। ০২.১১.২০২৬ বা তার আগে আগ্রহী ক্রেতা/বিডাররা বায়না অর্থাঙ্ক (ইএমডি) যে কোনও রাষ্ট্রায়ত্ত বা তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে এনইএফটি/ আরটিজিএস/ ডিমান্ড ড্রাফ্ট রূপে 'Grihum Housing Finance Limited- Auction Proceeds A/c' (ব্যাঙ্কের নাম: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড; অ্যাকাউন্ট নম্বর: 091551000028; আইএফএস কোড: ICIC0000915, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, পঞ্চশীল টেক পার্ক, গণপতি চকের কাছে, ৪৩/৪৪, বিমান নগর-৪১১০১৪)-এর অনুকূলে জমা দিয়ে https://www.bankeauctions.com ওয়েবসাইটে নিজেদের নাম রেজিস্টার করবেন এবং সার্ভিস প্রোভাইডারের থেকে বিনামূল্যে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে নেবেন। ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের নাম রেজিস্ট্রেশনের পরে আগ্রহী ক্রেতা/বিডাররা নিম্নলিখিত আপলোড করা নথিগুলি ই-মেলের মাধ্যমে প্রেরণ করবেন এবং এগুলির স্ব-স্বাক্ষরিত মুদ্রিত প্রতিলিপি জমা দেবেন এই **ঠিকানায়: ২ নং ফ্লোর, ৫৩এ রফি আহমেদ কিদোয়াই রোড, বাটা মোড়, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০১৬। মোবাইল নং +৯১ ৮২৮১১৩৮১৪৩, ই-মেল আইডি p.adith@grihumhousing.com** ই-নিলামে অংশ নিতে এবং শর্তাবলীর বিষয়ে আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে **https://www.bankeauctions.com** এবং **www.grihumhousing.com** দেখুন।
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) অধীনে সম্পর্কিত ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতি এই নোটিসটি ১৫ (পনেরো) দিনের নোটিস হিসেবেও বিবেচনা করতে হবে।
ইংরেজি সংবাদপত্র ও আঞ্চলিক ভাষার সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তুর মধ্যে কোনও ফারাক পরিলক্ষিত হলে বিজনেস স্ট্যান্ডার্ড সংবাদপত্রে ইংরেজি ভাষায় প্রকাশিত বিজ্ঞাপনের ভাষ্য সঠিক রূপে বিবেচিত হবে।
তারিখ: ১৬.১০.২০২৬ স্থান: পশ্চিমবঙ্গ
স্বাঃ- অনুমোদিত আধিকারিক, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড

বৈঁক ऑफ़ बड़ौदा Bank of Baroda
রিজিওনাল অফিস: বর্ধমান রিজিয়ন
২ নং ফ্লোর, ৫৪, জি টি রোড, ভাঙাকুঠি, বর্ধমান-৭১৩১০১
ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার 'এ'
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি; 'পরিশিষ্ট IV-A [রুল ৯(১)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ), জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টগুলির প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম/ লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর / অস্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই-নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (গঠনমূলক / বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**১. মিসেস ইন্দ্রাণী বোস, স্বামী- স্বরূপ বোস** শান্তিবন পার্ক, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩২০১ **২. মিঃ স্বরূপ বোস,** পিতা- শিবনাথ বোস শান্তিবন পার্ক, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩২০১ **শাখা:** সিটি সেন্টার, দুর্গাপুর **অনুমোদিত আধিকারিক:** মিঃ প্রত্যয় সরকার **শাখায় যোগাযোগের ব্যক্তি:** রূপেশ সিং (৯৬৪১৫ ১১১১১)	জমি ও বাড়ির সমবন্ধক, যার স্থিতি ও বিবরণ: মৌজা- মানিকারা, জে এল নং ৭৭, এল আর প্লট নং ১৯১, খতিয়ান নং ২৩৯৮, বর্তমান এল আর খতিয়ান নং ২৭২১, বিল্ট আপ এরিয়া ১১০৯ বর্গফুট এবং কার্পেট এরিয়া ১০৮৫ বর্গফুট, আমলাজোড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, থানা- কাঁকসা, এডিএসআর- দুর্গাপুর, জেলা- পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩২১২, এডিএসআর অফিস, দুর্গাপুরে নিবন্ধিত রেজিস্টার্ড বিক্রয় দলিল নং I-০২০৬০৪০০১/২০১৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ স্বরূপ বোস, পিতা- শিবনাথ বোস। দলিল অনুযায়ী চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- প্লট নং ১৯১; দক্ষিণ- প্লট নং ১৮৫; পূর্ব- প্লট নং ১৮৯; পশ্চিম- প্লট নং ১৯২। প্রকৃত চৌহদ্দি: উত্তর- প্লট নং ১৯১; দক্ষিণ- প্লট নং ১৮৫; পূর্ব- ১২ ফুট চওড়া রাস্তা; পশ্চিম- প্লট নং ১৯২।	₹৪৪,২০,৪৯১.০০ তৎসহ ২৩.০২.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ	২০.১১.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹৫৪,৮২,০০০.০০ / ₹৫,৪৮,২০০.০০ / ₹১০,০০০.০০	প্রতীকী	যে কোনও কাজের দিনে সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে

বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানার জন্য অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গেও ওপরে উল্লিখিত মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন।
১. এই বিক্রি সুরক্ষিত ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদন সাপেক্ষ হবে।
২. সম্পত্তিটি প্রতীকী দখলে রয়েছে এবং বিডাররা প্রতীকী দখলে থাকা এই সম্পত্তি নিজের দায় ও ঝুঁকিতে ক্রয় করছেন।
৩. ব্যাঙ্ক উক্ত সম্পত্তির কেবলমাত্র প্রতীকী দখল হস্তান্তর করবে এবং নিলামে সফল বিডার বা ক্রেতা ব্যাঙ্কের থেকে এই সম্পত্তির বাস্তবিক দখলের জন্য দাবি জানাতে পারবেন না।
৪. সম্পত্তির বাস্তবিক দখল দিতে ব্যাঙ্ক কোনওভাবেই দায়ী বা কর্তব্যপরায়ণ থাকবে না।
৫. জমাকৃত অর্থাঙ্ক ফেরতের ক্ষেত্রে নিলামে সফল ক্রেতা কোনও সুদ পাওয়ার জন্য দাবি জানাতে পারবেন না।
৬. ই-নিলামের অব্যবহিত পরেই নিলামে সফল ক্রেতাকে উপরিলিখিত শর্ত ও নিয়মাবলি নিশ্চিতকরণের ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে হবে।
৭. বিক্রির পরে সফল বিডার ঘোষণাপত্র তথা প্রতিশ্রুতি জমা দিতে ব্যর্থ হলে তাঁর তরফে জমাকৃত বিডের ইএমডি অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।
তারিখ: ১৬.১০.২০২৬ স্থান: বর্ধমান
বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য SCAN HERE
অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্ক অফ বরোদা

আজকাল

অপূর্ণতা-র প্রথম ঝলক



ঋষভ ও অঙ্কিতা

ফ্রাইডে ওটিটি প্ল্যাটফর্মে আসছে নতুন সিরিজ। ঋষভ দত্তর পরিচালনায় তৈরি হয়েছে ‘অপূর্ণতা’। ১৬ অক্টোবর মুক্তি পেল এই সিরিজ। অভিনয়ে রয়েছেন ঋষভ বসু, বিদীপ্তা চক্রবর্ত্তী, অঙ্কিতা দাস, স্বরলিপি ঘোষ, দুর্বার শর্মা, শঙ্কর দেবনাথ, মিনাশ্রী সরকার, তুলিকা বসু, সুবিমল কান্তি দত্ত, কৌস্তভ রায়, সুব্রত সেনগুপ্ত সহ আরও অনেকে। উপস্থাপনায়, রূপা দত্ত। প্রযোজনায়, ক্যামেলিয়া প্রোডাকশনস প্রাইভেট লিমিটেড।

সিরিজের গল্পে শাওন কলকাতার ছেলে। তাঁকে একটা দুঃস্বপ্নে তাড়া করে বেড়ায়। সে দেখে বারবার পাহাড় থেকে পড়ে যাচ্ছে। তার জীবন এক অপ্রত্যাশিত মোড় নেয় যখন সে সিকিমে মেয়ে চূর্ণির সঙ্গে দেখা করে এবং তার কুয়াশাচ্ছন্ন পাহাড়ের বাড়িতে বেড়াতে যায়। সেখানে সে চূর্ণির বাড়ি এবং পরিবারের সঙ্গে এক অদ্ভুত পরিচিতি অনুভব করে, বিশেষ করে চূর্ণির মা নন্দিনীর সঙ্গে। নন্দিনীর মনে সন্দেহ দানা বাঁধতে শুরু করে। সে শাওনের মধ্যে বহু বছর আগে রহস্যজনকভাবে হারিয়ে যাওয়া প্রেমিক অয়নের যোগসূত্র খুঁজে পায়।

স্মৃতি ও রহস্যের সীমানা ধূসর করে দিয়ে, ‘অপূর্ণতা: ইনকমপ্লিট লাভ স্টোরিজ’ প্রেম, ক্ষতি এবং অসমাপ্ত আবেগের এক মনোমুগ্ধকর গল্প বুনতে থাকে। যেখানে মনের টান সময় ও মৃত্যুকে ছাড়িয়ে যেতে পারে কি না, সেই উত্তর দেবে।

ক্ষমতা-খবরের সম্মুখসমরে

খবরের খোঁচায় কি হারিয়ে দেওয়া যায় প্রতিপত্তিকে? নতুন ছবি ‘রিপোর্টিং লাইভ’ দেখে লিখছেন পরমা দাশগুপ্ত।

ওয়েব ওয়েভ

প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে ঘুঘুর বাসা। ক্ষমতার নামে দেদার দুর্নীতি। বেআইনি মুনাফায় প্রতিপত্তির মদত। আর কেউ মুখ খুলতে চাইলে তাকে চিরতরে চুপ করিয়ে দেওয়া।

সরকারি হোক বা বেসরকারি পরিসর, রাজনীতি হোক বা ব্যবসা-বাণিজ্যের সিন্ডিকেট, রাজ্যে-রাজ্যে, দেশে-দেশে এ ছবিটাই তো বরাবর দেখে এসেছে আমজনতা। কখনও সেই ক্ষমতার কাছে মাথা নোয়াতে বাধ্য হয়েছে প্রতিবাদী কণ্ঠস্বর, কখনও বা তুমুল চাপে বিকিয়ে যেতে হয়েছে সংবাদমাধ্যমকেও। তবু আজও তার মধ্যে জেগে থাকে কিছু নাছোড় জেদ, যারা যে কোনও মূল্যেই সত্যিটাকে সামনে আনতে চায়। সে ভয়কে জয় করে ফেলা আদ্যোন্ত ছাপোষা কোনও মানুষই হোক বা কোনও ভাবেই আপস করতে নারাজ সাহসী সাংবাদিক। তারা প্রত্যেকেই জ্বালিয়ে রাখতে চায় আশার আলো। কিন্তু কী হয় তার পরিণতি? সত্যিই কি সত্যিটাকে দিনের আলোয় টেনে বার করে আনা যায়? নাকি মাসুল গুনতে হয় সাহস দেখানোর?

সেই উত্তরগুলোই খুঁজতে চেয়েছে নেটফ্লিক্সের নতুন ছবি ‘রিপোর্টিং লাইভ’। ধ্রুব ত্রিপাঠী পরিচালিত ক্রাইম থ্রিলারে বালি মাফিয়াদের পর্দাফাঁস করতে মরিয়া দুই সাংবাদিকের গল্পে যথারীতি অভিনয়ে তাক লাগিয়ে দিয়েছেন পরিণীতি চোপড়া এবং দেবেন ভোজানি। যে কাহিনির ভাবনা ঘুরপাক খায় বাস্তবের অপরাধ দুনিয়ার অলিগলি-রাজপথেই।

গল্পের দুই মূল চরিত্র, ক্রাইম জার্নালিস্ট সন্ধ্যা যাদব (পরিণীতি) এবং ভিডিও জার্নালিস্ট বিনোদ শর্মা (দেবেন) চাকরি করে মুম্বইয়ের আজাদ ভারত চ্যানেলে। নেশার মতো তাদের তাড়িয়ে বেড়ায় খবরের গন্ধ আর সত্যসন্ধানের খিদে। একালের রেষারেষিময় সাংবাদিক-জীবনের নিয়ম মেনে দিন-রাত ব্রেকিং নিউজ আর প্রাইমটাইমের পিছনে ছোটে দু’জনে। এর মধ্যেই লাগোয়া জেলার বিসরগাঁওয়ে ব্রিজ ভেঙে নদীতে পড়ে যায় স্কুলপড়ুয়া-ভর্তি বাস। সেই দুর্ঘটনা-মৃত্যুর খবর লাইভ করতে ঘটনাস্থলে পৌঁছয় সন্ধ্যা ও বিনোদ। তারা অবাক হয়ে দেখে রাজনীতির কারবারিরা সন্তানহারা গ্রামবাসীদের বোঝাচ্ছে, সূর্যগ্রহণে ঘর থেকে বেরোনোর দোষেই এমন বিপর্যয়। সন্ধ্যা আঁচ করে কোনও কিছু ঢাকাচাপা দিতেই কুসংস্কারকে হাতিয়ার করা হচ্ছে। তারা পেয়েও যায় বৃদ্ধ শিবা কাকাকে (অমল পালেকর), যিনি ওই ব্রিজের নির্মাণের দিকে আঙুল তুলতেই তাঁর উপর চড়াও হয় রাজনীতিকের দলবল। শিবাকাকার পিছনে ছিনেজোঁকের মতো লেগে থেকে সন্ধ্যা ও বিনোদ জানতে পারে এ চত্বরে বালি-মাফিয়াদের রমরমার কথা। বেআইনি ভাবে নিয়মিত নদীর নীচের বালি তোলার ফলেই দুর্বল হয়ে যাচ্ছে এলাকার ব্রিজ, বন্ধ্যা হয়ে পড়েছে চাষের জমি। ট্রাকে ট্রাকে ভর্তি সেই বালি চলে যাচ্ছে শহরে, একের পর এক বহুতল নির্মাণের রসদ হয়ে। আর গোটাটার পিছনে রয়েছে বড়সড় মাথারা। প্রতিরোধ, হেনস্থা, হুমকি বা বিপদের তোয়াক্কা না করে সন্ধ্যা আর বিনোদ লেগে পড়ে প্রমাণ জোগাড়ে। এতে একদিকে তারা যেমন পাশে পায় নিউজ এডিটর বিদুরকে (আদিল হুসেন), তেমনই চ্যালেঞ্জ হয়ে আসে এ খবর বন্ধ করতে চ্যানেল-মালিক শ্যামের (শেখর সুমন) চাপাচাপি। সব বাধা পেরিয়ে সন্ধ্যা আর বিনোদ কি পারবে এই ষড়যন্ত্রের পর্দাফাঁস করতে? খুঁজে পাবে বালি মাফিয়াদের আসল চাঁইকে? এই সাহস দেখানোর বিনিময়ে কোন মাসুল গুনতে হবে তাদের? সে সব নিয়েই এগিয়েছে ঘণ্টা দুয়েকের ছবির গল্প।

দুই সাংবাদিক চরিত্রে আরও একটু কমবয়সী কেউ থাকলে হয়তো ভাল হত। তবে সে খামতিটাকে বুঝতে দেননি পরিণীতি বা দেবেন কেউই। সন্ধ্যা বা বিনোদকে, তাদের খবরের খিদে, হতাশা কিংবা টানাপোড়েনগুলোকে নিখুঁত করে ফুটিয়ে তুলেছে তাঁদের দুরন্ত অভিনয়। বিদুর ও শ্যাম হিসেবে আদিল এবং শেখর দু’জনেই নজরকাড়া হলেও ছোট্ট পরিসরে তাঁদের বিশেষ কিছু করার ছিল না। শিবা কাকার চরিত্রটা এ গল্পে অত্যন্ত গুরুত্বপূর্ণ হলেও সংক্ষিপ্ত উপস্থিতিতেই আটকে গিয়েছেন অমল। বলা বাহুল্য, তাতেও তিনি অনবদ্য। তুমুল কর্পোরেট কিং হিসেবে নাসির কিংবা দেবেনের স্ত্রী পূজার চরিত্রে প্রাচী শাহকে ভালই লাগে।

কিন্তু ছোট্ট ছোট্ট মুহূর্তে আবেগ-অনুভূতির কোলাজ, দুর্নীতি-ক্ষমতার দাপাদাপি কিংবা খবর খোঁজার ডিটেলিং মন কাড়লেও গল্প হাঁটল বড্ড চেনা ছকে। নিউজরুমে সেই খবর বনাম ক্ষমতার চেনা লড়াই। ষড়যন্ত্র ফাঁসের মরণপণ ছোটাছুটি বা বিপদের আশঙ্কাতেও চেনা চেনা গন্ধ। সত্যসন্ধানের ক্লু-ও কেমন যেন হাতের নাগালেই রাখা। ফলে ক্রাইম থ্রিলারের পরতে পরতে যে টানটান উত্তেজনার প্রত্যাশা থাকে, তার দেখা মেলেনি। কেমন যেন সাদামাটা আর ফিকে লাগে সরলরেখায় চলা টানাপোড়েনগুলো। এমনকি, এ গল্প যে উচ্চতায় পৌঁছতে পারত, চড়াতে পারত পারদ, সেখানে ক্লাইম্যাক্স বেশ খানিকটা হতাশই করে।

তবে বালি-মাফিয়ারা পরিবেশ-প্রকৃতির ঠিক কতটা ক্ষতি করে দিচ্ছে, নদীর বুক থেকে অবৈধভাবে ঝুড়ি ঝুড়ি বালি তুলে আনা ঠিক কতখানি বিপদের মুখে দাঁড় করিয়ে দিচ্ছে জনজীবনকে— সে সত্যিটাকে সামনে আনার জন্যই কুর্নিশ প্রাপ্য পরিচালক-কাহিনিকারের। বিশেষত যেখানে পরিচালক ধ্রুবর এটাই প্রথম ছবি। আর সে কারণেই খামতিগুলো হয়তো ক্ষমা করে দেওয়া যায়। কী বলেন?

ছোটপর্দায় ফিরছেন নীলাঙ্কুর

ছোটপর্দায় ফিরছেন স্টার জলসার ‘রাঙামতি’র নায়ক নীলাঙ্কুর মুখার্জি। অন্যদিকে, নায়িকার চরিত্রে ফিরছেন ‘ঘূর্ণি’ সপ্তাশ্রী নন্দ। দুই নায়ক-নায়িকাকে আবার ছোটপর্দায় দেখতে পাওয়ার খবরে দারুণ খুশি অনুরাগীরা। তবে এবার আর স্টার জলসায় নয়, তাঁরা ফিরছেন জি বাংলার হাত ধরে। সুরিন্দর ফিল্মসের ব্যানারে আসছে নতুন এক ধারাবাহিক। সেখানেই মুখ্য চরিত্রে দেখা যাবে তাঁদের।

নীলাঙ্কুর মুখার্জি

সুরিন্দর ফিল্মসের প্রযোজনায় এই মেগার গল্পে সপ্তাশ্রীকে দেখা যেতে চলেছে গ্রাম্য মেয়ের চরিত্রে। তাঁর চরিত্রটি সৌভাগ্য বয়ে আনে মানুষের জীবনে। কিন্তু নিজের বাড়িতেই অবহেলার শিকার সে। তার জীবনে সুখের প্রতীক হয়ে আসবে নায়ক। এভাবেই এগোবে গল্প। জি বাংলার এই ধারাবাহিক আসায় কোন ধারাবাহিক শেষ হবে, এখন সেটাই দেখার। নিত্যনতুন টুইস্টে এখন অনেক মেগাই জনপ্রিয়তায় রয়েছে। কিন্তু শেষের পথে হাঁটবে কোন জুটি, ইতিমধ্যেই সেই নিয়ে চিন্তিত অনুরাগীরা।

প্রসঙ্গত, স্টার জলসায় অল্প দিনেই জনপ্রিয় হয়েছিল ধারাবাহিক ‘ঘূর্ণি’। প্রথম মেগায় দর্শকের থেকে দারুণ ভালবাসা পেয়েছিলেন সপ্তাশ্রী। ওই ধারাবাহিক শেষ হতেই ফের নতুন কাজে ফিরছেন তিনি। অন্যদিকে নীলাঙ্কুরকে এর আগে বহু মেগায় দেখেছেন দর্শক। শুধু তা-ই নয়, তাঁকে সম্প্রতি দেখা গিয়েছিল হইচই-এর সিরিজ ‘দেবীপক্ষ’-এও। এবার আরও একটা নতুন চরিত্র নিয়ে তিনি পর্দায় ফিরছেন।

তথ্য সঙ্কলন: শ্যামশ্রী সাহা, স্নিগ্ধা দে

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ...ভরসে কা প্রতীক। punjab national bank ...the name you can BANK upon!

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর–৭১৩২১৩, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ।
ই–মেল : cs8222@pnb.bank.in

সংশোধনী

এই সংবাদপত্রে ১৪.১০.২০২৬ তারিখে দুর্গাপুরের ০৫৪৬২০–মায়াবাজার ব্রাঞ্চের ক্রম নং ১–এর ঋণগ্রহীতা মেসার্স বি কে কনস্ট্রাকশন–এর ক্ষেত্রে প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তি অনুযায়ী, আগামী ২০.১১.২০২৬ তারিখে নির্ধারিত নিলামে অনুগ্রহ করে সম্পত্তি ১–এর বিড বৃদ্ধির সঠিক পরিমাণ ₹২০০০০.০০–এর পরিবর্তে ₹৫০০০০.০০ হিসেবে পড়ুন এবং সম্পত্তি ২–এর বিড বৃদ্ধির পরিমাণও ₹২০০০০.০০–এর পরিবর্তে ₹৫০০০০.০০ হিসেবে পড়ুন। বাকি অন্যান্য বিবরণ অপরিবর্তিত থাকবে।

তারিখ: ১৫.১০.২০২৬, স্থান: দুর্গাপুর — অনুমোদিত আধিকারিক

ফর্ম নং: ১৪
[রেগুলেশন ৩৩(২) দ্রষ্টব্য]
প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড ডাক দ্বারা, হাতে করে, ব্যর্থ হলে প্রকাশনের মাধ্যমে।
রিকভারি অফিসার–I/II–এর অফিস
ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা (ডিআরটি ২)
৭ নং ফ্লোর, জীবন সুধা বিল্ডিং
৪২সি, জওহরলাল নেহরু রোড
কলকাতা– ৭০০০৭১

দাবি বিজ্ঞপ্তি

রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাঙ্করাপসি অ্যাক্ট, ১৯৯৩–এর ধারা নং ২৫ থেকে ২৮ এবং ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১–এর দ্বিতীয় তফসিলের রুল ২ অধীনে বিজ্ঞপ্তি।

আরসি/৮৭/২০২৬ — ১৪.০৯.২০২৬

ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বনাম
মেসার্স মা চন্ডী রাইস মিল

প্রতি:
(সিডি ১) মেসার্স মা চন্ডী রাইস মিল
শ্রী রামপদ সাউ
গ্রাম + পোঃ– জাবুই, থানা– মেমারি বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১৪৬
(সিডি ২) শ্রী রামপদ সাউ
পিতা– শ্রী বাসুদেব সাউ
সুরঙ্গ পশ্চিমপাড়া, খন্ডঘোষ, থানা– খন্ডঘোষ, বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৪২৩
(সিডি ৩) শ্রী মুক্তিপদ সাউ
পিতা– প্রয়াত গোপাল চন্দ্র সাউ
সুরঙ্গ পশ্চিমপাড়া, খন্ডঘোষ, থানা– খন্ডঘোষ, বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৪২৩

এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে মহামান্য প্রিসাইডিং অফিসার, **ডেটস রিকভারি ট্রাইবুনাল, কলকাতা (ডিআরটি ২), ওএ/৯৭/২০১৯**–এর আদেশ অনুযায়ী জারিকৃত রিকভারি সার্টিফিকেট মোতাবেক আপনাদের (যৌথ ও এককভাবে/ পূর্ণত/ সীমাবদ্ধ) থেকে **₹৮৪১২৮০৮৬.৫৩ (আট কোটি একচল্লিশ লক্ষ আঠাশ হাজার ছিয়াশি টাকা এবং তিপান্ন পয়সা মাত্র),** এবং তার ওপর **০১.০৬.২০১৯ থেকে আদায়ের তারিখ পর্যন্ত বার্ষিক ১২.২০% হারে** বকেয়া ও ভবিষ্যতের সরল সুদ ও মাশুল বাবদ **₹১৫০০০৫/– (এক লক্ষ পঞ্চাশ হাজার পাঁচ টাকা মাত্র)** বকেয়া ও অনাদায়ী রয়েছে।

২. এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উপরিলিখিত অর্থাঙ্ক পরিশোধের জন্য আপনাদের প্রতি নির্দেশ দেওয়া হচ্ছে, যার অন্যথা হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান মোতাবেক আপনাদের বিরুদ্ধে বকেয়া পুনরুদ্ধারের আইনি প্রক্রিয়া চালানো হবে।

৩. এতদ্দ্বারা শুনানির পরবর্তী তারিখের মধ্যে আপনাদের পরিসম্পদসমূহের বিশদ খতিয়ান একটি হলফনামার মাধ্যমে ঘোষণার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।

৪. এতদ্দ্বারা এই কার্যাদির পরবর্তী প্রক্রিয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর সামনে **১৭.১১.২০২৬ তারিখে সকাল ১১টা ৩০ মিনিটে** হাজির থাকার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।

৫. ওপরে লেখা অর্থাঙ্ক ছাড়াও আপনারা নিম্নলিখিত অর্থাঙ্ক প্রদানে দায়বদ্ধ:
(ক) কার্যাদি সম্পন্নকারী এই সার্টিফিকেটের বিজ্ঞপ্তি/ প্রক্রিয়া শুরুর পরবর্তী মেয়াদের জন্য প্রদেয় সুদ;
(খ) এই বিজ্ঞপ্তি ও পরোয়ানার পরিষেবা এবং বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের কার্যাবলি সংক্রান্ত যাবতীয় মাশুল, চার্জ ও খরচাপাতি।

নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম। তারিখ: **১৪.০৯.২০২৬**।

স্বা/– রিকভারি অফিসার
ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা
(ডিআরটি– ২)

ফর্ম নং আরএসসি–৪
[রুল ৩(৩) অনুযায়ী]
ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল কলকাতা বেঞ্চ ১, কলকাতা–এর সমীপে
সিপি নং ২১৮/ কেবি/২০২৬

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ধারা ৬৬ এবং কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর প্রাসঙ্গিক সংস্থানগুলির পাশাপাশি ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল (কোম্পানির শেয়ার মূলধন হ্রাসের পদ্ধতি) রুলস, ২০১৬–এর বিষয়ে

এবং

শেয়ার মূলধন হ্রাসের বিষয়ে: **মেসার্স মঙ্গলম ইন্ডিয়া লিমিটেড,** কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর অধীনে একটি বিদ্যমান কোম্পানি যার নিবন্ধিত কার্যালয় ১০ প্রিন্সেপ স্ট্রিট, ২ নং ফ্লোর, কলকাতা–৭০০০৭২–এ অবস্থিত।

...আবেদনকারী

বিজ্ঞপ্তির প্রকাশনা

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল (‘ট্রাইব্যুনাল’) কলকাতা বেঞ্চের কাছে ১১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে উল্লিখিত কোম্পানির ইক্যুইটি শেয়ার মূলধন ₹৫,২১,১৪,২১০/– (পাঁচ কোটি একুশ লক্ষ চোদ্দ হাজার দুশো দশ টাকা মাত্র) থেকে, যা প্রতিটি ₹১০/– (দশ টাকা) মূল্যের ₹৫২,১১,৪২১ (বাহান্ন লক্ষ এগারো হাজার চারশো একুশ মাত্র) ইক্যুইটি শেয়ারে বিভক্ত, তা হ্রাস করে ₹৫২,১১,৪২০/– (বাহান্ন লক্ষ এগারো হাজার চারশো কুড়ি টাকা মাত্র)–তে নিশ্চিত করার জন্য একটি আবেদন পেশ করা হয়েছিল, যা প্রতিটি ₹১০/– (দশ টাকা) মূল্যের ₹৫,২১,১৪২ (পাঁচ লক্ষ একুশ হাজার একশো বিয়াল্লিশ টাকা মাত্র) ইক্যুইটি শেয়ারে বিভক্ত, এবং এই হ্রাস প্রতিটি ₹১০/– মূল্যের ₹৪৬,৯০,২৭৯ (ছেচল্লিশ লক্ষ নব্বই হাজার দুশো উনআশি টাকা মাত্র) ইক্যুইটি শেয়ার বাতিল ও অবলুপ্ত করার মাধ্যমে করা হবে।

ব্যক্তিগত পাওনাদারদের কাছে বিজ্ঞপ্তিগুলি জারি করা হয়েছে। কোম্পানির দ্বারা ০৬ জুলাই, ২০২৬ তারিখে প্রস্তুত করা পাওনাদারদের তালিকাটি এই বিজ্ঞপ্তির তারিখ থেকে তিন মাস সময়ের জন্য সমস্ত কর্মদিবসে সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত পরিদর্শনের জন্য কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে উপলব্ধ রয়েছে। কোম্পানির কোনো পাওনাদারের যদি আবেদনটি বা পাওনাদারদের তালিকার বিবরণের বিষয়ে কোনো আপত্তি থাকে, তবে তা (সমর্থনকারী নথিপত্র সহ) এবং তাঁর নাম ও ঠিকানার বিবরণ এবং তাঁর অনুমোদিত প্রতিনিধির নাম ও ঠিকানা, যদি কেউ থাকেন, এই বিজ্ঞপ্তির তারিখের তিন মাসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কাছে ১০ প্রিন্সেপ স্ট্রিট, ২ নং ফ্লোর, কলকাতা–৭০০০৭২ ঠিকানায় পাঠানো যেতে পারে।

যদি উপরে উল্লিখিত সময়ের মধ্যে কোনো আপত্তি পাওয়া না যায়, তবে কোম্পানির শেয়ার মূলধন হ্রাস করার জন্য উপরোক্ত আবেদনের অধীনে সমস্ত কার্যধারায় পাওনাদারদের তালিকার ভুক্তিগুলিকে সঠিক বলে গণ্য করা হবে।

এটিও উল্লেখ্য যে শুক্রবার, ২০ নভেম্বর, ২০২৬ একটি শুনানির দিন ধার্য করা হয়েছে, যেদিন ট্রাইব্যুনাল আবেদনটির শুনানি করবে। কোনো পাওনাদার যদি শুনানিতে উপস্থিত থাকতে ইচ্ছুক হন, তবে তাঁকে তাঁর আপত্তি সহ, যদি কিছু থাকে, একটি অনুরোধ জানাতে হবে।

স্বাঃ/–
মঙ্গলম ইন্ডিয়া লিমিটেড–এর পক্ষে
মনোজ সারাওগি
ম্যানেজিং ডিরেক্টর
DIN-00278490
কোম্পানির অনুমোদিত প্রতিনিধি

pnb Housing Finance Limited — Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

শাখা অফিস : ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড**/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com**।

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/ KOL/ 0218/ 494828 বুদ্ধদেব ঘোষ / সুনীতা ঘোষ শাখা অফিস: কলকাতা	₹ ৩৪,৯৩,৫৬৩.৬১ এবং ২৪.০৬.২০২১	বাস্তবিক দখল	সামান্য কমবেশি ৭ কাঠা ৭ ছটাক ২৪ বর্গফুট মাপের জমিতে নির্মিত বিল্ডিংয়ের ৪ নং ফ্লোরে ৩টি বেডরুম, ডাইনিং কাম ড্রয়িং রুম, ১টি কিচেন, ২টি টয়লেট ও ২টি ব্যালকনি নিয়ে গঠিত ও সামান্য কমবেশি ১৫৩০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নং ৪/ডি–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং পি সি চ্যাটার্জি রোড, কলকাতা–৭০০১১০, মৌজা– সোদপুর, জে এল নং ৮, আর এস নং ৪৫, তৌজি নং ১৭৮, আর এস খতিয়ান নং ১২৪৪, এল আর খতিয়ান নং ৯৯১, আর এস দাগ নং ৪৭, জেলা– উত্তর ২৪ পরগনা, থানা– খড়দহ, ওয়ার্ড নং ১৭। **চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– প্রয়াত কিশোরী মোহন সরকারের বাড়ি; **দক্ষিণ**– রাজেশ্বর কর্মকার ও মৃণাল হালদারের বাড়ি; **পূর্ব**– পুরসভার ১২ ফুট চওড়া রাস্তা; **পশ্চিম**– পুকুর।	₹ ২৪,৭৬,০০০/–	₹ ২,৪৭,৬০০/–	২.১১.২০২৬	₹ ১০,০০০.০০	২৪.১০.২০২৬ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	০৩.১১.২০২৬ দুপুর ২টো থেকে বিকেল ৩টে	জানা নেই
HOU/ KOL/ 1217/ 470993 বিশ্বরূপ বেরা ও নন্দিতা সাঁতরা, শাখা অফিস: কলকাতা	₹ ৪৫,৭৭,৭২২.৩৯ এবং ১৪.০৮.২০২৫	বাস্তবিক দখল	৪৩ ডেসিমেল বা ২৬ কাঠা, ৩ ছটাক, ১৩ বর্গফুট জমির উপর নির্মিত রাজওয়াদা এমেরাল্ডস নামে পরিচিত জি+ সাততলা বিল্ডিংয়ের ব্লক–১ এর ফ্লোর ৭, দক্ষিণ পশ্চিম দিকে ফ্ল্যাট নং ১/৭এ এর সমগ্র, সুপার বিল্ট আপ এরিয়া ১৩৯২ বর্গফুট তৎসহ গ্রাউন্ড ফ্লোরে একটি কভার্ড কার পার্কিং স্পেস মাপ ১২০ বর্গফুট, যার অবস্থান: মৌজা–রাজপুর, জে এল নং ৫৫, আর এস দাগ নং ৪৩ ও ৩৮, আর এস খতিয়ান নং ৩১১ ও ১২, হোল্ডিং নং ১৩, এন এস রোড, রাজপুর সোনারপুর পুরসভার ওয়ার্ড নং ২৬, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা–৭০০১৪৯। **সম্পত্তির চৌহদ্দি: পূর্ব**–এন এস রোড ওরফে এন এস সি বোস রোড; **পশ্চিম**–আর এস দাগ নং ৪৩ (অংশ); **উত্তর**–আর এস দাগ নং ৪৪, ৩৬, ৩৭ ও ৯ ফুট চওড়া কমন প্যাসেজ; **দক্ষিণ**–৯ ফুট চওড়া কমন প্যাসেজ এবং আর এস দাগ নং ৪০ ও ৪১।	₹ ৪১,২২,০০০/–	₹ ৪,১২,২০০/–	২.১১.২০২৬	₹ ১০,০০০.০০	২৪.১০.২০২৬ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	০৩.১১.২০২৬ দুপুর ২টো থেকে বিকেল ৩টে	জানা নেই

*** তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।** [১] আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। [২] নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। [৩] অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। **[৪] ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, ই মেল: auction@pnbhousing.com অথবা www.pnbhousing.com দেখতে পারেন।**

স্থান: কলকাতা; তারিখ: ১৬.১০.২০২৬ — স্বাঃ– অনুমোদিত আধিকারিক, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank — ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস: কলকাতা সেন্ট্রাল
১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস,
২ ও ৩ নং ফ্লোর, কলকাতা–৭০০০০১

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, টালিগঞ্জ শাখা (সুরক্ষিত ঋণদাতা)**–এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, টালিগঞ্জ শাখা (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক পিতা– প্রদীপ কুমার চকদিওয়ান, পোঃঅঃ ও থানা– শেখপুরা, জেলা– শেখপুরা, বিহার, পিন–৮১১১০৫; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১এ, বি৩, জয়শ্রী পার্ক, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ এবং **শ্রীমতী বীণা দেবী (জামিনদার),** স্বামী– প্রদীপ কুমার চকদিওয়ান, শেখপুরা, পোঃঅঃ ও থানা– শেখপুরা, জেলা– শেখপুরা, বিহার, পিন–৮১১১০৫; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১এ, বি৩, জয়শ্রী পার্ক, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪–এর থেকে ২৪.০২.২০২৬ তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ **₹৩৬,৩৩,০৪২.০০** (ছত্রিশ লক্ষ তেত্রিশ হাজার বিয়াল্লিশ টাকা মাত্র), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির প্রতীকী দখল নিয়েছিলেন যেটি ২০.১১.২০২৬ তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।

ই–নিলামের মাধ্যমে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট তথ্য এখানে নীচে দেওয়া হল:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট / ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার অনাদায়ী পাওনা	ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) প্রপার্টি আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি
১.	**ক) ঋণগ্রহীতা: শ্রী আদিত্য কুমার (ঋণগ্রহীতা / বন্ধকদাতা)** পিতা– প্রদীপ কুমার চকদিওয়ান পোঃঅঃ ও থানা– শেখপুরা, জেলা– শেখপুরা, বিহার, পিন–৮১১১০৫ **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১এ, বি৩, জয়শ্রী পার্ক, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ **শ্রীমতী বীণা দেবী (জামিনদার)** স্বামী– প্রদীপ কুমার চকদিওয়ান, শেখপুরা, পোঃঅঃ ও থানা– শেখপুরা, জেলা– শেখপুরা, বিহার, পিন–৮১১১০৫ **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১এ, বি৩, জয়শ্রী পার্ক, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪ **খ) টালিগঞ্জ শাখা**	সামান্য কমবেশি ৪ কাঠা ১৩ ছটাক ৪৪.৮৫ বর্গফুট বাস্তু জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত জি+৪ বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে উত্তর–পূর্ব–দক্ষিণ অংশে ৩টি বেডরুম, ১টি কিচেন, ১টি ড্রয়িং কাম ডাইনিং রুম, ১টি টয়লেট, ১টি ডব্লুসি ও ১টি বারান্দা নিয়ে গঠিত সামান্য কমবেশি ১১৬০.০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ‘১এ’–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ২৯৭, রাজা রাম মোহন রায় রোড, এল আর দাগ নং ৪৩৪ ও ৪৩৪/৯৮৯, পূর্বতন এল আর খতিয়ান নং ৬১৫ এবং বর্তমান এল আর খতিয়ান নং ১১৩৩ ও ১১৩৪, সি এস খতিয়ান নং ৩৮, মৌজা–মণ্ডলপাড়া, জে এল নং ৬, আর এস নং ১৯০, তৌজি নং ৮০, পরগনা–মাগুরা, থানা– বেহালা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২১ নং ওয়ার্ডের অন্তর্গত, ডাক যোগাযোগের ঠিকানা: বি৩, জয়শ্রী পার্ক, থানা– বেহালা, কলকাতা–৭০০০৩৪, জেলা– দক্ষিণ ২৪ পরগনা। **সম্পত্তির স্বত্বধারক: শ্রী আদিত্য কুমার। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– কলকাতা পুরনিগমের ২০ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– সি এস প্লট নং ৫২২; পূর্ব– প্লট নং ৪; পশ্চিম– প্লট নং ২।	₹৩৬,৩৩,০৪২.০০ (ছত্রিশ লক্ষ তেত্রিশ হাজার বিয়াল্লিশ টাকা মাত্র), ২৪.০২.২০২৬ অনুযায়ী, তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি	ক) ₹৪০,৯৭,০০০.০০ (*) (চল্লিশ লক্ষ সাতানব্বই হাজার টাকা মাত্র) খ) ₹৪,০৯,৭০০.০০ (চার লক্ষ নয় হাজার সাতশো টাকা মাত্র) গ) ₹২৫,০০০.০০ (পঁচিশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB7845988351 ঙ) ব্যাঙ্কের জানা নেই চ) প্রতীকী দখল

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে।

যোগাযোগের নম্বর: ৭৭০৩০ ০৮২২৪

পরিদর্শনের তারিখ: ১৬.১০.২০২৬ থেকে ১৯.১১.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২০.১১.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৫টা
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর** ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই–মেল: **support.baanknet@psballiance.com**)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.baanknet@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে **যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০**।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) / বন্ধকদাতা(গণ) / জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১৫.১০.২০২৬
স্থান: কলকাতা
অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank — ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস: কলকাতা সেন্ট্রাল
১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস,
২ ও ৩ নং ফ্লোর, কলকাতা–৭০০০০১

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, বি কে পাল অ্যাভিনিউ শাখা (সুরক্ষিত ঋণদাতা)**–এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, বি কে পাল অ্যাভিনিউ শাখা (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক **ঋণগ্রহীতা: শ্রী অরুণ কুমার রায় (ঋণগ্রহীতা / বন্ধকদাতা),** পিতা– মিঃ উপেন্দ্র চন্দ্র রায়, ২৪বি, অভয় মিত্র স্ট্রিট, কলকাতা– ৭০০০০৫; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১০৩, ফার্স্ট ফ্লোর, প্রেমিসেস নং ২, অভয় মিত্র স্ট্রিট, পোঃঅঃ– হাটখোলা, থানা– শ্যামপুকুর, কলকাতা– ৭০০০০৫ এবং **শ্রীমতী মাধবী রায় (জামিনদার),** স্বামী– মিঃ অরুণ কুমার রায়, ২৪বি, অভয় মিত্র স্ট্রিট, কলকাতা– ৭০০০০৫; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১০৩, ফার্স্ট ফ্লোর, প্রেমিসেস নং ২, অভয় মিত্র স্ট্রিট, পোঃঅঃ– হাটখোলা, থানা– শ্যামপুকুর, কলকাতা– ৭০০০০৫–এর থেকে **১১.০৫.২০২৬** তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ **₹২৪,৬৯,২৪৭.০০** (চব্বিশ লক্ষ উনসত্তর হাজার দুশো সাতচল্লিশ টাকা মাত্র), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির প্রতীকী দখল নিয়েছিলেন যেটি ২০.১১.২০২৬ তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।

ই–নিলামের মাধ্যমে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট তথ্য এখানে নীচে দেওয়া হল:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার অনাদায়ী পাওনা	ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) প্রপার্টি আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি
১.	**ক) ঋণগ্রহীতা: শ্রী অরুণ কুমার রায় (ঋণগ্রহীতা / বন্ধকদাতা)** পিতা– মিঃ উপেন্দ্র চন্দ্র রায় ২৪বি, অভয় মিত্র স্ট্রিট, কলকাতা– ৭০০০০৫ **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১০৩, ফার্স্ট ফ্লোর, প্রেমিসেস নং ২, অভয় মিত্র স্ট্রিট, পোঃঅঃ– হাটখোলা, থানা– শ্যামপুকুর, কলকাতা– ৭০০০০৫ এবং **শ্রীমতী মাধবী রায় (জামিনদার)** স্বামী– মিঃ অরুণ কুমার রায় ২৪বি, অভয় মিত্র স্ট্রিট, কলকাতা– ৭০০০০৫ **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ১০৩, ফার্স্ট ফ্লোর, প্রেমিসেস নং ২, অভয় মিত্র স্ট্রিট, পোঃঅঃ– হাটখোলা, থানা– শ্যামপুকুর, কলকাতা– ৭০০০০৫ **খ) বি কে পাল অ্যাভিনিউ শাখা**	প্রেমিসেস নং ৮৪–০৫৬৮, স্ট্রিট নং ০৫৬৮ (৪০ মিটার চওড়া) (পূর্বতন প্লট নং ৫৭৩, ব্লক নং এএ–২বি), এইচআইজি (সি) ক্যাটেগরির অধীন নির্দায় জমি, নিউ টাউন, অ্যাকশন এরিয়া– ২বি, থানা– রাজারহাট, বর্তমানে নিউ টাউন, জেলা– উত্তর ২৪ পরগনা ঠিকানাস্থিত সামান্য কমবেশি ৩৯৯.১৬ বর্গমিটার মাপের জমিতে নির্মিত প্রেমিসেসের ৪ নং ফ্লোরে ৩টি বেডরুম, ১টি ড্রয়িং/ ডাইনিং রুম, ১টি কিচেন, ২টি টয়লেট, ২টি ব্যালকনি নিয়ে গঠিত সামান্য কমবেশি ১৪৩৪ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ‘৪বি’, তৎসহ উক্ত প্রেমিসেসের গ্রাউন্ড ফ্লোরে সামান্য কমবেশি ১৩৫ বর্গফুট মাপের কভার্ড কার পার্কিং স্পেস নং ৮–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৮৪–০৫৬৮, স্ট্রিট নং ০৫৬৮ (৪০ মিটার চওড়া), পূর্বতন প্লট নং ৫৭৩, ব্লক নং এএ–২বি, এইচআইজি (সি) ক্যাটাগরির অধীন, নিউ টাউন, অ্যাকশন এরিয়া– ২বি, থানা– রাজারহাট, বর্তমানে নিউ টাউন, জেলা– উত্তর ২৪ পরগনা। ১১.১১.২০১৯ তারিখের দলিল নং ১৩২৭৪/২০১৯ অনুযায়ী **সম্পত্তির স্বত্বধারক: শ্রী অরুণ কুমার রায়। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– প্রেমিসেস নং ৮৬–০৫৬৮ এবং স্ট্রিট নং ০৫৬৮ (৪০ মিটার চওড়া); দক্ষিণ– প্রেমিসেস নং ৮২–০৫৬৮, ৩১–০৫৬৪ এবং ৩৩–০৫৬৪; পূর্ব– স্ট্রিট নং ০৫৬৮ (৪০ মিটার চওড়া) এবং প্রেমিসেস নং ৮২–০৫৬৮; পশ্চিম– প্রেমিসেস নং ৩৩–০৫৬৪ এবং ৮৬–০৫৬৮।	₹২৪,৬৯,২৪৭.০০ (চব্বিশ লক্ষ উনসত্তর হাজার দুশো সাতচল্লিশ টাকা মাত্র), **১১.০৫.২০২৬** অনুযায়ী, তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি	ক) ₹৮১,৪২,০০০.০০ (*) (একাশি লক্ষ বিয়াল্লিশ হাজার টাকা মাত্র) খ) ₹৮,১৪,২০০.০০ (আট লক্ষ চোদ্দ হাজার দুশো টাকা মাত্র) গ) ₹২৫,০০০.০০ (পঁচিশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB7775887578 ঙ) ব্যাঙ্কের জানা নেই চ) প্রতীকী দখল

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে।

যোগাযোগের নম্বর: ৭৭০৩০ ০৮২২৪

পরিদর্শনের তারিখ: ১৬.১০.২০২৬ থেকে ১৯.১১.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২০.১১.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৫টা
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**–এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। **প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর** ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন **(ই–মেল: support.baanknet@psballiance.com)**। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.baanknet@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই **হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০**।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) / বন্ধকদাতা(গণ) / জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১৫.১০.২০২৬ / স্থান: কলকাতা — অনুমোদিত আধিকারিক / ইন্ডিয়ান ব্যাঙ্ক

শহরের থিমপুজোয় দুর্গাবন্দনা

মলয় সিন্‌হা

বাঙালির প্রাণের উৎসব দুর্গাপুজো। গোটা এক বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে উমা বাড়ি ফেরেন এই আশ্বিনে। শহর মানেই আলোর রোশনাই, জনজোয়ার আর শিল্পীদের ভাবনায় নানা সৃজনশীল প্যান্ডেল হপিং। শহরের নামজাদা পুজোর পাশাপাশি রয়েছে আরও অনেক পুজো। সেই সব উদ্যোক্তার অভিনব থিম ভাবনা পুজোপ্রেমীদের মন জয় করবেই।

দক্ষিণ রায়তলা দুর্গাপূজা সমিতি

চিরাচরিত উৎসবের গণ্ডি পেরিয়ে এবার এক গভীর জীবনদর্শনের খোঁজে দক্ষিণ রায়তলা দুর্গাপুজো সমিতি। তাদের ৪৭তম বর্ষের পুজোর থিম ‘বাহন’। থিম ভাবনায় দেখা যাবে মানব ইন্দ্রিয় এবং চারপাশের জগতের মধ্যে গড়ে ওঠা এক গভীর, আদান–প্রদানমূলক সম্পর্ক। বাহন ছাড়া যেমন দেবীর শক্তির প্রকাশ অসম্পূর্ণ, তেমনি সাধারণ মানুষের অংশগ্রহণ ছাড়া যে–কোনও শিল্পের বিস্তার অসম্ভব। তেমনি প্রত্যেকের জীবনের কোনও না কোনও ক্ষেত্রে একেকটি ‘বাহন’–এর জীবন্ত রূপক। চলতি বছরে পুজো প্রাঙ্গণে দেখা যাবে বাহন সত্তার উদ্‌যাপন। মণ্ডপসজ্জা ও আবহ জুড়ে থাকবে এই ভাবনারই এক জীবন্ত প্রতিফলন। জানালেন পুজো কমিটির অন্যতম উদ্যোক্তা সন্দীপ চ্যাটার্জি। পুজোর যুগ্ম–সম্পাদক সন্দীপ মৈত্র ও ইন্দ্রজিৎ চৌধুরি জানালেন, ‘থিমশিল্পী শান্তনু ভট্টাচার্য। প্রতিমা গড়ছেন অরূপ দাস। আলো নির্দেশনায় সৌমিত্র।’ সভাপতি প্রশান্ত ধারা বলেন, ‘মণ্ডপে দেখা যাবে পরিবেশ–প্রকৃতির বাহন বৃক্ষ, ক্লাবের ফেলা আসা সময়ের সদস্যদের ছবি, দুর্গা প্রতিমার আশপাশে যে বাহনগুলি রয়েছে তাদের ছবি, বিবরণ, কেন তারা বাহন তার তথ্য থাকবে।’

দক্ষিণ রায়তলা দুর্গাপুজো সমিতির ৪৭তম বর্ষের পুজোর থিম ‘বাহন’। এই পুজোর প্রতিমা গড়ছেন শিল্পী অরূপ দাস।

পূর্ব কলকাতা সর্বজনীন দুর্গোৎসব

দেশের প্রাণকেন্দ্র রয়েছে গ্রামে। আর সেই গ্রামীণ সংস্কৃতির দর্পণ হল তার লোকশিল্প। যুগ যুগ ধরে এদেশের সাধারণ মানুষ তাদের সুখ–দুঃখ, উৎসব এবং দৈনন্দিন জীবনকে ফুটিয়ে তুলেছে মাটির দেওয়ালে, কাপড়ে বা কাগজের ক্যানভাসে। পূর্বকলকাতা সর্বজনীন দুর্গোৎসব আয়োজনে নারকেলডাঙ্গা মৈত্রীর ৮০তম বর্ষের থিম ‘বিবিধের মাঝে দেখো মিলন মহান’ থিমের মধ্যে দিয়ে বিলুপ্তপ্রায় লোকচিত্রকে বর্তমান প্রজন্মের কাজে তুলে ধরার পাশাপাশি হারিয়ে যাওয়া শিল্পীদের সম্মান জানাবেন উদ্যোক্তারা। থিম নিয়ে কমিটির অন্যতম উদ্যোক্তা শুভ্রকান্তি লোধ জানালেন, ‘মণ্ডপে ভারতের বিভিন্ন প্রান্তের লোকচিত্রের মেলবন্ধন দেখা যাবে। মেদিনীপুর ও পিংলার পটচিত্র, কালীঘাট ও সাঁওতাল চিত্র। একই সঙ্গে তুলির টানে ফুটে উঠবে মা দুর্গার মহিষাসুরমর্দিনী রূপের সনাতন আখ্যান। মা এখানে ঘরের মেয়ে এবং বিশ্বজনীন শক্তিরূপে দেখা যাবে।’

সল্টলেক ইসি ব্লক রেসিডেন্টস অ্যাসোসিয়েশন

আস্ত মহাভারত। পুরাণ বা মহাকাব্যিক থিম। এই কাজে অতীতে পারদর্শী শিল্পী সম্রাট ভট্টাচার্য জানিয়েছেন, অতীতে বহুবার বহু পুজোয় অলীক কল্পনার থিমের বদলে তিনি মহাভারতের আখ্যান ফুটিয়ে তুলতে চেয়েছেন। কিন্তু সুবিধা করতে পারেননি। এবার ৫০তম বর্ষে মহাকাব্যের পৃষ্ঠা থেকে সল্টলেক ইসি ব্লক রেসিডেন্টস অ্যাসোসিয়েশনের পুজো প্রাঙ্গণে দেখা যাবে মহাভারতের উপখ্যান থিম ‘অক্ষয়িনী’র মাধ্যমে। দেখা যাবে শিল্পীর তৈরির নানা ক্যানভাস। রুচিপূর্ণ উপস্থাপনা।

গল্‌ফ গ্রিন ফেজ–১ দুর্গোৎসব সমিতি ও ‘ষোড়শী’র উদ্যোগে ৪৭তম দুর্গাপুজোর উদ্বোধনে ব্যাডমিন্টন কোচ ও বেঙ্গল প্যারা–ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশনের সম্পাদক পীযূষমোহন শুক্লা, দৃষ্টিহীন ক্রিকেটার ও বাংলা দলের প্রাক্তন অধিনায়ক তনুময় ভৌমিক, আন্তর্জাতিক প্যারা–ব্যাডমিন্টন খেলোয়াড় ইন্দ্রজিৎ পাল, মোটিভেশনাল স্পিকার জিমি ট্যাংরি, দৃষ্টিহীন ফুটবল খেলোয়াড় ও ক্রিকেটার সঙ্গীতা মেট্যা, ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর দ্য ব্লাইন্ড অফ বেঙ্গল (সিএবিবি)–এর প্রতিষ্ঠাতা সদস্য ও ক্রীড়া পরামর্শদাতা গৌতম দে এবং আন্তর্জাতিক প্যারা কমব্যাট স্পোর্টস অ্যাথলিট সুমন মুখার্জি। বৃহস্পতিবার।

বেহালা বীরেন রায় রোডে লুনা সেভেন স্টারের পুজোমণ্ডপের মূল আকর্ষণ পাটতন্তু ও পরিবেশ সচেতনতা। বাংলার ঐতিহ্যবাহী পাটশিল্পকে নতুন করে জনজীবনে ফিরিয়ে আনা এবং পরিবেশবান্ধব জীবনযাপনের পাশাপাশি দূষণমুক্ত প্রকৃতির বার্তা ছড়িয়ে দেওয়াই এই উদ্যোগের মূল উদ্দেশ্য। পাট ও পাটজাত বিভিন্ন সামগ্রী দিয়ে মণ্ডপ সাজানো হয়েছে। শুধু মণ্ডপসজ্জাতেই নয়, দেবী দুর্গা–সহ অন্যান্য দেবদেবীর সাজপোশাকেও রয়েছে পাটের অভিনব ব্যবহার। প্রতিমার শাড়ি ও ধুতি তৈরি হয়েছে পাট দিয়ে, যা এই ভাবনাকে দিয়েছে এক স্বতন্ত্র মাত্রা। ঐতিহ্য, শিল্পভাবনা ও পরিবেশ সচেতনতাকে একসূত্রে বেঁধেছে দক্ষিণ কলকাতার এই ক্লাবটি।

পশ্চিম পুটিয়ারি দি ইউনাইটেড ক্লাবের প্রতিমা। ৭৫ বছরের পুজো।

বেলেঘাটা নবমিলনের দুর্গাপ্রতিমা। ৯৯ বছরের পুজো।

পশ্চিমবঙ্গের অঙ্গনওয়াড়ি কর্মীদের সম্মান জানাল ‘জগন্নাথ গুপ্ত ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস অ্যান্ড হসপিটাল’ (জেআইএমএসএইচ)। ‘পুজো পরিক্রমা– অঙ্গনওয়াড়ির হাত ধরে, সুস্থ শারদীয়া সবার ঘরে’ অনুষ্ঠানে ১০ জন অঙ্গনওয়াড়ি কর্মীকে সংবর্ধনা জানানো হল। ছিলেন চেয়ারম্যান কৃষ্ণকুমার গুপ্ত, অভিনেতা কৌশিক সেন–সহ বিশিষ্টরা।

ছবি: ইন্দ্রনীল ভৌমিক

পুজোর আড্ডা

চোরবাগান শীলবাড়ির ঠাকুরদালানে পুজোর আড্ডায় মাতলেন বনেদি পরিবারের সদস্যরা। স্বাধীনতা সংগ্রামীর বংশধরদের একসঙ্গে বসিয়ে আলাপচারিতা করলেন সদস্যরা। সম্পূর্ণ অনুষ্ঠানটির পরিকল্পনা, রূপায়ণ ও সঞ্চালনায় ছিলেন ডাঃ পার্থসারথি মুখোপাধ্যায়। সঙ্গে ছিলেন ডাঃ কৌশিক লাহিড়ী। বনেদি ও বিপ্লবী পরিবার সম্মেলনের এটি ছিল পঞ্চম বর্ষ। বনেদি, বিপ্লবী পরিবার ও গুণী বাঙালিদের একসূত্রে গেঁথে রাখার লক্ষ্যে শামিল হয় শোভাবাজার রাজবাড়ি, জানবাজার রানি রাসমণির পরিবার, ঠনঠনিয়ার দত্তবাড়ি কিংবা উত্তরপাড়ার রাজবাড়ির পরিবারবর্গ। ছিলেন বিখ্যাত স্বাধীনতা সংগ্রামীর পরিবার, কলকাতার ইতিহাসবিদ, একমাত্র মহিলা মৃৎশিল্পী–সহ আরও বিশিষ্ট ব্যক্তি।

পুজোয় বস্ত্রদান

৪০ জন প্রান্তিক মা ও শিশুর হাতে পুজোয় নতুন বস্ত্র তুলে দিল ইন্টারন্যাশনাল বেদান্ত সোসাইটি। লেক গার্ডেন্সে অবস্থিত বেদান্ত আশ্রমে বস্ত্র বিতরণী অনুষ্ঠানের আয়োজন হয়। তারপর ছিল আধ্যাত্মিক আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান। সংস্থার মূল মন্ত্র ‘মানুষ–ই ভগবান’। ইন্টারন্যাশনাল বেদান্ত সোসাইটির ভাইস প্রেসিডেন্ট স্বামী প্রজ্ঞানানন্দ মহারাজ বলেন, ‘আমাদের কাছে দাতা–গ্রহীতার কোনও ভেদ নেই।’

বিশেষ ভাবে সক্ষমদের নতুন বস্ত্রদান

পুজোর আগে বিশেষ ভাবে সক্ষমদের হাতে মাসিক খাদ্যসামগ্রী ও নতুন বস্ত্র তুলে দিল ন’পাড়া বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি। প্রতি মাসের মতো অক্টোবরেও ১২–১৪ জন বিশেষ ভাবে সক্ষম মানুষকে চাল, ডাল, তেল, সয়াবিন বড়ি, বিস্কুট–সহ একাধিক রেশনসামগ্রী তুলে দেওয়া হয়। দেওয়া হয় নতুন জামাকাপড়। পাশাপাশি, দুই বিশেষ ভাবে সক্ষম সদস্য ভানু হালদার ও নমিতা বর্মনের জন্মদিন পালন করা হয়। অনুষ্ঠানে ছিলেন সোসাইটির সভাপতি সংগ্রাম বিশ্বাস, সম্পাদক রাজু সোম, মেজর রাজকুমার ঘোড়ই, সুশান্ত শাসমল, কাকলি ভট্টাচার্য প্রমুখ।

মধ্যমগ্রাম পূর্বাচল অধিবাসীবৃন্দের দুর্গাপ্রতিমা। শিল্পী গুরুপদ পাল ও সাগর পাল।

নিউ টাউন সর্বজনীন দুর্গোৎসব সমিতির পুজোর উদ্বোধনে পঞ্চায়েতমন্ত্রী দিলীপ ঘোষ, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, বিধায়ক তরুণজ্যোতি তেওয়ারি, পুজো কমিটির উপদেষ্টা রিঙ্কু ঘোষ। এবারে থিম ‘পদ্মভূষণ’। শুধু জাতীয় সম্মান নয়, সামাজিক স্বীকৃতি। সামাজিক প্রতিকূলতাকে জয় করে যাঁরা সমাজ ও দেশকে সম্মানিত করেন, তাঁদের সম্মান জানাতে এই ভাবনা। নিউ টাউন সিটি স্কোয়্যারে।

দক্ষিণ ফাল্গুনী ক্লাবের দুর্গাপুজোয় বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। রয়েছেন ক্লাব সম্পাদক বিরাজবন্ধু লাহিড়ী, পুজোর সম্পাদক অজয়কুমার যাদব–সহ ক্লাবের অন্য সদস্যরা। ছবি: আজকাল

নিউ আলিপুর ‘জে’ ব্লকে সাহাপুর সর্বজনীনের পুজোমণ্ডপের আনুষ্ঠানিক উদ্বোধন করছেন অর্থমন্ত্রী ড. স্বপন দাশগুপ্ত।

পুজোয় নতুন বস্ত্র পেল ওরা

মহাচতুর্থীর দিন বুধবার প্রতি বছরের মতো এবারেও কলকাতার বিভিন্ন এলাকা ঘুরে প্রান্তিক মানুষদের হাতে নতুন বস্ত্র ও খাদ্যসামগ্রী তুলে দেওয়া হয় ন’পাড়া বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে। উদ্দেশ্য, উৎসবের আনন্দ সমাজের প্রতিটি স্তরের মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া ও তাঁদের মুখে হাসি ফোটানো। কর্মসূচিতে উপস্থিত ছিলেন লেডি ডাফরিন হাসপাতালের সুপার ডাঃ জয়াব্রতী মুখার্জি, সোসাইটির সভাপতি সংগ্রাম বিশ্বাস, সম্পাদক রাজু সোম, শুভ্রাংশু বসু, নবকুমার দাস, সুবীর সামন্ত, তরুণ হাজরার মতো সদস্যরা।

জোকা ডায়মন্ড হারবার রোডের ডিটিসি সাদার্ন হাইটস আবাসনের দুর্গাপুজোর মণ্ডপ রাজবাড়ির ঐতিহ্যবাহী স্থাপত্যের আদলে তৈরি হয়েছে। পুজোর উদ্বোধন করেন অভিনেতা সুদীপ মুখার্জি। পুজো কমিটির সভাপতি অসীমকুমার শীল এবং সাধারণ সম্পাদক প্রদীপকুমার বেহেরা জানিয়েছেন, এ বছরের পুজোয় মহানায়ক উত্তমকুমারকে শ্রদ্ধা জানানো হয়েছে।

ਪੰਜਾਬ ਨੈਸ਼ਨਲ ਬੈਂਕ punjab national bank ...भरोसे का प्रतीक ! ...the name you can BANK upon!

সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট ডিভিশন, দুর্গাপুর (সিও এসএএমডি দুর্গাপুর)
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ / ই–মেল: codgprec@pnb.bank.in

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির/ বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনওরূপ লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন নিম্নে বর্ণিত অর্থাঙ্ক এবং উদ্ভূত সুদ সমেত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

শাখার নাম	অ্যাকাউন্টের নাম	ঋণগ্রহীতার নাম (সম্পত্তির স্বত্বধারক)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ	দাবি বিজ্ঞপ্তির তারিখ	দখল বিজ্ঞপ্তি সাঁটানোর তারিখ	দাবি বিজ্ঞপ্তির তারিখে অনাদায়ী বকেয়া
০২০৪২০– কোক ওভেন	মেসার্স নিউ ইউরেকা ট্রাভেলস ক্লাব	মেসার্স নিউ ইউরেকা ট্রাভেলস ক্লাব অংশীদারগণ: ১) মাধব মজুমদার, পিতা– প্রয়াত জ্যোতিষ চন্দ্র মজুমদার ২) দেবদাস মুখার্জি, পিতা– প্রয়াত রাম কান্ত মুখার্জি এবং ৩) তনয় কুমার মণ্ডল, পিতা– প্রয়াত আনন্দ কুমার মণ্ডল	২০১২ সালের ইজারা দলিল নং ০৭৫২১ অনুযায়ী মেসার্স নিউ ইউরেকা ট্রাভেলস ক্লাব, অংশীদারগণ: ১) মাধব মজুমদার, পিতা– প্রয়াত জ্যোতিষ চন্দ্র মজুমদার; ২) দেবদাস মুখার্জি, পিতা– প্রয়াত রাম কান্ত মুখার্জি এবং ৩) তনয় কুমার মণ্ডল, পিতা– প্রয়াত আনন্দ কুমার মণ্ডল–এর স্বত্বাধীনে নিম্নোক্তের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: স্টল নং জি/৯, গ্যারাজ ব্লক (২ নং ফ্লোর), দুর্গাপুর কমার্শিয়াল এস্টেট, পরিমাপ– সামান্য কমবেশি ২০৪.২৪৭ বর্গফুট, দুর্গাপুর কমার্শিয়াল এস্টেটের অংশ বিশেষ, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশনের পুর–এলাকাধীন, থানা– অরবিন্দ, পোঃঅঃ– দুর্গাপুর ১৬, জেলা– বর্ধমান (বর্তমানে পশ্চিম বর্ধমান), মৌজা– ফরিদপুর, জে এল নং ৭৪, প্লট নং ৮৩/৮৫, খতিয়ান নং ১৩৬২। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ডব্লুবিএসআইডিসি লিমিটেডের বাউন্ডারি ওয়াল; পূর্ব– স্টল নং জি/৮; পশ্চিম– মেন বিল্ডিংয়ের দেওয়াল; দক্ষিণ– পরিসর।	০৩.০৮.২০২৬	১৪.১০.২০২৬	₹৪৫,০৬,২৮৭.৩৬ (পঁয়তাল্লিশ লক্ষ ছয় হাজার দুশো সাতাশি টাকা ছত্রিশ পয়সা মাত্র), তৎসহ এর ওপর চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ, যাবতীয় আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি

তারিখ: ১৪.১০.২০২৬
স্থান: দুর্গাপুর

এস বালাজি
চিফ ম্যানেজার ও অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

ICICI Bank

ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলাম

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধাকিরিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

ক্রম নং	ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই–নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(E)	(F)	(G)
১	তুষার কান্তি মণ্ডল (ঋণগ্রহীতা) তুলসীরানি মণ্ডল (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউড়ট নং: TBHOW00006517217 LBHOW00006629041 LBHOW00006632356	৩ নং ফ্লোর, ফ্ল্যাট নং ৩/সি, উত্তর–পশ্চিম ভাগে, ‘অ্যাল্লাইন’ নামক বিল্ডিংয়ে, আর এস দাগ নং ১৯২, আর এস খতিয়ান নং ৭৬৪/১, এল আর দাগ নং ৩২৭, এল আর খতিয়ান নং ১৫১৫৯, মৌজা– চুঁচুড়া, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২৭৭/২১৫, মহল্লা– মহাত্মা গান্ধী রোড, পোস্ট অফিস ও থানা– চুঁচুড়া, ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার–১, জেলা– হুগলি, সুপার বিল্ট–আপ এরিয়া সামান্য কমবেশি ৯১৫ বর্গফুট।	₹ ২৬,৪৭,৪০১/– ২৯ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ২৫,০০,০০০/–	₹ ২,৫০,০০০/–	১০ নভেম্বর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৩ নভেম্বর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
২.	বিভাস ঘোষাল (ঋণগ্রহীতা) দেবাঞ্জনা ঘোষাল (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: TBHOW00006813072 TBHOW00006813071 LBCAL00006866921 LBCAL00006866179	রাজর্ষি অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং জি–১, গ্রাউন্ড ফ্লোর, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২১/১২, জি সি বোস রোড সরণি, আর এস দাগ নং ২৬১২/৩২৫৪, আর এস খতিয়ান নং ৩৮০, ৪০২ ও ৪৭১, এল আর দাগ নং ৫৮৭৯ ও ৫৮৮৩, এল আর খতিয়ান নং ১৩৭৫৬ ও ১৩৭৫৭, মৌজা– কোন্নগর, জে এল নং ৭, পোস্ট অফিস– কোন্নগর, কোন্নগর পুরসভা, থানা– উত্তরপাড়া, বিএল অ্যান্ড এলআরও– শ্রীরামপুর, অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রি অফিস– শ্রীরামপুর, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ, বিভাস ঘোষাল–এর স্বত্বাধীন। কভার্ড এরিয়ার পরিমাপ সামান্য কমবেশি ৫৪৭ বর্গফুট, অর্থাৎ সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬৫৬ বর্গফুট, তৎসহ উক্ত ভবনের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ।	₹ ১৯,১৯,৭৫৮/– ৩০ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ১৭,৫০,০০০/–	₹ ১,৭৫,০০০/–	১৩ নভেম্বর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৩ নভেম্বর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
৩.	সুপর্ণা নাথ (ঋণগ্রহীতা) রাজর্ষি নাথ (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBCAL00006098396 LBCAL00006317137	মহামায়া অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং টি–৩, ফ্লোর নং ৩, উত্তর–পূর্ব ভাগে, কেএমসি প্রেমিসেস নং ২৩৬, সরকারহাট লেন, দাগ নং ৪৫৩/৬৩৫, খতিয়ান নং ৬৮, আর এস নং ৬১, তৌজি নং ৩৫১, জে এল নং ১৬, মৌজা– দক্ষিণ বেহালা, থানা– ঠাকুরপুকুর, ওয়ার্ড নং ১২৬, এডিএসআর– অফিস বেহালা, এসআর অফিস– আলিপুর, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা–৭০০০৬১, পশ্চিমবঙ্গ। সুপার বিল্ট–আপ এরিয়া সামান্য কমবেশি ৮৩০ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ।	₹ ১৫,২৫,১৫৪/– ৩০ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ২৫,৫০,০০০/–	₹ ২,৫৫,০০০/–	১২ নভেম্বর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৩ নভেম্বর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
৪.	সরজিৎ দাঁ (ঋণগ্রহীতা) ফাল্গুনী দাঁ (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBBER00004950825 LBBER00005662335 LBSG100003874626	তৌজি নং ১৬, মৌজা নং ১০২, হোল্ডিং নং ১২/২, সাবেক খতিয়ান নং ৬৫৩, হাল খতিয়ান নং ৮০৩, আর এস ১২৮১, হাল এল আর ২৪৪৫, দাগ নং আর এস এবং এল আর ৬৫৩/১৯৪৮, ওয়ার্ড নং ০১, বহরমপুর পুরসভা, মৌজা– কাশিম বাজার, থানা ও সাব রেজিস্ট্রি অফিস– বহরমপুর, জেলা– মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ। জমির পরিমাপ– মোট ৬ শতকের মধ্যে ৩.৩ শতক, যার থেকে বিক্রিত জমি ১.৬৫ শতক।	₹ ২৭,৭১,৬২২/– ২৯ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ২৩,০০,০০০/–	₹ ২,৩০,০০০/–	১২ নভেম্বর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৩ নভেম্বর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://BidDeal.in)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ২১ নভেম্বর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।
সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং ‘E’ দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ২১ নভেম্বর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ২১ নভেম্বর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ২১ নভেম্বর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে ‘ICICI Bank Limited’–এর অনুকূলে Kolkata–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে।
সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতিনিধির সঙ্গে ৯৬৪৩৮০৬৭৬১ নম্বরে যোগাযোগ করবেন।
কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১৬ অক্টোবর, ২০২৬
স্থান: বর্ধমান, হুগলি ও কলকাতা (পশ্চিমবঙ্গ)

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

বেহালা বাজার হালদার বাড়ির পুজো

বাগনান বরুন্দা বিবেকানন্দ পল্লী কল্যাণ সমিতির প্রতিমা। ছবি: সুপ্রতিম মজুমদার

সনাতন রুদ্র পালের তৈরি দুর্গাপ্রতিমা এই প্রথম বেঙ্গালুরুতে

অয়ন রায়

বেঙ্গালুরু, ১৫ অক্টোবর

এই প্রথম বেঙ্গালুরুতে আসছে পদ্মশ্রী সম্মানে ভূষিত বিশিষ্ট প্রতিমাশিল্পী সনাতন রুদ্র পালের নির্মিত দুর্গাপ্রতিমা। আর সেই বিশেষ আকর্ষণকে কেন্দ্র করেই এ বছর সেজে উঠছে হোয়াইটফিল্ড কালচারাল অ্যাসোসিয়েশনের দুর্গোৎসব। এ বছর মণ্ডপের মূল ভাবনা 'সূর্যরথ'। প্রবাসের মাটিতে বাঙালির শিল্প, সংস্কৃতি ও ঐতিহ্যকে উদযাপনের এই আয়োজন এ বছর ২৪তম বর্ষে পদার্পণ করেছে। বাংলার প্রতিমাশিল্পের জগতে সনাতন রুদ্র পাল এক বিশিষ্ট নাম। তাঁর তৈরি দেবীপ্রতিমা প্রথমবার বেঙ্গালুরুর পুজোপ্রাঙ্গণে দর্শনের সুযোগ পেতে চলেছেন শহরের দুর্গাপুজোপ্রেমীরা। প্রবাসে শারদোৎসবের আনন্দে নতুন মাত্রা যোগ হবে। গত বছর কেদারনাথ মন্দিরের আদলে মণ্ডপসজ্জার মাধ্যমে দর্শনার্থীদের নজর কেড়েছিল হোয়াইটফিল্ড কালচারাল অ্যাসোসিয়েশন। প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের কাছে বাঙালির সংস্কৃতি ও ঐতিহ্যকে পৌঁছে দেওয়াও এই উদ্যোগের অন্যতম উদ্দেশ্য। ২৪ বছরের দীর্ঘ পথচলায় হোয়াইটফিল্ড কালচারাল অ্যাসোসিয়েশনের দুর্গোৎসব বেঙ্গালুরুর বাঙালি সমাজে একটি পরিচিত সাংস্কৃতিক পরিসর হয়ে উঠেছে।

বেতাইতলায় বামেদের বইয়ের স্টলে ভাঙচুর

দক্ষিণ হাওড়ার বেতাইতলায় দুর্গাপুজো মণ্ডপের সামনে সিপিএম এবং এসইউসিআইয়ের বইয়ের স্টল ভেঙে দেওয়ার অভিযোগ উঠল দুষ্কৃতীদের বিরুদ্ধে। বৃহস্পতিবার রাতের ঘটনা। জিটি রোডের ওপরে নতুন পল্লীর পুজো মণ্ডপের সামনে প্রতি বছরের মতো এবারও রাস্তার দুপারে সিপিএম এবং এসইউসিআইয়ের স্টল দুটি তৈরি হয়েছিল। অভিযোগ, এদিন রাত ৯টা নাগাদ একদল লোক লাঠি, রড নিয়ে সিপিএমের স্টলে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে। সিপিএম কর্মীদেরও মারধর করা হয়। সিপিএমের পাশাপাশি রাস্তার উল্টো দিকে থাকা এসইউসিআইয়ের একটি বইয়ের স্টলও ভেঙে দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেয় শিবপুর থানার পুলিশ।

গঙ্গাসাগরে টর্নেডো, আতঙ্ক

সমুদ্রের বুকে হঠাৎ তৈরি হল শক্তিশালী জলের ঘূর্ণি। বৃহস্পতিবার সকালে গঙ্গাসাগরে কপিলমুনির আশ্রম সংলগ্ন ২ নম্বর স্নানঘাটের কাছে এই বিরল প্রাকৃতিক দৃশ্য ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। জলের এই ঘূর্ণি বা 'ওয়াটার স্পাউট' দেখে আতঙ্কিত হয়ে পড়েন পুণ্যার্থী, পর্যটক ও স্থানীয় বাসিন্দারা। আতঙ্ক ছড়ায় সমুদ্রতীরের ব্যবসায়ীদের মধ্যেও। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ আচমকাই কালো মেঘে ঢেকে যায় গঙ্গাসাগর সংলগ্ন এলাকা। আবহাওয়ার এই আকস্মিক পরিবর্তনের মধ্যেই সকাল সাড়ে ৯টা নাগাদ সমুদ্রের বুকে তৈরি হয় শক্তিশালী জলের ঘূর্ণি। প্রায় ৩০ মিনিট ধরে ঘূর্ণিটি সমুদ্রের ওপর অবস্থান করে।

হাওড়ার সাঁতরাগাছি সর্বজনীনের প্রতিমা। এবার ৯৯তম বর্ষে পদার্পণ করল। বৃহস্পতিবার সন্ধ্যায় প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে পুজোর সূচনা হয়। ছবি: আজকাল

উদয়পল্লী সর্বজনীনের প্রতিমা। মেদিনীপুর। ছবি: স্বরূপ মণ্ডল

ইউকোর ব্যবসা বাড়ল

৩০ সেপ্টেম্বর, ২০২৬ সমাপ্ত ত্রৈমাসিকে ইউকো ব্যাঙ্কের মোট ব্যবসা হয়েছে ৬,৩৭,২৮০ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবর্ষের একই ত্রৈমাসিকের তুলনায় ১৮.৮১ শতাংশ বেশি। একই মেয়াদের সাপেক্ষে গ্রস অ্যাডভান্স ২৪.৭০% এবং টোটাল ডিপোজিট ১৪.৩৬% বেড়েছে। সিএএসএ ১০.৫৯%, সেভিংস ডিপোজিট ৯.১০% এবং কারেন্ট ডিপোজিট ১৯.৭০% বেড়েছে।

ঘাটাল বিদ্যাসাগর স্কুলের উদ্যোগে আয়োজিত বইমেলা ও হোমিওপ্যাথি চিকিৎসা শিবিরে উপস্থিত ছিলেন বিশিষ্ট হোমিও চিকিৎসক ডাঃ প্রকাশ মল্লিক ও তাঁর পুত্র ডাঃ পার্থসারথি মল্লিক এবং শ্রীবাস সেন। উল্লেখ্য, ওয়ার্ল্ড ফেডারেশন অফ হোমিওপ্যাথির উদ্যোগে হোমিওপ্যাথিক সেমিনার এবং হোমিও চিকিৎসা শিবির আয়োজনে আগ্রহীরা ৯৮৩০০২৩৪৮৭ নম্বরে যোগাযোগ করতে পারেন।

স্বচ্ছতা পক্ষকাল ২০২৬ উপলক্ষে ৩৫ জন স্বচ্ছতা দূতকে সংবর্ধনা দিল উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে। মালিগাঁও, গুয়াহাটির মুখ্য কার্যালয়ে এই উপলক্ষে উপস্থিত ছিলেন উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের প্রিন্সিপাল চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার উত্তম প্রকাশ। সঙ্গে ছিলেন চিফ ওয়ার্কশপ ইঞ্জিনিয়ার পার্থপ্রতিম রায়, চিফ রোলিং স্টক ইঞ্জিনিয়ার (কোচিং) এস সি প্রসাদ, চিফ রোলিং স্টক ইঞ্জিনিয়ার (ফ্রেইট) ভবেন নাথ, চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (প্ল্যানিং) কপিল জামভুলকর, চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (ইএনএইচএম) এম কালিমুথু এবং চিফ মোটিভ পাওয়ার ইঞ্জিনিয়ার (ডিজেল) শিবাজি এন কদম প্রমুখ।

২০২২ সালে ঐন্দ্রিলা দেবদাসের দেখা একটি স্বপ্ন আজ এক সুন্দর ঐতিহ্যে পরিণত হয়েছে। এ বছর বাটানগর, ঘোড়াডাঙ্গা (মহেশতলা)-র 'মনোছন্দা' পরিবার সাড়ম্বরে উদ্‌যাপন করছে মা দুর্গার মহা-আগমন ও বরণ উৎসবের পঞ্চমবর্ষ। এই দীর্ঘ পথচলাকে সুন্দর ও সফল করে তোলার জন্য পরিবার ও বন্ধুদের ভালবাসা এবং সহযোগিতার প্রতি রইল আন্তরিক কৃতজ্ঞতা। মা দুর্গার এই শুভ আগমনে সকলকে সাদর আমন্ত্রণ জানাচ্ছে 'মনোছন্দা' পরিবার।

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক মুর্শিদাবাদ সার্কল অফিসের উদ্যোগে ১৪ অক্টোবর বহরমপুরের গ্রান্ট হলের কাছে একটি রিটেল আউটরিচ প্রোগ্রাম আয়োজিত হল। এই কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল খুচরো ঋণদান বাড়ানো, ব্যবসার পরিধি বিস্তার এবং গ্রাহকদের সঙ্গে সম্পর্ক আরও সুদৃঢ় করা। কর্মসূচিটি গ্রাহকদের মধ্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি করে। অনুষ্ঠানস্থলেই বহু গ্রাহক বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

বর্ধমান ভি সি রোড শাখা (৪০৪৭)
৭৩, পি বি সি মনোরমা সদন, দত্ত সেন্টার, বর্ধমান, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩১০১

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV-A [রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ-সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, বর্ধমান বিজয় চাঁদ রোড (৪০৪৭) শাখা (সুরক্ষিত ঋণদাতা)**-এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ ও নীচে প্রতিটি অ্যাকাউন্টের বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)-এর অনুমোদিত আধিকারিক **মেসার্স কালীমাতা রাইস মিল (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা)**, রামনগর, হাটগোবিন্দপুর, কালনা রোডের ওপর, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪০৭-এর থেকে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, বর্ধমান বিজয় চাঁদ রোড (৪০৪৭) শাখা (সুরক্ষিত ঋণদাতা)**-এর পাওনা অর্থাঙ্ক বাবদ ২৯.০৭.২০২৫ অনুযায়ী ₹২,৬৮,৯১,৮৪৮.০০ (দুই কোটি আটষট্টি লক্ষ একানব্বই হাজার আটশো আটচল্লিশ টাকা মাত্র), তৎসহ ২৯.০৭.২০২৫ থেকে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর/ অস্থাবর সম্পত্তির **বাস্তবিক দখল** নিয়েছেন যা ০৪.১১.২০২৬ **তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।

ই-নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট বিবরণ এখানে নীচে উল্লেখ করা হল:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট / ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতার নাম ও ঠিকানা খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বাড়ানোর মূল্য ঘ) প্রপার্টি আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি
১.	ক) **১. মেসার্স কালীমাতা রাইস মিল (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা)** রামনগর, হাটগোবিন্দপুর, কালনা রোডের ওপর, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪০৭ **প্রতিনিধিত্ব করছেন এর অংশীদারগণ:** **২. উত্তম মাজি ওরফে উত্তম কুমার মাজি (অংশীদার, জামিনদার এবং বন্ধকদাতা)** পিতা- প্রয়াত শক্তিপদ মাজি গ্রাম- বুড়ার, পোঃঅঃ- বুড়ার, থানা- রায়না, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪২৩ **৩. সুমন্ত ঘোষ (অংশীদার ও জামিনদার),** পিতা- সুশান্ত ঘোষ **৪. ইন্দ্রজিৎ ঘোষ (অংশীদার ও জামিনদার),** পিতা- প্রশান্ত ঘোষ **৫. নির্মাল্য ঘোষ (অংশীদার ও জামিনদার),** পিতা- দিলীপ ঘোষ **৬. শ্রীমতী শকুন্তলা ঘোষ (অংশীদার ও জামিনদার),** স্বামী- কার্তিক ঘোষ **৭. শ্রীমতী নমিতা ঘোষ (অংশীদার ও জামিনদার),** স্বামী- দীনেশ ঘোষ **ক্রম নং ২ থেকে ৭-এর ঠিকানা:** গ্রাম- জামুই, পোঃঅঃ- আমিলা, থানা- রায়না, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪২৩ **৮. শেখ সাব্বির রহমান (অংশীদার ও জামিনদার),** পিতা- শেখ শাহিদুর রহমান ওরফে শেখ শাহিদুল রহমান **৯. শ্রীমতী পদ্ম রানি ঘোষ (অংশীদার ও জামিনদার),** স্বামী- ক্ষুদিরাম ঘোষ **ক্রম নং ৮ থেকে ৯-এর ঠিকানা:** গ্রাম- রসুলপুর, পোঃঅঃ- মদানগর, থানা- রায়না, পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪২৪ **খ) বর্ধমান বিজয় চাঁদ রোড (৪০৪৭) শাখা**	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: গ্রাম- রামনগর, পোঃঅঃ- হাটগোবিন্দপুর, থানা- শক্তিগড়, বর্ধমান-কালনা রোডে, জেলা- পূর্ব বর্ধমান, জে এল নং ১৪৮ ও ১৩৮-এর অংশ বিশেষ, এল আর খতিয়ান নং ৪১২ ও ৬৪৪, এল আর ও আর এস প্লট নং ৫৬৯/৭৮৪, ৫৬৯/৭৮৫ এবং ৬৭১, মৌজা- রামনগর ও হাটখণ্ড, গ্রাম পঞ্চায়েত- গোবিন্দপুর, থানা- শক্তিগড়, জেলা- পূর্ব বর্ধমান, সম্পত্তির মালিকানা কালীমাতা রাইস মিল এবং উত্তম মাজি ওরফে উত্তম কুমার মাজির নামে। চৌহদ্দি: উত্তর- নালা, তারপর পঞ্চায়েতি রাস্তা; দক্ষিণ- অন্যের জমি; পূর্ব- অন্যের জমি; পশ্চিম- বর্ধমান-কালনা রোড।	₹২,৬৮,৯১,৮৪৮.০০ (দুই কোটি আটষট্টি লক্ষ একানব্বই হাজার আটশো আটচল্লিশ টাকা মাত্র), ২৯.০৭.২০২৫ অনুযায়ী, তৎসহ ২৯.০৭.২০২৫ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি	ক) ₹১,৫০,০০,০০০.০০ (*) (এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা মাত্র) খ) ₹১৫,০০,০০০.০০ (পনেরো লক্ষ টাকা মাত্র) গ) ₹৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB7418175412 ঙ) ব্যাঙ্কের জানা নেই চ) বাস্তবিক দখল

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে।

পরিদর্শনের তারিখ ও সময়: ২২.১০.২০২৬ থেকে ০২.১১.২০২৬, সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই-নিলামের তারিখ ও সময়: তারিখ: ০৪.১১.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টে
ই-নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে কথা বলুন।** রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.baanknet@psballiance.com** মেল আইডি-তে যোগাযোগ করবেন। সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: **৮২৯১২২০২২০।**
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১৫.১০.২০২৬ /
স্থান: বর্ধমান /

যোগাযোগ: ব্রাঞ্চ ম্যানেজার, মোবাইল: ৭৮৯৮৯ ৯৯৬৫০

অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক

YES BANK

ইয়েস ব্যাঙ্ক লিমিটেড

রেজিস্টার্ড ও কর্পোরেট অফিস: ইয়েস ব্যাঙ্ক হাউস, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ের ওপর, সান্তাক্রুজ ইস্ট, মুম্বই-৪০০০৫৫; শাখা অফিস: স্টিফেন হাউস, ফার্স্ট ফ্লোর, ৫৬ই, হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১; CIN: L65190MH2003PLC143249, ই-মেল: yestouch@yesbank.in; ওয়েবসাইট: www.yesbank.in

ই-নিলাম বিক্রির নোটিস (স্থাবর সম্পত্তি বিক্রির জন্য)

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি। এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ইয়েস ব্যাঙ্ক লিমিটেড (সুরক্ষিত ঋণদাতা)-র কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তিগুলি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), সহ-ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ) ও বন্ধকদাতা(গণ)-এর থেকে সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ ও চার্জ পুনরুদ্ধারের জন্য ইয়েস ব্যাঙ্ক লিমিটেড (সুরক্ষিত ঋণদাতা)-এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া নিম্নবর্ণিত সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।

ক্রম নং	
১	**I. ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ জামানত প্রদানকারীর নাম: ১. মিঃ মীর মহাম্মদ, ২. মিঃ সালাম মণ্ডল এবং ৩. মিসেস আরজিনা বিবি** **II. ১৩(২) নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক:** ১৪.০১.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং MIC001701812835-এর অধীনে বকেয়া অর্থাঙ্ক **₹১৪,৬৪,৫৬৭.৮৯/-** এবং লোন অ্যাকাউন্ট নং MIC001701812904-এর অধীনে বকেয়া অর্থাঙ্ক ₹২,০৭,৪৫৫.২৬/- তৎসহ বাণিজ্যিকভাবে সম্মত হারে সুদ, খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি। **III. স্থাবর সম্পত্তির বিবরণ:** ৪ ডেসিমেল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা পুমিলা, জে এল নং ১৩, আর এস ও এল আর দাগ নং ১২৩৮, এল আর খতিয়ান নং ১৭২০, ১৭২৬, বর্তমান ২০৪৭, ভুরকুন্দা গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা অশোকনগর, জেলা উত্তর ২৪ পরগনা, সংযুক্ত এজমালি সহ। **চৌহদ্দি: উত্তর:** দাগ নং ১২৩৯ তে মাহাফুল মণ্ডলের জমি; **দক্ষিণ:** দাগ নং ১২৩৮ তে সালাম মণ্ডলের জমি ও ৮ ফুট চওড়া কাঁচা রাস্তা; **পূর্ব:** আবু সিদ্দিকি ও মালেক মণ্ডলের সম্পত্তি; **পশ্চিম:** সালাম মণ্ডলের সম্পত্তি। **IV. বাস্তবিক দখলের তারিখ:** ১৬ ফেব্রুয়ারি, ২০২৬, **V. বিড জমার শেষ তারিখ:** ৪ নভেম্বর, ২০২৬ বিকাল ৪টার মধ্যে, **VI. সম্পত্তি পরিদর্শনের তারিখ:** ২৭ অক্টোবর, ২০২৬, বিকেল ৩টে ৪৫ মিনিট থেকে বিকেল ৩টে ৫৫ মিনিট **VII. ই-নিলামের তারিখ ও সময়:** ১৩ নভেম্বর, ২০২৬, সকাল ১১টা থেকে সকাল ১১টা ৪৫ মিনিট (প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সম্প্রসারণ-সহ) **সংরক্ষণ মূল্য:** ₹১৮,৭৯,০০০/- (আঠারো লক্ষ উনআশি হাজার টাকা মাত্র), **ইএমডি (সংরক্ষণ মূল্যের ১০%):** ₹১,৮৭,৯০০/- (এক লক্ষ সাতাশি হাজার নশো টাকা মাত্র)
২	**I. ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ জামানত প্রদানকারীর নাম: ১. মিসেস প্রিয়াঙ্কা ভট্টাচার্য এবং ২. মিঃ বাপন ভট্টাচার্য** **II. ১৩(২) নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক:** ১৯.০৯.২০২৪ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং MIC001701532056-এর অধীনে বকেয়া অর্থাঙ্ক **₹১৯,৩৪,৭৪২.২৪/-** তৎসহ বাণিজ্যিকভাবে সম্মত হারে সুদ, খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি। **III. স্থাবর সম্পত্তির বিবরণ:** ৭ শতক বাস্তু জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা দিঘলাডাঙা গ্রাম, জে এল নং ৭৪, হাল এবং এল আর খতিয়ান নং ৮৫, ৭৪৪, হাল এবং এল আর দাগ নং ৮৮, থানা ও এডিএসআর সিঙ্গুর, জেলা হুগলি, উক্ত জমির উপর নির্মিত ২০০০ বর্গফুট মাপের বাড়ি সহ। **চৌহদ্দি: উত্তর:** আর এস এবং এল আর দাগ নং ৮৭ অধীন বাস্তু সম্পত্তি; **দক্ষিণ:** আর এস এবং এল আর দাগ নং ৮৯ এর অধীন ডোবা সম্পত্তি; **পূর্ব:** আর এস এবং এল আর দাগ নং ৮৫ এর অধীন বাস্তু সম্পত্তি ও আর এস এবং এল আর দাগ নং ৮৬ এর অধীন পুকুর সম্পত্তি; **পশ্চিম:** ১৫ ফুট চওড়া রাস্তা। **IV. বাস্তবিক দখলের তারিখ:** ১৭ ফেব্রুয়ারি, ২০২৬, **V. বিড জমার শেষ তারিখ:** ৪ নভেম্বর, ২০২৬ বিকেল ৪টের মধ্যে, **VI. সম্পত্তি পরিদর্শনের তারিখ:** ২৮ অক্টোবর, ২০২৬, বিকেল ৩টে ৪৫ মিনিট থেকে বিকেল ৩টে ৫৫ মিনিট, **VII. ই-নিলামের তারিখ ও সময়:** ১৩ নভেম্বর, ২০২৬, সকাল ১১টা থেকে সকাল ১১টা ৪৫ মিনিট (প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের সম্প্রসারণ-সহ) **সংরক্ষণ মূল্য:** ₹২৫,৩০,০০০/- (পঁচিশ লক্ষ তিরিশ হাজার টাকা মাত্র), **ইএমডি (সংরক্ষণ মূল্যের ১০%):** ₹২,৫৩,০০০/- (দুই লক্ষ তিপান্ন হাজার টাকা মাত্র)
ই-টেন্ডার নোটিশ নং ই- টেন্ডার নং. এলআরসি_৩_এলএইচবি-ইএক্সটি-পেইন্ট-পিটি-II; তারিখ: ১০.১০.২০২৬; ডিপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (পি), পূর্ব রেলওয়ে, লিলুয়া, হাওড়া, পিন-৭১১২০৪; ডিপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (এলএইচবি), পূর্ব রেলওয়ে, লিলুয়া কর্তৃক আর্থিক সক্ষমতা এবং কারিগরি সক্ষমতা থাকা দরদাতাদের কাছ থেকে নিম্নলিখিত কাজের জন্য অনলাইনে ই-টেন্ডার (ওপেন টেন্ডার) আহ্বান করছেন: **কাজের নাম:** পিওএইচ-এর সময় সমস্ত ধরণের এলএইচবি কোচের (হামসফর, দুরন্ত, এলএইচবি কালার স্কিম র‍্যাপিং কোচ সহ) এক্সটেরিয়র বডি পেইন্টিং (ছাদ এবং আন্ডার ফ্রেম পেইন্টিং সহ পিইউ পেইন্টিং সরবরাহ ও প্রয়োগ)। **টেন্ডার নথির মূল্য:** ₹০.০০; **কাজের আনুমানিক মূল্য:** ₹২০,০২,১০,২৩৩.৬৮; **বায়না মূল্য:** ₹৪০,০৪,২০০.০০; **টেন্ডার বন্ধের তারিখ ও সময়:** ৩১.১০.২০২৬ তারিখের ১৪:০০ টায়। যে ওয়েবসাইটে টেন্ডারের সম্পূর্ণ বিবরণ পাওয়া যাবে **www.ireps.gov.in** টেন্ডার নোটিশ প্রকাশের পর কোনো সংশোধনী প্রকাশিত হয়েছে কিনা তা জানতে দরদাতাদের প্রায়শই আইআরইপিএস পোর্টাল দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। MISC-229/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিশ নং. ২২২-এস/১/ডিইএন-৩/ডব্লিউ-II তারিখ: ১২.১০.২০২৬। সিনিয়র ডিভিশনাল ইই/জি: সিনিয়র ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/জি, ইআর, শিয়ালদহ, ২য় তলা, কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজগুলির জন্য টেন্ডার নোটিশ আহ্বান করেছেন:- **টেন্ডার নং:-** টিএন-১৯৫-২৬-২৭, **কাজের নাম:-** (i) সিনিয়র ডিইএন/III/শিয়ালদহ-এর অধিক্ষেত্রে অমৃত ভারত স্টেশন স্কিমের অধীনে গেলে স্টেশনে অবশিষ্ট উন্নয়নমূলক কাজ। (II) সাব এস্ট-শিয়ালদহ ডিভিশনে এসএসই/ই/জি)/রানাঘাটি-এর অধিক্ষেত্রে ২৪টি স্টেশনে আলোর বৃদ্ধি এবং উন্নয়ন। **টেন্ডারের মূল্য:-** ₹৫,০১,৭৭,৮৪৯.৬২, **ইএমডি:-** ₹১০,০৩,৬০০/-, **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়:-** ০৯.১১.২০২৬ তারিখের ১৫.০০ টায়, **কাজ সম্পন্ন করার সময়সীমা:-** ০৯ মাস। ১. টেন্ডার নথি এবং অন্যান্য বিবরণ রয়েছে।টেন্ডারের জন্য দর উপরের ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে জমা দিতে হবে।ম্যানুয়াল অফারগুলি সরাসরি বাতিল করা হবে। ২. টেন্ডার খোলার তারিখ এবং সময় হলো ০৯.১১.২০২৬ তারিখের ১৫.৩০ টায়। SDAH-265/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিশ নং এসজিডব্লিউ-২৭২-২৫২-টি১-৫৮ তারিখ ৩০.০৯.২০২৬। চিফ সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার /প্রজেক্ট / এইচকিউ, পূর্ব রেলওয়ে, ৭০০০০১ -এর তরফে এবং ৩য় তলা, ফেয়ারলি প্লেস, ১৭, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১ -এ অনুরূপ কাজে পর্যাপ্ত অভিজ্ঞতা এবং নির্ধারিত ফর্মে ন্যূনতম যোগ্যতার মানদণ্ড পূরণকারী অভিজ্ঞ ও প্রতিষ্ঠিত ঠিকাদারদের কাছ থেকে নিম্নলিখিত কাজের জন্য 'ওপেন' ই-টেন্ডার আহ্বান করছেন :- **(১) কাজের নাম সহ এর স্থান :** এইচডব্লিউএইচ-বিডব্লিউএন প্রধান লাইনের লিলুয়া স্টেশনে পুরনো আরআরআই-এর বদলে ইআই স্থাপন এবং এসওয়াইএই-এলএলএইচ অটো সেকশনে ডিউল এমএসডিএসি-এর ব্যবস্থা। **(২) কাজের আনুমানিক খরচ :** ₹ ১৭,৯৩,৭১,৭২২.৫৮/- (সতেরো কোটি ৯৩ লাখ ৭১ হাজার সাতশো বাইশ টাকা এবং আটান্ন পয়সা মাত্র)। **(৩) বায়না টাকা জমা দিতে হবে:** ₹ ৩৫,৮৭,৪০০.০০/- (পঁয়ত্রিশ লাখ সাতাশি হাজার চারশো টাকা মাত্র)। **(৪) কাজের সময়সীমা :** ১৫ (পনেরো) মাস। **(৫) টেন্ডার নথি অনলাইনে জমা (বন্ধের) শেষ তারিখ এবং সময় :** ০৪.১১.২০২৬ তারিখ ১৫.০০ টা পর্যন্ত। **(৬) অফারের বৈধতা:** টেন্ডার খোলার তারিখ থেকে ৯০ দিন। **(৭) ওয়েবসাইটের ঠিকানা, সময় এবং তারিখ যেখান থেকে টেন্ডার নথি উপলব্ধ হবে :** ভারতীয় রেলের ওয়েবসাইটে; **(৮) খোলার তারিখ ও সময় :** ০৪.১১.২০২৬ তারিখ ১৫.৩০ টায়। **(৯) ওয়েবসাইট যেখানে টেন্ডার বিড জমা দেওয়া যেতে পারে :** ১. বিড শুধুমাত্র অনলাইনেই জমা দিতে হবে। ২. ই-টেন্ডার সিস্টেমে অংশ নেওয়ার জন্য দরদাতাদের অবশ্যই ভারতীয় রেলওয়ের ই-প্রকিউরমেন্ট সিস্টেম (আইরেপস) সাইট অর্থাৎ **www.ireps.gov.in** -এ নিবন্ধন করতে হবে। প্রয়োজনীয় পরিবর্তন, সংশোধনী/সংযোজন যদি প্রয়োজন হয়, শুধুমাত্র এই সাইটেই পোস্ট করা হবে। ৩. বিডাররা শুধুমাত্র বন্ধের তারিখ ও সময় পর্যন্ত তাদের মূল/সংশোধিত বিড জমা দিতে সক্ষম হবেন। ৪. এই টেন্ডারের বিরুদ্ধে ম্যানুয়াল বিড/অফার অনুমোদিত নয়। প্রাপ্ত যেকোনো ম্যানুয়াল অফার উপেক্ষা করা হবে। ৫. ওয়ার্কস কন্ট্রাক্টসের জন্য (৫০.০০ কোটি টাকা ও তার উপরে) ইলেকট্রনিক রিভার্স অ্যাকশন (ই-আরএ) প্রযোজ্য, রেলওয়ে বোর্ডের চিঠি নং ২০১৭/ট্রান্স/০১/পলিসি/পিটি-এস তারিখ ২৮.০৩.২০১৮ অনুযায়ী। CON-46/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

132/220/400 KV SWITCHYARD BAY WINTER MAINTENANCE DURING WINTER ALONG WITH HIGH ALTITUDE JOB UNDER EM-OPH DEPARTMENT

WBPDCL Corp. Id. No. U40104WB1985SGC039154

Notice Inviting E-Tender

Ref No. WBPDCL/Tend-Adv/26-27/KTPS/CC-6251, Dtd: 14/10/26

NIT No: WBPDCL/KTPS/NIT/E4119/26-27

E-Tenders in prescribed format are invited at https://wbtenders.gov.in by the General Manager, KTPS, WBPDCL from eligible Agencies/Companies in 2 Part bid system for **"132/220/400 KV Switchyard bay winter maintenance during winter along with high altitude job under EM-OPH Department." Tender Document Download Start Date:** 14/10/2026 at 11.00 Hrs., **Bid Submission End Date:** 28/10/2026 up to 15.00 Hrs. **Contact Person:** Mr. Krisanu Gupta, Sr. Manager (PS) (Contract Cell), KTPS. **Contact No.:** 8336909047. **E-mail:** kgupta@wbpdcl.co.in. For details please visit: **https://wbtenders.gov.in** ICA-T19125(2)/2026

উত্তর মধ্য রেলওয়ে

ই-টেন্ডারিং টেন্ডার বিজ্ঞপ্তি

ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তরফে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (ওয়ার্কস), এন. সি. রেলওয়ে, ঝাঁসি, নিম্নলিখিত কাজের জন্য অনলাইনের (ই-টেন্ডারিং) মাধ্যমে সিল করা 'ওপেন টেন্ডার' আহ্বান করছেন।

ই-টেন্ডার নং: JHS-ENGG-HQ-2026-227	**আনুমানিক মূল্য: ₹৫৪১৮৭০৫.৮০**
কাজের বিবরণ: জেএইচএস/এসএসই/সিগন্যাল/কনস্ট্রাকশন/ঝাঁসি ডিপো-তে ভারী মেরামতির কাজ।	
বায়না মূল্য: ₹১০৮৪০০.০০	**টেন্ডার বন্ধ হওয়ার তারিখ: ০৯.১১.২০২৬, ১৫:০০ ঘটিকায়।**
কাজ সমাপ্তির তারিখ/গ্রহণযোগ্যতার চিঠি ইস্যু করার সময় থেকে সময়কাল: ১২ মাস।	

অনলাইনে টেন্ডার ০৯.১১.২০২৬ তারিখ ১৫:০০ ঘটিকা পর্যন্ত জমা দেওয়া যাবে।
সম্পূর্ণ বিবরণ এবং বিড জমা দেওয়ার জন্য অনুগ্রহ করে ভারতীয় রেলওয়ের ওয়েবসাইট দেখুন **www.ireps.gov.in**

2337/26 (C)

North central railways www.ncr.indianrailways.gov.in @CPRONCR

WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED

(Wholly owned by the Government of West Bengal)
Swasthya Bhawan-II, GN-29, Sector V, Salt Lake, Kolkata 700091

Memo No: WBMSCL /6561 Date : 14/10/2026

NOTICE INVITING E-TENDER

West Bengal Medical Services Corporation Ltd. is inviting online bids for the works mentioned below –

Sl. No.	Name of work	NIT Ref. No.	Last date of submission of bid (online)
1.	**Horticultural and allied work with annual maintenance at College of Medicine Sagoredutta Hospital, Kamarhati, District N24 Parganas, under the Jurisdiction of WBMSCL in the financial year 2026-2027**	WBMSCL/ NIT- 834/2026 Dated - 14.10.2026	04.11.2026 upto 11:00 P.M.

Tender/s can be downloaded from **www.tenders.wb.gov.in** or **www.wbmsc.gov.in** on or after 16/10/2026 at 11:00 A.M. Clarification requests, if any may be sent to **info@wbmsc.gov.in**. or call 033 4034300S

Sd/-
General Manager, WBMSCL

WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED

(Wholly owned by the Government of West Bengal)
Swasthya Bhawan-II, GN-29, Sector V, Salt Lake, Kolkata 700091

Memo No: WBMSCL / 6562 Date : 14/10/2026

NOTICE INVITING E-TENDER

West Bengal Medical Services Corporation Ltd. is inviting online bids for the works mentioned below –

Sl. No.	Name of work	NIT Ref. No.	Last date of submission of bid (online)
1.	**Horticultural and allied work with annual maintenance at Murshidabad Medical College and Hospital, Berhampore, District Murshidabad, under the Jurisdiction of WBMSCL in the financial year 2026-2027**	WBMSCL/ NIT- 835/2026 Dated - 14.10.2026	04.11.2026 upto 11:00 P.M.

Tender/s can be downloaded from **www.tenders.wb.gov.in** or **www.wbmsc.gov.in** on or after 16/10/2026 at 11:00 A.M. Clarification requests, if any may be sent to **info@wbmsc.gov.in**. or call 033 4034300S

Sd/-
General Manager, WBMSCL

WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED

(A Company wholly owned by the Government of West Bengal)
Swasthya Sathi, GN-29, Sector V, Salt Lake, Kolkata 700091

Memo No: WBMSCL/6085 Date : 14/10/2026

NOTICE INVITING E-TENDER

West Bengal Medical Services Corporation Ltd. is inviting electronic bids for providing Facility Management Services in the below mentioned Hospitals *as* per details indicated in the table below:

Sl. No.	Particulars	Bid Ref. No.	Last date of submission of online bid	Remarks
1.	Facility Management Services at Mother & Child Hub at **Rampurhat GMCH**	WBMSCL/ NIT-789/ 2026 Dated - 25.09.2026	05.11.2026 at 02:00 PM	**4th call of the tender bearing no WBMSCL/ NIT-968 /2025 Dated – 26.11.2025**

Interested Bidders may download the tender document and / or submit their bids online at the website **https://tenders.wb.gov.in**. The tender document may also be downloaded from the websites **www.wbhealth.gov.in**, **www.wbmsc.gov.in** & **www.egiyebangla.gov.in**

Sd/-
General Manager, WBMSCL

WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED

(A Company wholly owned by the Government of West Bengal)
Swasthya Sathi, GN-29, Sector V, Salt Lake, Kolkata 700091

Memo No: WBMSCL /6087 Date : 14/10/2026

NOTICE INVITING E-TENDER

West Bengal Medical Services Corporation Ltd. is inviting electronic bids for providing Facility Management Services in the below mentioned Hospitals *as* per details indicated in the table below:

Sl. No.	Particulars	Bid Ref. No.	Last date of submission of online bid
1.	**Facility Management Services at Annexure-1 building of Swasthya Bhawan**	WBMSCL/ NIT- 836/2026 Dated - 14.10.2026	06.11.2026 at 02:00 PM

Interested Bidders may download the tender document and / or submit their bids online at the website **https://tenders.wb.gov.in**. The tender document may also be downloaded from the websites **www.wbhealth.gov.in**, **www.wbmsc.gov.in** & **www.egiyebangla.gov.in**

Sd/-
General Manager, WBMSCL

পূর্ব রেলওয়ে

ওপেন টেন্ডার নোটিশ নং. ও-এসি-টি-১৬০-২৬-২৭(ওপেন)। তারিখ: ১০.১০.২০২৬। ডিপুটি চিফ ইঞ্জিনিয়ার (বিআরএল), পূর্ব রেলওয়ে, আসানসোল ডিভিশন, স্টেশন রোড, আসানসোল, পিন-৭১৩৩০১, নিম্নলিখিত কাজের জন্য ওপেন টেন্ডার আহ্বান করছেন: **কাজের নাম:** ৩০.০৬.২০২৭ তারিখে শেষ হওয়া মেয়াদে পুরো আসানসোল ডিভিশন জুড়ে এসএসই/বিআর/সীতারামপুর দ্বারা রক্ষণাবেক্ষণ করা সেতুগুলির আনুষঙ্গিক কাজ সহ সুপার স্ট্রাকচার রক্ষণাবেক্ষণের জোনাল কাজের জন্য ওপেন টেন্ডার। **টেন্ডারের মূল্য:** ₹৫১,০০,০০০। **বায়না মূল্য:** ₹ ১০২০০০। **কাজটি সম্পন্ন করার সময়সীমা :** ০৮ মাস। (ক) বন্ধের তারিখ এবং সময় -০২.১১.২০২৬ তারিখে ১২.০০ টায়। (খ) সম্পূর্ণ বিবরণ রেলওয়ের ওয়েবসাইট **ireps.gov.in** -এ দেখা যেতে পারে। ASN-288/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

ইলেকট্রিক্যাল জেনারেল কাজ

টেন্ডার নোটিশ নং : ইএল/২৯/৬৯_২০২৬/কে/১৫৫৯; তারিখ: ১৩-১০-২০২৬। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **টেন্ডার নং :** ৬৯_২০২৬। **কাজের নাম :** "এবিএসএস:- শিলিগুড়ি জং.-এ - বিদ্যমান ভবনের সম্মুখভাগ, পোর্টিকো, সার্কুলেটিং এরিয়া, প্ল্যাটফর্ম সারফেসিং, পার্কিং এরিয়ার সফট আপগ্রেডেশন এবং ওয়েটিং হলের সংস্কার"-এর সাথে সম্পর্কিত ইলেকট্রিক্যাল জেনারেল কাজ। **টেন্ডার মূল্য:** ১,৭৭,২১,১৯৫/- টাকা; **বায়না মূল্য :** ৩,৫৪,৪০০/-টাকা; **টেন্ডার বন্ধের তারিখ ও সময়** ০৩-১১-২০২৬ তারিখে ১৫:০০ টায় এবং টেন্ডার খোলা ১৫:৩০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

সিনিয়র ডিইই (জি এন্ড সিএইচজি.), কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

সাউথ ইস্ট সেন্ট্রাল রেলওয়ে

টেন্ডার নোটিস

(১) টেন্ডার নোটিস নং: SNT-R-2026-12-R-1 তারিখ: ১৪.১০.২০২৬
কাজের নাম: রায়পুরে ডিআরএম অফিস কমপ্লেক্সের কনফারেন্স হলের উন্নয়ন।
টেন্ডার মূল্য: ₹৫৩৯০১৯০.৩৮, **ইএমডি:** ₹১০৭৯০০.০০; শেষ করার মেয়াদ: ৪ (চার) মাস।
বিডারগণ তাঁদের মূল/পরিবর্তিত বিড ০৫.১১.২০২৬ তারিখের বিকাল ৩টা পর্যন্ত জমা করতে পারবেন।
এই টেন্ডারের ম্যানুয়াল অফার গ্রহণ করা হবে না।
বিশদ আমাদের ওয়েবসাইট **www.ireps.gov.in**-তে উপলব্ধ।

ডিভিশনাল সিগন্যাল অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ার
PR/R/S&T/D360/237 এসইসি রেলওয়ে, রায়পুর

South East Central Railway @secrail

GOVERNMENT OF WEST BENGAL

PWD TENDER NOTICE

A.E., PWD, Tamluk Sub-Division Invites tender. Tender No. WBPWD/NIeT-09/AE/TSD/26-27, Tr. ID: 2026_WBPWD_5080219_1, 2026_WBPWD_5080219_2. Details available on Website www.wbpwd.gov.in Bid submission start date 15.10.2026 from 10.00 Hrs. Bid submission last date 27.10.2026 up to 15.00 Hrs. Sd/- Assistant Engineer, P.W.D., Tamluk Sub-Division ICA-T19162(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL

E-TENDER NOTICE

Ref.:1164/WBSWC-13012(59)/1/2021 COMM SEC Tender ID : 2026_WBSWC_1046272_1. WBSWC invites e-Tender for selection of agency for Hiring On Rent Of land Admeasuring 35652.79 Square Metres or 8.81 Acres including 20,000 MT Godown Space on as is where is basis on leave and licence mode, within the industrial zone of Haldia Dock Complex, Syama Prasad Mookerjee Port Trust. Closing date of submission of bids is 04.11.2026 upto 12.00 p.m. For details visit website www.wbtenders.gov.in. Sd/-Secretary WBSWC. ICA-T19147(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL

PWD TENDER NOTICE

EE/PWD/TD, invites e-Tender for Repair, renovation & extension of Boundary wall in Mahishadal Bunglow Compound in the district of Purba Medinipur during the year 2026-27. NIeT No. 19 of 2026-2027, Tender ID: 2026_WBPWD_5080314_1. Bid submission start date (online): 15.10.2026 from 10.00 Hours. Bid Submission closing date (online): 26.10.2026 at 12.00 Hours. Corrigendum if any will be published in website only. Details of NIeT and Tender documents may be downloaded from http://wbtenders.gov.in Sd/- Executive Engineer, P.W.Dte., Tamluk Division ICA-T19164(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL

P.W. (Roads) Directorate
NOTICE INVITING e-TENDER

SE/WHC-II invites online tenders for e-NIT No. 04 of 2026-27 for the work of "Tamba-Kamarpara Road from Ch. 0.000 km to Ch. 6.620 km, Surfacing work by under Hooghly Highway Division No.- II in the district of Hooghly, Project ID: PD2627533815000". Tender ID: 2026_WBPWD_5080333_1. Bid Submission End Date: 17.11.2026 at 02.00 PM. Details may be obtained from the website https://tenders.wb.gov.in/nicgep/app & Office Notice Board. For any clarification regarding upload & download, Bidder may contact PWD e-Tender Help Desk through Phone No. (033) 2223-6236. Corrigendum or Addendum if issued will be published only through Website. Sd/- SE/WHC – II, P.W.(R) Dte. ICA-T19167(3)/2026

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHAVAN, BIDHANNAGAR

NIT No. : 677/PWD(BMC) Dated: 14.10.2026 of Tender ID : 2026_MAD_1046808_1

e-Tender has been invited for "Repairing, Renovation and Comprehensive Upgradation of FD Market under BMC." Last date of Bid Submission : **11.11.2026** up to **15.00 Hrs.** Bid Opening Date : **13.11.2026** at **15:30 Hrs.** Corrigendum, if any will be published in Website & Office Notice Board only. For details, please follow **www.wbtenders.gov.in**, Office Website (**bmcwbgov.in**) & Office Notice Board.

Sd/-
Chief Engineer
Bidhannagar Municipal Corporation

TENDER

An E-tender for Supplying of VIDEOGRAPHER/ PHOTOGRAPHER WITH VIDEO CAMERA (HIGH DEFINITION/NORMAL/ CAMERA(DIGITAL/DSLR) ON HIRE BASIS (2ND CALL) has been floated with Tender ID.2026_DMSP_5080835_1 vide memo no.40/NZ/KMC ELEC-2026 DT. 15.10.2026.
For details, please visit www.s24pgs.gov.in & www.etender.wb.nic.in
MEMO No.- 3482(2)/DICO/S24 Pgs: Dtd.-15/10/2026

Sd/-
(Manjeet Kumar Yadav, IAS)
Addl. District Magistrate (General)
South 24 Parganas, Alipore

১৮৩টি ব্রেক ভ্যানের আধুনিকীকরণ

টেন্ডার নং. ঃ এম-২৪৯-আরএসপি-২০২৬-২৭-ডিআরজি-২এ। তারিখ ঃ ০৯-১০-২০২৬; নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **কাজের নাম ঃ** উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, নিউ বঙাইগাঁওয়ের সিঅ্যান্ডডব্লিউ ওয়ার্কশপ-এ পিরিয়ডিকাল ওভারহলিং চলাকালীন ১৮৩টি ব্রেক ভ্যানের আধুনিকীকরণ। **বিজ্ঞাপিত মূল্য ঃ** ৮,৮৪,৭২,৫৭০.৬১/- টাকা; **বায়না মূল্য ঃ** ১৭,৬৯,৫০০/-টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় ০২-১১-২০২৬ তারিখে ১৫:০০ টায়। উপরোক্ত ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্যের জন্য **http://www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

সিডব্লিউএম, নিউ বঙাইগাঁও
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

ABRIDGED NOTICE

NIT No. 19/PMGSYIV/MSD/SE/RRNMU/MALDA /2026-27/13 (1st Call) Date: 16.10.2026

The Superintending Engineer, RRNMU, Malda Circle, on behalf of West Bengal State Rural Development Agency (An agency under P & RD Department, Govt of West Bengal) invites the percentage rate bids in electronic tendering system for construction/maintenance of road under Pradhan Mantri Gram Sadak Yojana (PMGSY)-IV, Batch-I of 2026-27 in the district of Murshidabad for 1 number of package with estimated cost totalling to Rs. 2.4149340 Crore respectively including their maintenance for five years from the eligible and bona-fide contractors.
The detailed notice along with the list of roads are available in the e-procurement portal of PMGSY namely https://www.pmgsytenderswb.gov.in
Bid submission start date: 16.10.2026 at 11:00 Hrs.,
Date of Prebid Meeting: 28.10.2026 at 12:00 Hrs., Last date of bid submission: 13.11.2026 upto 17:00 Hrs.,
Date of technical bid opening: 14.11.2026 at 11:00 Hrs., Sd/- Superintending Engineer, RRNMU, Malda Circle, WBSRDA, P&RD Dept., Govt of West Bengal.

HOOGHLY ZILLA PARISHAD

Tender Ref No.: -NIT-031, 023/2, 024/2, 026/2, 027/2 of 2026-27

e-Tender (online) is invited from reputed and resourceful contractors for Potholes & Patch repairing of road works within Hooghly District. Closing date of bid submission is 26.10.2026 & 28.10.2026 respectively. For further details, please log on to: https://tenders.wb.gov.in

Sd/-
District Engineer
Hooghly Zilla Parishad

ABRIDGED NOTICE INVITING TENDER

N.I.T No.-WBIW/EE/JFMPD/SNIT-06/ of 2026-27

Executive Engineer, Jhargram Flood Management & Planning Division, I & W Dte.; Jhargram invites tender for 01 (One) no. works with amount put to tender 13,60,448/- (EMD-Rs. 27,209/-). Other details can be obtained from the Departmental website www.wbiwd.gov.in. and also from Office of the undersigned.
Last Date of submission of bid is on 23-10-2026

Sd/-
Executive Engineer (I & W Dte.)
Jhargram Flood Management & Planning Division, Jhargram.

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার নোটিশ নং ও/এসি/টি/১৫৫-১৫৭/২৬-২৭ (ওপেন) তারিখ: ১৩.১০.২০২৬ সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, আসানসোল ডিভিশন, স্টেশন রোড, আসানসোল, পিন-৭১৩৩০১ নিম্নলিখিত কাজের জন্য আমন্ত্রণ জানিয়েছেন: **ক্রম নং:-** ১., **কেস নং.:-** ও-এসি-টি-১৫৫-২৬-২৭, **কাজের নাম:-** সিনিয়র ডিইএন/১/এএসএন -এর অধীনে এইএন/II/এএসএন -এর অধিক্ষেত্রে সীতারামপুর স্টেশনে ৪টি লিফটের সংস্থানের জন্য ওপেন টেন্ডার। **টেন্ডারের মূল্য:-** ২,১৯,২৯,৪০৯.৮২, **বায়না মূল্য:-** ৪,৩৮,৬০০.০০, **কাজ সম্পন্ন করার সময়সীমা:-** ১২ মাস। **ক্রম নং:-** ২., **কেস নং.:-** ও-এসি-টি-১৫৬-২৬-২৭, **কাজের নাম:-** সিনিয়র ডিইএন/১/এএসএন -এর অধীনে এইএন/এইচকিউ/এএসএন -এর অধিক্ষেত্রে আসানসোলে কর্মীদের কোয়ার্টারের উপরে পিভিসি ট্যাঙ্কের সংস্থানের জন্য ওপেন টেন্ডার। **টেন্ডারের মূল্য:-** ৮৪,৫২,৪৪১.৯৫, **বায়না মূল্য:-** ১,৬৯,০০০.০০, **কাজ সম্পন্ন করার সময়সীমা:-** ০৬ মাস। **ক্রম নং:-** ৩., **কেস নং.:-** ও-এসি-টি-১৫৭ -২৬-২৭, **কাজের নাম:-** সিনিয়র ডিইএন/৪/এএসএন -এর সেকশনে এভোয়েডেবল জয়েন্টসে এসকেডি ওয়েল্ডিংয়ের সংস্থানের জন্য ওপেন **টেন্ডার। টেন্ডারের মূল্য:-** ৪৭,৫৯,৩০৪.৫০, **বায়না মূল্য:-** ৯৫,২০০.০০, **কাজ সম্পন্ন করার সময়সীমা:-** ১২ মাস। (ক) বন্ধের তারিখ এবং সময় ০৯.১১.২০২৬ তারিখের ১২.০০ টায়। (খ) সম্পূর্ণ বিবরণ রেলওয়ের ওয়েবসাইট **ireps.gov.in**-এ দেখা যেতে পারে। ASN-290/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ডব্লিউ২_৬২৩_১৬_১১ এইচডব্লিউএইচ_২০২৬-২৭, তারিখ: ১৩.১০.২০২৬ ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার/বিআরএল/এইচকিউ,ইস্টার্ন রেলওয়ে, ১৭, এন.এস. রোড, কলকাতা-৭০০০০১ ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তাঁর তরফ থেকে নিম্নলিখিত কাজগুলোর জন্য নামী ও যোগ্য ঠিকাদারদের কাছ থেকে আমন্ত্রণ জানিয়েছেন **টেন্ডার নং ডব্লিউ ২ _ ৬২৩ _ ১৬ _ ১১ এইচডব্লিউএইচ_২০২৬-২৭ কাজের নাম:** কাজের নাম:- হাওড়া ডিভিশনের বিবি লুপে সেতু নং.-১২ ইউপি, ২০ ইউপি, ৫১ এ, ৮৩ ইউপি, ৯১ ডিএন, ১০৫ ডিএন, ১০৬ ডিএন, ১১৯ ডিএন, ১৬৮ এ, ১৬৯, ১৭১, ১৭১এ, ১৭৩, ১৭৪ এ, ১৭৯, ১৮০ এ, ২১৫, ২১৭ এবং ২৩০-এর গ্যাং ওয়ে, সাইড পাথওয়ে, ম্যান রিফিউজ এবং ট্রলি রিফিউজের এম.এস চেকার্ড প্লেটের মতো ক্ষয়প্রাপ্ত/ছিদ্রযুক্ত অংশগুলোকে এসএস অ্যান্টিস্কিড চেকার্ড প্লেট দ্বারা পরিবর্তন ও বিদ্যমান সাইড পাথওয়ের শক্তিশালীকরণ এবং এনএইচ-বিডিসি সেকশন ও টিপিকের ফ্লাই ওভারে সেতু নং ২, ৫, ৬-এ নতুন পাথ-এর সংস্থান **কাজের আনুমানিক ব্যয়:** ৩,৩৭,০৭,৮১৬.০৫ টাকা **বায়না মূল্য:** ৬,৭৪,২০০.০০ টাকা **কাজ সম্পন্ন করার সময়সীমা:** ১২ মাস **টেন্ডার বন্ধের তারিখ ও সময়:** ০৪.১১.২০২৬ তারিখের ১৪:০০ টায়। টেন্ডার নথিপত্রের বিস্তারিত বিবরণ **https://www.ireps.** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে। দরদাতাদের উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাদের অফার জমা দেওয়ার অনুরোধ করা হচ্ছে। কোনো ম্যানুয়াল অফার গ্রহণ করা হবে না। MISC-232/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিইএন/৩/হাওড়া-এর অধীনে নিম্নলিখিত কাজগুলির জন্য ইরিগেশন/সিপিডব্লিউডি/এসইবি/এমইএস বা যে কোনো পাবলিক সেক্টর আন্ডারটেকিংয়ে নিবন্ধিত দরদাতা সহ অনুরূপ প্রকৃতির কাজের অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক সামর্থ্য সম্পন্ন দরদাতাদের কাছ থেকে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, নিউ ডিআরএম বিল্ডিং, রেল মিউজিয়ামের কাছে, হাওড়া-৭১১১০১ কর্তৃক অনলাইনে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে: **(১) ই-টেন্ডার নং. : ই-টেন্ডার নং. ২৫৪_২০২৬-২৭ তারিখ ১৩.১০.২০২৬। কাজের বিবরণ :** এইচডব্লিউএইচ ডিভিশনের তকিপুর (টিকেপি) ও মোরগ্রাম (এমজিএই) স্টেশনের মধ্যবর্তী লোহাপুর (এলপি) স্টেশনে আইবিএইচ সংস্থান এবং সাগরদীঘি (এসডিআই) ও গোঁসাইগ্রাম (জিএসজিভি) স্টেশনের মধ্যবর্তী বরালা (বিএএ) স্টেশনে আইবিএইচ সংস্থান। **আনুমানিক ব্যয় :** ₹ ১,০২,৯৪,৮৩২.৬৭; **বায়না মূল্য :** ₹ ২,০৫,৯০০.০০ **সম্পন্ন করার সময়সীমা :** এক্সেপ্টেন্স লেটার জারির তারিখ থেকে ১০ (দশ) মাস। **(২) ই-টেন্ডার নং. ২৫৫_২০২৬-২৭. তারিখ ৩১.১০.২০২৬। কাজের বিবরণ :** হাওড়া ডিভিশনের ১৭টি এসজি ক্যাটাগরির স্টেশনে (বিএসএই, টিবিএই, কেজেইউ, ডিএমএলই, কেএমএই, জেআইটি, বিজিএই, এসওএই, বিএইচএলএ, জিপিএই, এবিকেএ, বিজিআরএ, ডিটিএই, এসএসএমই, কেএলএনটি, এনডিএই এবং বিএফজেড) পিএফ শেডের সংস্থান **আনুমানিক ব্যয় :** ₹১১,৫৬,৫৪,০০৬.৩৫; **বায়না মূল্য :** ₹ ২৩,১৩,১০০.০০ **সম্পন্ন করার সময়সীমা :** এক্সেপ্টেন্স লেটার জারির তারিখ থেকে ১০ (দশ) মাস। **(৩) ই-টেন্ডার নং. ২৫৬_২০২৬-২৭। তারিখ ৩১.১০.২০২৬। কাজের বিবরণ :** বিবি লুপে সেতু নং ১২ ইউপি, ২০ ইউপি, ৫১ ইউপি, ৮৩ ইউপি, ৯১ ডিএন, ১০৫ ডিএন, ১০৬ ডিএন, ১১ ডিএন, ১৬৮ এ, ১৬৯, ১৭১, ১৭১এ, ১৭৩, ১৭৪এ, ১৭৯, ১৮০এ, ২১৫, ২১৭ এবং ২৩০-এর গ্যাং ওয়ে, সাইড পাথওয়ে, ম্যান রিফিউজ এবং ট্রলি রিফিউজের এম.এস চেকার্ড প্লেটের মতো ক্ষয়প্রাপ্ত/ছিদ্রযুক্ত মেম্বারগুলোকে এসএস অ্যান্টিস্কিড চেকার্ড প্লেট দ্বারা পরিবর্তন ও বিদ্যমান সাইড পাথওয়ের শক্তিশালীকরণ এবং এনএইচ-বিডিসি সেকশনে সেতু নং ২,৫,৬ ও টিপিকের ফ্লাই-এ নতুন সাইড পাথওয়ের সংস্থান। **আনুমানিক ব্যয় :** ₹ ৩,৩৭,০৭,৮১৬.০৫; **বায়না মূল্য :** ₹ ৬,৭৪,২০০.০০। **সম্পন্ন করার সময়সীমা** : এক্সেপ্টেন্স লেটার জারির তারিখ থেকে ১০ (দশ) মাস। **(৪) ই-টেন্ডার নং. ২৫৭_২০২৬-২৭. তারিখ ৩১.১০.২০২৬। কাজের বিবরণ :** এইএন/এজেজ -এর অধিক্ষেত্রে লেভেল ক্রসিং গেট, রোড সাইন বোর্ড, স্টেশনের নামের বোর্ড, গ্যাং বোর্ড ইত্যাদির জন্য রেট্রো রিফ্লেক্টিভ সাইনেজ বোর্ড পরিবর্তন এবং নতুন অন্তর্ভুক্তির সংস্থান। **আনুমানিক ব্যয় :** ₹ ৪৬,৬৮,১৫৪১৩; **বায়না মূল্য** : ₹ ৯৩,৪০০। **সম্পন্ন করার সময়সীমা** : এক্সেপ্টেন্স লেটার জারির তারিখ থেকে ৬ (ছয়) মাস। নোটিশ ইনভাইটিং টেন্ডারে উল্লেখিত বন্ধের তারিখটি কোনো কারণে ছুটি/বন্ধ/ধর্মঘট হিসেবে ঘোষিত হলে, অনলাইনে টেন্ডার বন্ধের তারিখ পরিবর্তন করা হবে না কারণ আইআরইপিএস-এর ওয়েবসাইটের অ্যাপ্লিকেশনটি টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পর কোনো অফার জমা দেওয়ার অনুমতি দেয় না। তবে, পরবর্তী কার্যদিবসে অনলাইনে টেন্ডার খোলা হবে। **টেন্ডার বন্ধের তারিখ এবং সময় :** ০৪.১১.২০২৬ তারিখের ১৪.০০ টায়। টেন্ডারের বিবরণ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। দরদাতাদের অনুরোধ করা হচ্ছে তারা যেন উপরের ওয়েবসাইটে অনলাইনে তাদের অফার জমা দেন। ই-টেন্ডারিংয়ের ক্ষেত্রে ইএমডি এবং টিডিসি -বায়না মূল্য জমা (ইএমডি) এবং টেন্ডার নথির মূল্য পরিশোধ শুধুমাত্র নেট ব্যাংকিং বা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রহণ করা হবে। দ্রষ্টব্য: আইআরইপিএস (ই-টেন্ডার পোর্টাল)-এ আমন্ত্রিত টেন্ডারের জন্য ফিক্সড ডিপোজিট রসিদ (এফডিআর) ইএমডি হিসেবে গ্রহণ করা হবে না। কোনো ম্যানুয়াল অফার গ্রহণ করা হবে না। HWH-404/2026-27

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

খেলা

ওডিআই সিরিজে হয়তো নেই বুমরা

যশপ্রীত বুমরা এখন পুরোপুরি ফিট। কিন্তু ভারতীয় টিম ম্যানেজমেন্ট তাঁকে নিউজিল্যান্ডের বিরুদ্ধে একদিনের সিরিজে খেলাতে চাইছে না। মূল ফোকাস লাল বলের ক্রিকেটে। তবে ভারত ‘এ’ দলের হয়ে তৃতীয় ম্যাচে খেলতে পারেন বুমরা।

বোলারদের দুষলেন শ্রেয়স, পাশে সঞ্জু

আজকালের প্রতিবেদন

ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে চতুর্থ টি২০ ম্যাচে বড় রান তাড়া করে হারতে হয়েছে ভারতকে। ক্যারিবিয়ানদের ২৪৭ রানের জবাবে ২২৩ রানে থেমে গিয়েছিল ভারত। বোলারদের পারফরমেন্সে রীতিমতো হতাশ অধিনায়ক শ্রেয়স আয়ার। তিনি স্বীকার করেছেন, বোলাররা সঠিক লাইন ও লেংথে বল করতে ব্যর্থ হয়েছে। যার জন্য দলকে মাশুলও দিতে হয়েছে। সিরিজ জিততে গেলে বোলারদের আরও দায়িত্ব নিতে হবে। সঞ্জু স্যামসন অবশ্য বোলারদের পাশে দাঁড়িয়েছেন।

ম্যাচ শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে হারের ব্যাখ্যা দিতে গিয়ে শ্রেয়স বলেন, ‘শুরুটা হয়েছিল বোলিং দিয়ে। আমরা সঠিক লাইন ও লেংথ বজায় রাখতে পারিনি। ২৫০ রানের লক্ষ্য তাড়া করতে গেলে একটা নির্দিষ্ট পরিকল্পনা মেনে এগোতে হয়। বল হাতেও নিজেদের পরিকল্পনা ঠিকমতো বাস্তবায়ন করতে পারিনি আমরা।’ ওয়েস্ট ইন্ডিজকে কৃতিত্ব দিয়ে শ্রেয়স আরও বলেন, ‘ওরা নিজেদের পরিকল্পনা দারুণভাবে কার্যকর করেছে। তাছাড়া উইকেট থেকেও কিছুটা সহায়তা পেয়েছে। ফিল্ডিংও দারুণ করেছে। ওদের কৃতিত্ব দিতেই হবে।’

তবে বোলিং নিয়ে বেশি চিন্তা না করে দলকে নিজেদের দক্ষতার ওপর নির্ভর হওয়ার কথা বলেছেন শ্রেয়স। তিনি বলেন, ‘আমাদের দৃষ্টিভঙ্গি একই থাকবে। মনে হয় না, সামনের ম্যাচে বোলিং নিয়ে খুব বেশি দুশ্চিন্তা করার প্রয়োজন আছে। আসল বিষয় হল পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করা।’ ভারত অধিনায়কের মতে, সিরিজ নির্ধারণী ম্যাচ যথেষ্ট আকর্ষণীয় হবে।

এদিকে, অধিনায়ক শ্রেয়স হারের জন্য বোলারদের দিকে আঙুল তুললেও সঞ্জু স্যামসন অবশ্য সেভাবে বিষয়টি দেখছেন না। তিনি বোলারদের পাশে দাঁড়িয়েছেন। তবে যশপ্রীত বুমরা না থাকায় ভারতীয় বোলিং শক্তি যে অনেকটা দুর্বল হয়েছে, স্বীকার করে নিয়েছেন সঞ্জু। তাঁর কথায়, ‘বুমরা এমন ধরণের বোলার, যারা প্রজন্মে একবারই আসে। ওকে দলে পাওয়া আমাদের কাছে অনেক বড় ব্যাপার। তবে দলে আরও কিছু দারুণ প্রতিভাবান বোলার উঠে আসছে। অর্শদীপ খুব ভাল বোলিং করছে। আর গত কয়েকটা ম্যাচে প্রিন্স যাদব যেভাবে বোলিং করেছে, সত্যিই প্রশংসার যোগ্য। দলে বেশ কিছু প্রতিভাবান খেলোয়াড় রয়েছে। তাদের যত বেশি সুযোগ দেওয়া হবে এবং আস্থা রাখা হবে, ততই তারা পরিণত হয়ে উঠবে। অর্থাৎ যত বেশি ম্যাচ খেলার সুযোগ করে দেওয়া হবে, ততই তাদের পারফরমেন্স ভাল হবে।’

নেটে অনুশীলনে স্মৃতি মানধানা। ছবি: এক্স

সানি চান আরও দায়িত্বশীল ব্যাটিং

আজকালের প্রতিবেদন

বুধবার হায়দরাবাদে চতুর্থ টি২০ ম্যাচে পরাজিত হয়েছে ভারত। জয়ের জন্য ২৪৮ রান তাড়া করতে গিয়ে শ্রেয়স আয়ারের দল থেমে যায় ২২৩/৯–এ। ম্যাচের পর ভারতের প্রাক্তন অধিনায়ক সুনীল গাভাসকার জানিয়েছেন, রান তাড়া করার সময় ভারতীয় ব্যাটারদের আরও দায়িত্বশীল হতে হবে। ওপেনার সঞ্জু স্যামসন ২৩ বলে ৫৬ করলেও ভারত পারেনি লক্ষ্যে পৌঁছোতে। সানির কথায়, ‘রান তাড়া করার ক্ষেত্রে এই ভারতীয় দলকে উন্নতি করতেই হবে। ব্যাটিং ইউনিটকে আরও দায়িত্বশীল হতে হবে। ব্যাটাররা দায়িত্ব না নিলে এই ভারতীয় দল সাফল্য পাবে না।’ গাভাসকারের আরও সংযোজন, ‘এরকম পিচে যখন শিশির পড়ে, তখন পরপর দু’বার টি২০ বিশ্বকাপ জেতা দলের যে ব্যাটিং দাপট থাকা দরকার, সেটা একেবারেই দেখতে পাইনি এই ম্যাচে।’ সানি মনে করেন সঞ্জু যেভাবে শুরুটা করেছিলেন, বাকিরা সেই সুযোগ নিতে পারেননি, ‘সঞ্জু ভারতের শুরুটা দারুণ করেছিল। বাকি ব্যাটাররা ব্যর্থ। খারাপ ইনিংস অভিষেক শর্মার। কিমো পলের ফাঁদে পা দিল ঈশান কিষাণ। আর শতরান পাওয়ার পর থেকে তো শ্রেয়স রানই পাচ্ছে না।’ ভারতীয় বোলারদের পাশে দাঁড়িয়ে সানি বলেছেন, ‘মানছি ভারতের বোলিং খারাপ হয়েছে। কিন্তু এই বোলারদের অনেকেই অনভিজ্ঞ। আন্তর্জাতিক ক্রিকেটে নতুন। মার না খেলে শিখবেও না।’

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হাতে ভারতীয় দলের জার্সি তুলে দিলেন ভারতের মহিলা দলের প্রাক্তন অধিনায়ক হরমনপ্রীত কাউর। পাশে রয়েছেন নতুন অধিনায়ক স্মৃতি মানধানা। এশিয়ান গেমসে পদকজয়ীদের সঙ্গে এদিন দেখা করেন প্রধানমন্ত্রী। ছবি: পিটিআই

ভারতের লক্ষ্য ভয়ডরহীন ক্রিকেট: শেফালি

আজকালের প্রতিবেদন

ভারতীয় মহিলা ক্রিকেটে আজ শুক্রবার থেকে শুরু হচ্ছে স্মৃতি মানধানা–যুগ। হরমনপ্রীত কাউর তিন ফরম্যাটেই অধিনায়কত্ব ছেড়ে দেওয়ার পর তাঁর এতদিনের সহকারী স্মৃতি অধিনায়কের দায়িত্ব পেয়েছেন। স্মৃতির ভারত শুক্রবারই প্রথম কোনও আন্তর্জাতিক ম্যাচে নামছে। রায়পুরে জিম্বাবোয়ের বিরুদ্ধে তিন ম্যাচের টি২০ সিরিজে। এটাই এই দু’দেশের মধ্যে প্রথম কোনও দ্বিপাক্ষিক সিরিজ। এরপর বরোদায় রয়েছে ভারত–জিম্বাবোয়ে তিন ম্যাচের একদিনের সিরিজ।

ভারতীয় মহিলা দল সম্প্রতি এশিয়া কাপে চ্যাম্পিয়ন এবং এশিয়ান গেমসে সোনার পদক জিতেছে। কিন্তু গত দুটি মেয়েদের টি২০ বিশ্বকাপে গ্রুপ পর্ব থেকে বিদায় নিয়েছিল। জিম্বাবোয়ের বিরুদ্ধে দ্বিপাক্ষিক সিরিজ থেকেই ‘ভয়ডরহীন ক্রিকেট’ খেলতে চায় ভারত। নতুন সহ অধিনায়ক শেফালি ভার্মা বলেছেন, ‘আমরা নিজেদের মধ্যে আলোচনা করেছি, এখন থেকে চ্যাম্পিয়ন্স ট্রফি পর্যন্ত আমরা ভয়ডরহীন ক্রিকেট খেলতে চাই।’ মেয়েদের একদিনের ক্রিকেটে বিশ্বজয়ী ভারতের মিডল অর্ডার ব্যাটিং টি২০ ক্রিকেটে সম্প্রতি বারবার ব্যর্থ হয়েছে। জিম্বাবোয়ে সিরিজে ভারতীয় দলে দুই নতুন মুখ নিকি প্রসাদ এবং জিনতিমনি কলিতা। মানধানা–যুগের দলের আশা, অভিজ্ঞ হরমনপ্রীতের পাশাপাশি এই দুই নবীনের ব্যাটে মিডল অর্ডার আবার ফর্মে ফিরবে।

আজ মহিলাদের প্রথম টি২০
ভারত বনাম জিম্বাবোয়ে
(সন্ধে ৭–০০। স্টার স্পোর্টস। জিও হটস্টার)

ষষ্ঠীর রাতে জয়ে ফেরার লক্ষ্যে বাগান

আজকালের প্রতিবেদন

দুর্গাপুজো শুরু শুক্রবার থেকে। ষষ্ঠীর বোধনের সঙ্গে বাঙালি মেতে উঠবে শারদোৎসবে। তবে শহর এবং শহরতলীতে যখন শুক্রবার সন্ধ্যায় থাকবে প্যান্ডেলের সামনে লম্বা লাইন, তখন বাগান সমর্থকদের চোখ থাকবে দিল্লিতে। সেখানে আইএসএলের দ্বিতীয় ম্যাচে মাঠে নামবে মোহনবাগান। জয়ের রাস্তা খোঁজার লড়াইয়ে।

বাগান কোচ ডিম্পেরিস দায়িত্ব নেওয়ার পর থেকে রোলার কোস্টার রাইডের মধ্যে আছেন। পায়ের তলার জমি শক্ত করতে করতেই আইএসএল শুরু হয়েছে। ইস্টবেঙ্গলকে হারিয়ে আইএফএ শিল্ড চ্যাম্পিয়ন হওয়ার পর সাংবাদিক সম্মেলনে তাঁকে বেশ আত্মবিশ্বাসী লেগেছিল। কিন্তু পরিস্থিতি পাল্টেছে দ্রুত। আইএসএলের প্রথম ম্যাচে হারের পর আবার পাহাড় প্রমাণ চাপের সামনে ডিম্পেরিস। বাগান ম্যানেজমেন্ট মুখে কিছু না বললেও, মোহনবাগান নিজেদের ছন্দে ফিরতে না পারলে কোচ বদলের ভাবনা যে আছে বলাই বাহুল্য।

এবার সামনে অ্যাওয়ে ম্যাচ। দিল্লির মাঠে শুক্রবার প্রতিপক্ষ দিল্লি এসসি। শুরুটা ভাল হয়নি তাদেরও। হারতে হয়েছে বেঙ্গালুরু এফসির কাছে। নর্থইস্ট এর বিরুদ্ধে ম্যাচের পর সরাসরি দিল্লি পৌঁছে গিয়েছিলেন ছাংতে, বিশালরা। বৃহস্পতিবার তাঁরা অনুশীলন করেছেন স্থানীয় একটি অ্যাকাডেমির মাঠে। মাঠের অবস্থা ভালই ছিল। জয়ের রাস্তা খোঁজার জন্য এই মাঠে ছক তৈরি করেছেন বাগান কোচ। প্রথম ম্যাচে চোটের জন্য খেলতে পারেননি জেমি ম্যাকলারেন। দ্বিতীয় ম্যাচ খেলার জন্য তড়িঘড়ি দিল্লি পাঠানো হয়েছিল জেমিকে। কিন্তু বাগান সূত্রের খবর বৃহস্পতিবার তেমন অনুশীলন করেননি তিনি। সিদ্ধান্তে বড়সড় পরিবর্তন না হলে দিল্লির বিরুদ্ধে তাঁকে খেলানোর ঝুঁকি নেওয়া হবে না।

অনুশীলনে দ্রাজিচ এবং জেলকোভিচ। ছবি: মোহনবাগান

নর্থইস্ট ম্যাচে ১৯টি শট নিয়েছিল মোহনবাগান। তিনকাঠিতে ছিল মাত্র ৬টি। যা চিন্তায় রাখবে বাগান কোচকে। তবে দেখার বিষয়, মিগেল ফিগেরাকে প্রথম থেকে ব্যবহার করা হয় কি না। ইস্টবেঙ্গল থেকে ছিনিয়ে আনার পর সবুজ–মেরুন জার্সিতে এখনও তাঁকে জ্বলে উঠতে দেখা যায়নি। বাগানকে চেনা ছন্দে পেতে গেলে, মিগেলকে নিজের ছন্দে খেলতে হবে। আর সেটা শুক্রবার থেকেই। কারণ জয়ের রাস্তায় ফিরতে না পারলে, ডিম্পেরিসের ওপর চাপ আরও বাড়বে।

আজ
আইএসএলে
এসসি দিল্লি বনাম মোহনবাগান
সন্ধে ৭–৩০
সোনি স্পোর্টস। ইউটিউব

অনুশীলন শুরু ইস্টবেঙ্গলের

আজকালের প্রতিবেদন

আইএসএল অভিযান শুরুর আগে হাতে মাত্র কয়েকদিন বাকি। বৃহস্পতিবার সন্ধ্যাবেলা রাজারহাটের মাঠে চার্চিল ব্রাদার্স ম্যাচের প্রস্তুতি শুরু করে দিলেন ইস্টবেঙ্গল কোচ আন্তোনিও লোপেজ হাবাস। বৃহস্পতিবার দুপুরের মধ্যে ফুটবলারদের অ্যাকাউন্টে ঢুকে গেছে বেতন। তাই অসন্তোষ ঝেড়ে ফেলে জয় দিয়েই আইএসএল অভিযান শুরু করতে দৃঢ়প্রতিজ্ঞ ফুটবলাররাও।

এসিএল টু–র ম্যাচের প্রথমার্ধে দুরন্ত ফুটবল খেলেও শেষ পর্যন্ত জয় আসেনি। গোল নষ্টের খেসারত দিতে হয়েছে। তবে দলের দুই অ্যাটাকার লুকাস জোলিনস্কি এবং আর্নে আকে লোবার চার্চিলের বিরুদ্ধেও প্রথম একাদশে শুরু করার সম্ভাবনা কম। হাবাসের ভরসা সেই ডেভিড। তবে উইংয়ে ঝাঁঝ বাড়াতে প্রথম থেকে খেলতে পারেন বিপিন সিং। আল শোর্তার বিরুদ্ধে ম্যাচে রক্ষণের ফাঁক–ফোকর ধরা পড়লেও বেশ ভাল ফুটবল উপহার দেন লালচুংনুঙ্গা। তাই চার্চিলের বিরুদ্ধে প্রথম একাদশে সুযোগ পেতে পারেন তিনি। সেক্ষেত্রে বাদ পড়বেন হার্দিক ভাট। অনুশীলন শেষে মাঠ ছাড়ার আগে ইস্টবেঙ্গল কোচ জানিয়ে গেছেন, তিনি যথেষ্ট সমীহ করছেন চার্চিলকে। একে অ্যাওয়ে ম্যাচ, তার উপর ভাল শুরু করেছে গোয়ার এই ক্লাবটি। তাই গতবারের চ্যাম্পিয়নদের জয় দিয়ে অভিযান শুরু করতে হলে সতর্ক হয়েই নামতে হবে।

সব জবাব মাঠেই দিতে চাই: হেন্ডারসন

আজকালের প্রতিবেদন

ইওরোপীয় ফুটবলে দলবদলের বাজারে অন্যতম বড় চমক দিয়ে চেলসির নীল জার্সিতে নাম লিখিয়েছেন অভিজ্ঞ ইংলিশ মিডফিল্ডার জর্ডন হেন্ডারসন। কেরিয়ারের নতুন অধ্যায়, প্রিমিয়ার লিগের চ্যালেঞ্জ নিয়ে জিওহটস্টার মারফত ‘আজকাল’কে সাক্ষাৎকার দিলেন ইংল্যান্ডের হয়ে চারটি বিশ্বকাপ খেলা ফুটবলার। ১৭ অক্টোবর বিকেল ৫টায় জিওহটস্টার এবং স্টার স্পোর্টস নেটওয়ার্কে চেলসি বনাম এভার্টনের ম্যাচেই নতুন অধ্যায় শুরু করবেন হেন্ডারসন।

■ **ঐতিহ্যবাহী ক্লাব চেলসিতে যোগ দেওয়ার নেপথ্যে ঠিক কী ভাবনা ছিল?**

হেন্ডারসন: চেলসির মতো বিশাল ক্লাবের ইতিহাস, ঐতিহ্য এবং ফ্যানবেস যে কোনও ফুটবলারকেই আকর্ষণ করবে। তবে, এই সিদ্ধান্তের পেছনে সবচেয়ে বড় ভূমিকা পালন করেছেন কোচ জাবি আলোন্সো। এছাড়া ট্রফি জয়ের সম্ভাবনা এবং স্কোয়াডের মানের কথা ভেবে সিদ্ধান্ত নেওয়াটা আমার জন্য খুব সহজ ছিল।

■ **কোচ আলোন্সোর দৃষ্টিভঙ্গি কি স্ট্যামফোর্ড ব্রিজে আপনার আসার সিদ্ধান্তকে প্রভাবিত করেছে?**

হেন্ডারসন: আলোন্সোর সঙ্গে প্রাথমিক আলোচনাই আমাকে সিদ্ধান্ত নিতে সাহায্য করেছে। খেলোয়াড় এবং ম্যানেজার—উভয় রূপেই ওঁর প্রতি গভীর শ্রদ্ধা রয়েছে। জাবির মতো ব্যক্তিত্বের কাছ থেকে প্রতিদিন শেখার সুযোগ পাওয়া আমার জন্য অত্যন্ত সম্মানের।

■ **কেরিয়ারের দীর্ঘ পথচলায় নিজের ফর্ম, ফিটনেস ও জয়ের খিদে বজায় রাখার রহস্য কী?**

হেন্ডারসন: ছোটবেলা থেকেই আমার জীবন ফুটবলের চারপাশে আবর্তিত। এর পিছনে অনেক পরিশ্রম ও ত্যাগ জড়িয়ে। তবে, আমার মধ্যে শেখার, উন্নতি করার এবং ট্রফি জেতার খিদে প্রথম দিনের মতোই রয়েছে। চেলসিকে সাফল্য দিতে নিজের সর্বস্ব উজাড় করে দিতে চাই।

■ **আধুনিক ফুটবলে ড্রেসিংরুমের লিডারশিপ বদলে গিয়েছে। একজন বর্ষীয়ান ফুটবলার হিসেবে তরুণ ফুটবলারদের কীভাবে পরামর্শ দেবেন?**

হেন্ডারসন: কেরিয়ারের নানা চড়াই–উতরাই পেরিয়ে আসার ফলে তরুণদের পরিস্থিতি ও মানসিকতা সহজেই বুঝতে পারি। ড্রেসিংরুমে কেবল পরামর্শ দেওয়া নয়, সঠিক সময়ে বন্ধুর মতো কথা বলা এবং ইতিবাচক পরিবেশ তৈরি করা জরুরি। মাঠের ভেতরে ও বাইরে নিজের অভিজ্ঞতা দিয়ে তরুণদের সাহায্য করতে আমি প্রস্তুত।

■ **কেরিয়ারের শেষদিকে পৌঁছে চেলসিতে যোগ দেওয়া নিয়ে অনেক কথা উঠেছে। সমর্থকদের উদ্দেশে আপনার বার্তা কী?**

হেন্ডারসন: কেরিয়ারের এই পর্যায়ে এসে আমাকে কেন্দ্র করে আলোচনা হওয়াটাই স্বাভাবিক। তবে মাঠে পারফরমেন্স দিয়েই জবাব দিতে চাই। আশা করি সমর্থকদের সঙ্গে দুর্দান্ত কয়েকটা বছর কাটবে।

খেলার খুচরো

» ড্র করল বাংলা

কর্নেল সিকে নাইডু ট্রফিতে বাংলা–মুম্বই ম্যাচ ড্র হয়েছে। মুম্বই প্রথম ইনিংসে করে ৫৬৫/৭ (ডিক্লেঃ)। অঙ্গকৃশ রঘুবংশী ২০১, অভিজ্ঞান কুণ্ডু অপরাজিত ১৩৪। জবাবে বাংলা শেষ ৩৪২ রানে। শশাঙ্ক সিং অপরাজিত ১৭৫। ফলোঅন করে বাংলা দ্বিতীয় ইনিংসে ৫০/১। শুভম সিং অপরাজিত ৩৬।

» শ্রীকান্তের বিদায়

ডেনমার্ক ওপেন ব্যাডমিন্টনের প্রি কোয়ার্টারে কিদাম্বি শ্রীকান্ত ২১–১১, ১৫–২১, ১৫–২১ গেমে ফ্রান্সের অ্যালেক্স ল্যানিয়েরের কাছে হারলেন। মেয়েদের ডাবলসে কোয়ার্টারে উঠেছে ভারতীয় জুটি গায়ত্রী গোপীচাঁদ–তৃষা জলি। পিভি সিন্ধু এবং লক্ষ্য সেন আগেই বিদায় নিয়েছেন।

তোমাকে অভিবাদন

মেজর লিগ সকারে নিউ ইয়র্ক সিটিকে ২–০ হারাল ইন্টার মায়ামি। লিওনেল মেসি গোল না পেলেও রড্রিগো ডিপলকে দিয়ে একটি গোল করিয়েছেন। তার আগে ২০ মিনিটে ম্যাচের প্রথম গোল জার্মান বার্তেরেমের। ম্যাচের পর মেসি। ছবি: এএফপি

৪ ম্যাচ নির্বাসিত ভিনি

আজকালের প্রতিবেদন: লা লিগার ম্যাচে ভিয়ারিয়েল ডিফেন্ডার নাথান সালিবার চুল টানার ঘটনায় বড় শাস্তি হল ভিনিসিয়াস জুনিয়রের। রিয়েল মাদ্রিদের এই ফুটবলারকে ৪ ম্যাচ নির্বাসিত করেছে স্প্যানিশ ফুটবল ফেডারেশনের শৃঙ্খলারক্ষা কমিটি। সেদিন চুল টানার পরই রেফারি ভিনিকে লাল কার্ড দেখান। ফলে এমনিই একটি ম্যাচ তাঁকে বাইরে থাকতে হত। তবে একই ঘটনার দায়ে আরও এক ম্যাচ সাসপেন্ড করা হয়েছে এই ব্রাজিলীয় ফুটবলারকে। এছাড়াও, লাল কার্ড দেখে রেফারির দিকে তেড়ে গিয়ে অশালীন আচরণের জন্য আরও দুটি ম্যাচ, অর্থাৎ মোট চারটি ম্যাচের জন্য তাঁকে নির্বাসনে পাঠানো হচ্ছে। রিয়েল এই রায়ের বিরুদ্ধে অ্যাপিল করবে। তবে একই শাস্তি বহাল থাকলে ভিনিসিয়াস সেভিয়ার বিরুদ্ধে হোম ম্যাচ এবং বার্সিলোনা, রেসিং স্যান্টান্ডার ও ভ্যালেন্সিয়ার বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচ খেলতে পারবেন না। তবে এই শাস্তি নিয়ে মুখ খুলেছেন ভিনি। রেফারির বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়েছেন। এই শাস্তি যে তাঁর অতিরিক্ত কড়া মনে হয়েছে সে কথা জানিয়ে ভিনিসিয়াস বলেছেন, ‘আর কোনও ফুটবলার চার ম্যাচ নির্বাসিত হয়েছে কি না আমার জানা নেই। তাই লাল কার্ড দেখে অবাক হয়েছিলাম। আমি বিপক্ষের ফুটবলারকে সরানোর চেষ্টা করেছিলাম। এমনকী, রেফারিকেও অপমান করিনি।’ তাঁকে সম্ভবত রেফারিরা টার্গেট করছেন বলেও অভিযোগ ভিনির।

নাটকীয় জয় রিয়েলের

আজকালের প্রতিবেদন

সাত মিনিট। গুনে গুনে ঠিক সাত মিনিটের স্পেলে ম্যাচের ভবিষ্যৎ বদলে দিল রিয়েল মাদ্রিদ। চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের দ্বিতীয় ম্যাচে রোমাকে ৪–৩ হারাল হোসে মোরিনহোর দল। অথচ, খেলার ৮২ মিনিট পর্যন্ত ১–৩ ব্যবধানে পিছিয়ে ছিল রিয়েল। তারপরের কয়েক মিনিটের মধ্যে এমন নাটকীয় জয় সত্যিই স্মরণীয় হয়ে থাকবে।

বছর কয়েক আগে এই রোমাকে উয়েফা ইওরোপা লিগ এবং উয়েফা কনফারেন্স লিগে চ্যাম্পিয়ন করেছিলেন মোরিনহো। তাই বুধবার রাতে বিপক্ষের কোচ হিসেবে মাঠে নামার পরও তাঁকে রোমা সমর্থকরা অভিবাদন জানান। এদিন ২০ মিনিটে প্রথম গোল করে রোমা। মিনিট পাঁচেকের মধ্যেই অবশ্য কিলিয়ান এমবাপে গোল শোধ করে দেন। বিরতির পর ডনইয়েল মালেন ৫১ ও ৫৭ মিনিটে জোড়া গোল করে রোমাকে ৩–১ এগিয়ে দেন। একটা সময় যখন মনে হচ্ছিল রিয়েল হেরেই যাবে, ঠিক সেইসময় খেলা ঘুরে গেল। ৮৩ ও ৮৫ মিনিটে মাদ্রিদের দুই পরিবর্ত ফুটবলার কার্লোস এস্পি এবং এন্ড্রিক গোল করে ম্যাচ জমিয়ে দেন। আর ৯০ মিনিটে নাটকীয় জয়সূচক গোলটি করেন ডিফেন্ডার আন্তোনিও রুডিগার।

অন্যদিকে, ঘরের মাঠে প্যারিস সাঁ জাঁ–র কাছে ২–৪ ব্যবধানে হেরে গেল ম্যাঞ্চেস্টার সিটি। আর্লিং হালান্ড জোড়া গোল করলেও তা যথেষ্ট ছিল না। পিএসজি–র হয়ে চারটি গোল করেছেন ডেজিরে ডুয়ে, ওসমান ডেম্বেলে, ভিটিনহা এবং ম্যাগনেস আকলিওস। আরেকটি ম্যাচে, অস্ট্রিয়ান ক্লাব এলএএসকে–র বিরুদ্ধে ৬–৩ ফলে জয়ী লিভারপুল। প্রিমিয়ার লিগের দলটির হয়ে হ্যাটট্রিক করেন ব্র্যাডলি বার্কোলা। বাকি তিনটি গোল রোনাল্ড আরাউহো, জেরেমি ফ্রিমপং এবং লেউইস কৌমাসের।

রিয়েলের হয়ে জয়সূচক গোলের পর তৃপ্ত আন্তোনিও রুডিগার। ছবি: এক্স

দিল্লিতে প্রাক্তন ব্রাজিলিয়ান কিংবদন্তি ফুটবলার রোনাল্ডো। কেন্দ্রীয় যুব ও ক্রীড়া রাষ্ট্রমন্ত্রী রক্ষা খাড়সের সঙ্গে দেখা করেন তিনি। নিজের সই করা ব্রাজিলের জার্সিও মন্ত্রীর হাতে তুলে দিয়েছেন রোনাল্ডো।

S24 PAGS	118
N24 PAGS	118
RANAGHAT	118
ARAMBAGH	118
BURDWAN	118
BOLPUR	117
MIDNAPUR	117
BANKURA	117
SILIGURI	124
MALDA / BALURGHAT	128
FALAKATA	132
ALIPURDUAR	133

CONTACT-80160 91101

গুসকরার চোংদার বাড়ির দুর্গাপুজো: সাড়ে চারশো বছরের ঐতিহ্যে আজও অটুট প্রাচীন রীতি

লেখক: কবি অরিজিৎ বাগচী

পূর্ব বর্ধমানের গুসকরার চোংদার বাড়ির দুর্গাপুজো বাংলার বনেদি বাড়ির পুজোগুলির মধ্যে একটি উল্লেখযোগ্য ঐতিহ্য। পরিবারের বর্তমান সদস্যদের মতে, এই পুজোর ইতিহাস প্রায় সাড়ে চারশো বছরের পুরনো। পরিবারের পূর্বপুরুষ চতুর্ভুজ চোংদারের হাত ধরেই এই পুজোর সূচনা হয়েছিল বলে জানা যায়।

সময়ের সঙ্গে বাড়ির জৌলুস ও আয়োজনের অনেক পরিবর্তন ঘটেছে। কিন্তু পুজোর মূল রীতিনীতির বহু অংশ এখনও যথাসম্ভব ধরে রেখেছেন পরিবারের সদস্যরা।

এই পুজোর অন্যতম বিশেষ বৈশিষ্ট্য বিজয়া দশমীর আচার। পারিবারিক ইতিহাস অনুযায়ী, একবার দুর্গাপুজো চলাকালীন চতুর্ভুজ চোংদার অসুস্থ হয়ে পড়েন এবং পুজো শেষ হওয়ার পর দশমীর দিন ঠাকুরদালানেই তাঁর মৃত্যু হয়। তাঁর মৃত্যুসংবাদ পেয়ে তাঁর স্ত্রী বিদ্যাধরী দেবী সেখানে এসে মৃত্যুবরণ করেন। তাঁদের দুজনের শ্রাদ্ধানুষ্ঠান ঠাকুরদালানেই সম্পন্ন হয়েছিল। সেই ঘটনার স্মৃতিতে আজও দশমীর পুজো শেষ হওয়ার পর চোংদার বাড়িতে তাঁদের শ্রাদ্ধানুষ্ঠান পালনের রীতি রয়েছে। ঘট বিসর্জনের ক্ষেত্রেও এই বাড়ির রীতি প্রচলিত প্রথা থেকে আলাদা। দশমীর দিন নবপত্রিকা বিসর্জন হলেও পুজোর ঘট বিসর্জন দেওয়া হয় না। আহ্বান মন্ত্রের মাধ্যমে ঘটকে পরিবারের কুলদেবতা ভৈরবনাথের মন্দিরে পুনঃপ্রতিষ্ঠা করা হয়। পরের বছর ষষ্ঠীর সময় সেই ঘটে পবিত্র জল ভরে সপ্তমীতে তা আবার দুর্গাদালানে ফিরিয়ে আনা হয়। এই ঘট-আহ্বানের রীতি দীর্ঘদিন ধরে চলে আসছে।

চোংদার বাড়ির প্রতিমাতেও রয়েছে কিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য। এখানে দুর্গার বাহন প্রচলিত সিংহ নয়, ঘোড়া। লক্ষ্মী ও দুর্গার মাথায় মুকুট থাকলেও সরস্বতীর মাথায় মুকুট থাকে না। সরস্বতীর প্রতিমার রংও নীলাভ। পরিবারের বক্তব্য অনুযায়ী, শাক্ত ও তান্ত্রিক রীতির সঙ্গে সম্পর্কিত এই বিশেষ রূপকে এখানে নীল সরস্বতী হিসেবে আরাধনা করা হয়। এই পুজো শাক্ত মতে সম্পন্ন হয় এবং কালিকাপুরাণ অনুসৃত আচার পালনের কথাও উল্লেখ রয়েছে। অষ্টমীর পুজোর পর কুমারী পুজোর রীতি রয়েছে। এখানকার আর একটি বিশেষ প্রথা হল— কুমারী হিসেবে কোনও নির্দিষ্ট মেয়েকে আগে থেকে নির্বাচন করা হয় না; ঠাকুরদালানে উপস্থিতদের মধ্য থেকেই একটি কন্যাকে বেছে নেওয়া হয়।

পুজোর সঙ্গে যুক্ত রয়েছে আরও কিছু পুরনো স্মৃতি। একসময় সন্ধিপুজোর সূচনায় কামান দাগার রীতি ছিল, পরে তা বন্দুকের ফাঁকা গুলির মাধ্যমে পালিত হত। সাম্প্রতিক বছরগুলিতে সেই রীতিও বন্ধ হয়েছে। পুজোর দিনগুলিতে বিপুল পরিমাণ ভোগ নিবেদন করার ঐতিহ্যও রয়েছে— প্রতিদিন দেবীকে ৫১টি থালায় ভোগ দেওয়ার কথা পারিবারিক সূত্রে প্রকাশিত হয়েছে।

এই বাড়ির ইতিহাস কেবল দুর্গাপুজোর মধ্যেই সীমাবদ্ধ নয়। অতীতে এখানে সাংস্কৃতিক অনুষ্ঠান ও যাত্রার আসর বসত। বহু বিশিষ্ট ব্যক্তিত্বের পদচিহ্ন বহন করে চলেছে এই প্রাচীন পারিবারিক প্রাসাদ। রবীন্দ্রনাথ ঠাকুর, দেবেন্দ্রনাথ ঠাকুর-সহ আরও বহু বিশিষ্ট ব্যক্তি এই ঐতিহাসিক বাড়িতে এসেছিলেন বলে পারিবারিক ইতিহাসে উল্লেখ রয়েছে।

আজকের থিমনির্ভর, আলোকসজ্জায় ভরা দুর্গোৎসবের বাইরে গুসকরার চোংদার বাড়ির পুজো এক অন্যরকম অভিজ্ঞতা। এখানে মূল আকর্ষণ বাহ্যিক আড়ম্বর নয়— প্রজন্মের পর প্রজন্ম ধরে চলে আসা আচার, পারিবারিক স্মৃতি এবং একটি প্রাচীন বনেদি বাড়ির নিজস্ব পুজো-পরম্পরা।

সাড়ে চারশো বছরেরও বেশি সময় পেরিয়ে আজও সেই পরম্পরার ধারাবাহিকতা ধরে রেখেছে গুসকরার চোংদার বাড়ি।

প্রকাশিত হতে চলেছে সাহিত্য, সংস্কৃতি, বিনোদনমূলক পত্রিকা রেওয়া।
সম্পাদকঃ নির্মাল্য বিশ্বাস, সভাপতিঃ অরুণিমা চ্যাটার্জী
মুখ্য উপদেষ্টাঃ শ্রী সদ্যোজাত।
মার্কেটিং হেডঃ রবি সাহা - ৯৮৩০৩৮৯৩৪২
থাকছে গল্প, অণুগল্প, কবিতা, প্রবন্ধ, ভ্রমণ, ধর্ম, রান্না।
কলমেঃ অজিতেশ নাগ, চুমকি চট্টোপাধ্যায়, জয়তী রায়, তুষারকান্তি রায়, ডঃ কৌশিক রায়চৌধুরী, সমুদ্র বসু, রাখী নাথ কর্মকার, দেবনারায়ণ দাস, শোভনলাল আধারকার, অরিজিৎ ঘোষ, সুপ্তা আঢ্য, সুমন্ত ব্যানার্জী।